উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ

শিলিগুড়ি ১ ফাল্গুন ১৪৩০ বুধবার ৪.০০ টাকা 14 February 2024 Wednesday 12 Pages Rs. 4.00 ইন্টারনেট সংস্করণ http://www.uttarbangasambad.in



হিংসায় উসকানি নয়, বার্তা নুসরতের

›› সাতের পাতায়



সংসদ কমিটি থেকে ইস্তফা মিমির

›› সাতের পাতায়



### খেলতে পারেন জাড্ডু

দুই পেসার, তিন স্পিনার। নাকি অন্য কোনও কম্বিনেশন। রাজকোট টেস্টে ভারতের লাইনআপ নিয়ে জল্পনা তুঙ্গে। সরফরাজ খান ও ধ্রুব জুরেলের অভিষেক প্রায় নিশ্চিত। জাড্ডু অবশ্য খেলার জন্য ফিট।

›› বিস্তারিত এগারোর পাতায়



### রাস্তা সাফ নওয়াজের

পিএমএল নেতা নওয়াজ শরিফের প্রধানমন্ত্রী হওয়ার সম্ভাবনা ক্রমেই উজ্জ্বল হচ্ছে। সরকার গড়তে তাঁর সঙ্গী পিপিপি নেতা বিলাওয়াল ভুট্টোর কথাতেও সেই আভাস মিলেছে। তবে ইমরানের ক্ষমতায় আসার সম্ভাবনা কার্যত নেই।

›› বিস্তারিত আটের পাতায়




# উত্তরের নাটকে মোদির ‘সোনার পাখি’

**রামসিংহাসন মাহাতো**

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** উত্তরবঙ্গের নাট্য মহলে ‘কড়ির দান’ নিয়ে দড়ি টানাটানি শুরু হয়েছে। কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল স্কুল অফ ড্রামা থেকে একটি পাণ্ডুলিপি পাঠিয়ে তা নাট্যদলগুলিকে অভিনয় করার একটা প্রস্তাব দেওয়া হয়েছে। উত্তরবঙ্গের কোচবিহার থেকে মালদা-বালুরঘাট পর্যন্ত বেশ কয়েকটি দলই এই প্রস্তাব পেয়েছে। এই অনুষ্ঠানের খরচ যেমন বহন করবে কেন্দ্র তেমনি বার্ষিক অনুদানের ক্ষেত্রেও দলগুলিকে সাহায্যের প্রতিশ্রুতি রয়েছে।

অন্যদিকে রাজ্যের মন্ত্রী তথা নাট্যকার ব্রাত্য বসু কেন্দ্রের এই নির্দেশিকাকে লোকসভা ভোটের আগে রাজনৈতিক প্রচারের কৌশল হিসেবেই দেখছেন। তাঁর মতে, এ রাজ্যের থিয়েটারের দলগুলি যেহেতু বামপন্থী এবং ধর্মনিরপেক্ষ তাই আশা করা যায় এই নির্লজ্জ প্রস্তাব সকলে প্রত্যাখ্যান করবেন। মন্ত্রী এমন আশা করতেই পারেন। কিন্তু বাস্তবের মাটিতে দাঁড়িয়ে উত্তরবঙ্গের জেলা শহরগুলিতে যে গ্রুপ থিয়েটার অর্থনৈতিক সংগতি ছাড়া নাটকের লড়াই চালিয়ে যাচ্ছে তাদের কড়ি জোগাবে কে? এ নিয়ে কথা হচ্ছিল কোচবিহারের অনুভব নাট্য সংস্থার পরিচালক ডঃ অশোক ব্রহ্মের সঙ্গে। তাঁর কথায়, ‘বিষয়টিকে আমি রাজনীতি হিসেবে দেখছি না। দেশের ঐতিহ্য এবং পরম্পরার কথা বলা রাজনীতি নয়। আমি স্ক্রিপ্ট নিয়ে কাজ শুরু করেছি, অন্যভাবে না দেখে একে আমি নাটক হিসেবেই দেখছি। নাটকের নান্দনিকতার স্বার্থে কিছুটা বদলেও নিয়েছি।’ শুধু অনুভব নয় কোচবিহারের কম্পাস, অনাসৃষ্টি এবং ছায়ানীড় নাট্যগোষ্ঠীও এই প্রকল্পে যুক্ত হয়ে কাজ শুরু করেছে। ছায়ানীড় ২১ ফেব্রুয়ারি টাকাগাছ বিবেকানন্দ ক্লাবে, অনুভব




নাট্য সংস্থা রবীন্দ্রনগরে এই নাটক মঞ্চস্থ করবে।

অন্য জেলাগুলিতে যারা এই প্রস্তাব পেয়েছে তাদের মধ্যে আছে বালুরঘাটের নাট্যকর্মী, জলপাইগুড়ির দর্পণ, কালিয়াগঞ্জের যাত্রিক, গাজোলের বিষাণ এবং মালদার মালদা মালঞ্চ। মালদা মালঞ্চ অবশ্য প্রকল্পটি নিয়ে এখনও দ্বন্দ্বে আছে। কী করবে বুঝে উঠতে পারছে না। দলের সম্পাদক জয়রাজ ত্রিবেদী জানালেন, পরিচালক পরিমল ত্রিবেদীকে দায়িত্ব দেওয়া আছে, তিনি এ ব্যাপারে সিদ্ধান্ত নেবেন। শিলিগুড়িতে উত্তাল ছাড়াও এই প্রকল্পে রয়েছে ঋত্বিক নাট্য সংস্থা। ঋত্বিকের এই প্রকল্পের পরিচালক তথা ‘গুরু’ কুশল বসু জানালেন, নাটক নাটকের জায়গায় থাকুক আর রাজনীতি রাজনীতির জায়গায়। আমরা এর আগে নাট্য অ্যাকাডেমির সাহায্য ও সহযোগিতায় যেমন নাটক করেছি, তেমনি ন্যাশনাল স্কুল অফ ড্রামার সহযোগিতাতেও নাটক-অভিনয় করে চলেছি। এতে কোনও রাজনীতি নেই। ওই পাণ্ডুলিপিতে কী আছে তা জানতে চাইলে কুশল বলেন, ‘বিকশিত ভারতের কথা আছে, অখণ্ডতার কথা আছে, বসুধৈব কুটুম্বকমের কথা আছে। আর এগুলো একটিও রাজনৈতিক কথা নয়।’ আলিপুরদুয়ারের সংঘশ্রী যুব নাট্য সংস্থার পরিতোষ সাহা বললেন, ‘কেন্দ্রের প্রস্তাব পেয়েছি। ভাবছি করব কি না। তবে নাটক না করলে অনুদান মিলবে না, তেমন কিছু নেই।’ দিনহাটার থার্ড আই-এর সম্পাদক অনির্বাণ নাগ এবং পাইওনিয়ার ক্লাবের পরিচালক উৎপল রায় অবশ্য এই ধরনের কোনও প্রকল্পের কথা জানেন না।

সত্যিই তাই, রাম এবং লক্ষ্মণ বিপদে পড়লেও রামায়ণের সোনার হরিণ যদি রাজনীতি না হয়, সোনার পাখিকে ফিরিয়ে আনার এই পাণ্ডুলিপিও তাহলে রাজনৈতিক নয়, এমন অনেকে মনে করতেই পারেন। দুর্মুখরা যতই বলুন ভোটপাখির কথা, কেন্দ্রের পাঠানো ‘লে আয়ে ওয়াপস সোনে কি চিড়িয়া’ এখন উত্তরবঙ্গের আকাশে উড়ে বেড়াচ্ছে।

# ক্রয়কেন্দ্রে বিক্রি বিহারের ধান

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** চাষিরা যাতে সরাসরি ধান বিক্রি করে উপযুক্ত মূল্য পায়, সেজন্য সরকারি সহায়কমূল্যে ধান কেনার ব্যবস্থা করেছে রাজ্য সরকার। অথচ অভিযোগ, শিলিগুড়ি মহকুমায় চাষিদের থেকে সরাসরি ধান কেনা প্রকল্পের রাশ ফড়েদের হাতে। ভুয়ো চাষির নাম নথিভুক্ত করে বিহার থেকে ধান এনে বেশি দামে বিক্রি করছে তারা।

এখানে ধান বিক্রি করে কুইন্টাল প্রতি ৬০০-৬৫০ টাকা মুনাফা করছে ফড়েরা। এমনকি মহকুমায় ধানের যে উৎপাদন দেখানো হয় তার ৯০ শতাংশই বিহার থেকে আসে। অথচ ধানের হিসাব ধরেই মহকুমায় একের পর এক রাইস মিল তৈরির ছাড়পত্র দিয়েছে রাজ্য সরকার। বাস্তবে এই রাইস মিলগুলি কোনওদিনই চালু হয় না বলেও অভিযোগ রয়েছে।

শিলিগুড়ির মহকুমা খাদ্য নিয়ামক তারিক আনোয়ার চৌধুরী অবশ্য বলেছেন, ‘আমরা চাষিদের থেকেই সরাসরি ধান কিনছি।’ তাঁর আবার পালটা প্রশ্ন, ‘এলাকায় ধানের উৎপাদন না হলে সিপিসিতে বিক্রির জন্য কীভাবে আসছে? রাইস মিলগুলিও ভালোভাবেই কাজ করছে।’

শিলিগুড়ি মহকুমার চারটি ব্লকেই প্রতি বছরের মতো এবারও

**‘কালো’ ধান**

- বিহারের ঠাকুরগঞ্জ, পুঠিয়া সহ অন্য জায়গা থেকে ধান কিনছে
- সেই ধান এখানকার সিপিসিতে বিক্রি করছে
- কুইন্টাল প্রতি ১৫০০-১৬০০ টাকা দরে ধান কিনছে
- সিপিসিতে ২২০৩ টাকা কুইন্টাল দরে বিক্রি করছে

খাদ্য দপ্তরের অধীনে সিপিসি খুলে ধান কেনার প্রক্রিয়া চলছে। কিন্তু শিলিগুড়ি মহকুমায় তো এত ধান উৎপাদন হয় না, তাহলে সিপিসিতে রোজ ধান আসছে কোথা থেকে? সূত্রের খবর, এখানেই কাজ করছে বড় চক্র। যে চক্রটি বিহারে ঠাকুরগঞ্জ, পুঠিয়া, আরারিয়া সহ অন্যান্য জায়গা থেকে ধান কিনে গাড়ি ভর্তি করে চেকরমারি সীমানা দিয়ে এই জেলায় ঢুকছে। সেই ধান এখানকার সিপিসিতে বিক্রি করে মোটা মুনাফা আদায় করছে ফড়েরা। বিহারে এই চক্রটি গ্রামে গ্রামে কৃষকদের কাছে গিয়ে কুইন্টাল প্রতি ১৫০০-১৬০০ টাকা দরে ধান কিনছে। সেই ধান সিপিসিতে ২২০৩ টাকা কুইন্টাল হিসাবে বিক্রি করা হচ্ছে। অর্থাৎ এক কুইন্টাল ধান বিক্রি করে পরিবহণ খরচ বাদেও ৬০০ টাকার উপরে লাভ।

সরকারি নিয়ম মেনে আবেদনপত্র পূরণের পরেও বিহারের ধান এখানে বিক্রি হচ্ছে কীভাবে? জানা গিয়েছে, ভুয়ো কৃষক এবং ভাগচাষি তৈরি করে এই চক্র কাজ করছে। যে কৃষকের জমিতে বছরে ৫ কুইন্টাল ধান উৎপাদন হয়, তাঁর নথিপত্রে ১০০ কুইন্টাল পর্যন্ত দেখানো হচ্ছে। আবার যে কৃষকের হয়তো ধানিজমিই নেই, সেই কৃষকের আধার কার্ড, জমির খতিয়ান, মোবাইল নম্বর নিয়ে ফড়েরা নিজের মতো করে অ্যাকাউন্ট বানিয়ে নিচ্ছে। বিহার থেকে ধান এনে সেই কৃষকের নামেই লেনদেন করা হচ্ছে।

# সন্দেশখালি ইস্যুতে বিক্ষোভে উত্তাল রাজ্য

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** সন্দেশখালি কাণ্ডে বাংলাজুড়ে বিরোধীদের বিক্ষোভ আন্দোলন অব্যাহত। মঙ্গলবার উত্তর ২৪ পরগনার বসিরহাটে বিজেপি ও মুর্শিদাবাদের বহরমপুরে সিপিএম ব্যাপক বিক্ষোভ দেখায়। অপরদিকে সন্দেশখালি নিয়ে রিপোর্ট জমা দিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস এদিনই দিল্লি গিয়েছেন।

অন্যদিকে, সন্দেশখালি কাণ্ডে সোমবার জামিন পাওয়া তৃণমূল নেতা উত্তম সরদার ও বিজেপি নেতা বিকাশ সিংহকে পুলিশ ফের গ্রেপ্তার করেছে। মঙ্গলবার দুজনকেই আদালতে তোলা হলে বিচারক তাঁদের চারদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দিয়েছেন। এদিন মন্ত্রী পার্থ ভৌমিকের নেতৃত্বে তৃণমূলের এক প্রতিনিধিদল সন্দেশখালি ১ নম্বর ব্লকের কালীনগরে যায়। ১৮ ফেব্রুয়ারি তৃণমূল সন্দেশখালিতে জনসভা করবে বলে সেখান থেকে ঘোষণা করা হয়। এছাড়া জাতীয় তপশিলি কমিশনের সদস্যরা ১৫ ফেব্রুয়ারি সন্দেশখালি যাচ্ছেন। এরই মধ্যে কলকাতা হাইকোর্ট সোমবার সন্দেশখালিতে ১৪৪ ধারা বাতিল করেছে। এলাকায় ইন্টারনেট পরিষেবাও ফিরেছে।

**ধুন্ধুমার**

- সোমবার জামিন পাওয়া তৃণমূল ও বিজেপির দুই নেতা ফের গ্রেপ্তার
- মন্ত্রী পার্থ ভৌমিকের নেতৃত্বে সন্দেশখালিতে তৃণমূলের প্রতিনিধিরা
- বসিরহাটের এসপি অফিসে বিজেপির অভিযান ঘিরে ধুন্ধুমার
- বহরমপুরে বামেদের বিক্ষোভে পুলিশের লাঠি

এদিন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের ডাকে বসিরহাটের পুলিশ সুপারের অফিস অভিযান ঘিরে ধুন্ধুমার কাণ্ড ঘটে। বেশ কয়েকটি ব্যারিকেড ভাঙার পর তাঁরা পুলিশ সুপারের অফিসের সামনে যান। পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের ধস্তাধস্তি হয়। পুলিশ বেশ কয়েকজন বিজেপি কর্মীকে গ্রেপ্তার করে। প্রতিবাদে সুকান্ত সহ বিজেপির অন্যান্য নেতা রাস্তায় বসে পড়েন। সুকান্ত বলেন, ‘যতক্ষণ পর্যন্ত পুলিশ দলীয় কর্মীদের ছাড়বে না, ততক্ষণ পর্যন্ত অবস্থান বিক্ষোভ চলবে।’

অপরদিকে, সিপিএম বহরমপুরে টেক্সটাইল কলেজের সামনে রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখায়। পুলিশ বিক্ষোভকারীদের সরাতে লাঠিচার্জ করে। সিপিএম কর্মী-সমর্থকরা পুলিশকে লক্ষ্য করে ইট ছুড়তে থাকেন। পুলিশ কাঁদানে গ্যাস ছোড়ে ও বেধড়ক লাঠিচার্জ করে। গোটা এলাকা রীতিমতো রণক্ষেত্রের চেহারা নেয়। বাম নেতা-কর্মীরা মেদিনীপুর, বারুইপুর, আসানসোল, বাঁকুড়া, দুর্গাপুরেও বিক্ষোভ দেখান।



বিদ্যাং দেহি নমস্তুতে।। *প্রতিমা বিক্রির ফাঁকেই বইয়ের পাতায় মগ্ন। মঙ্গলবার ময়নাগুড়িতে। ছবি : অর্ঘ্য বিশ্বাস*

# কৃষকদের রুখতে কাঁদানে গ্যাস

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি :** তিন বছর বাদে ফের কৃষকদের ওপর নির্বিচারে বলপ্রয়োগ।

ফসলের ন্যূনতম সহায়কমূল্য বা এমএসপির আইনি গ্যারান্টি, স্বামীনাথন কমিশন কার্যকর করা, কৃষিঋণ মকুব করা সহ একাধিক দাবিতে পঞ্জাব, হরিয়ানা, উত্তরপ্রদেশের শ-দুয়েক কৃষক সংগঠন দিল্লি চলোর ডাক দিয়েছে। কিন্তু পঞ্জাব-হরিয়ানার শাম্ভু সীমানায় কৃষকরা মঙ্গলবার ঢুকতেই তাঁদের রুখতে হরিয়ানা পুলিশ কাঁদানে গ্যাসের শেল ফাটাল। ড্রোন থেকে কাঁদানে গ্যাসের শেলও ছোড়া হয়। জলকামানও ব্যবহার করা হয়। বেশ কিছু কৃষককে আটকানোও হয়েছে। কৃষকরাও পালটা প্রতিরোধ গড়ে তোলেন। তাঁরা পাথর ছুড়ে, সেতুতে ভাঙচুর চালিয়ে, পুলিশের ব্যারিকেড ছুড়ে ফেলে দিল্লির দিকে এগিয়ে যাওয়ার চেষ্টা করেন। কিন্তু হরিয়ানা পুলিশ কৃষকদের মিছিল আটকে দেয়। দিল্লি-হরিয়ানা সীমানায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। আগামী ৩০ দিন পুলিশ দিল্লির সীমানায় কড়াকড়ি জারি রাখার নির্দেশ দিয়েছে। কৃষকরা এদিনের মতো তাঁদের কর্মসূচি স্থগিত করে দেন। বুধবার থেকে তাঁরা ফের কর্মসূচি জারি করবেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে, রাহুল গান্ধি, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কৃষকদের পাশে দাঁড়িয়েছেন। ভারত জোড়ো ন্যায় যাত্রায় রাহুল বলেন, ‘কৃষকরা শুধু পরিশ্রমের ফল চাইছেন। ইন্ডিয়া জোটের সরকার ক্ষমতায় এলে কৃষকদের স্বামীনাথন কমিশনের সুপারিশ মেনে এমএসপি’র গ্যারান্টি দেবে।’ মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘দেশের কৃষকদেরই যদি কাঁদানে গ্যাস দিয়ে আক্রমণ করা হয় তাহলে দেশ এগোবে কীভাবে? এটাই কি তাহলে বিকশিত ভারতের নমুনা!’

# চোপড়ায় তৃণমূলের ১২ লাখের প্যাকেট

**মনজুর আলম**

**চোপড়া, ১৩ ফেব্রুয়ারি :** চেতনাগছ গ্রামের সেই ৪ শিশুর মৃত্যুকে রাজনৈতিক হাতিয়ার বানিয়ে ফেলল তৃণমূল। সোমবার রাতেই তৃণমূলের নেতারা সেখানে প্রতিবাদ কর্মসূচির ডাক দিয়ে দিয়েছিলেন। মঙ্গলবার থেকেই শুরু হয়ে যায় সেই কর্মসূচি। সেখান থেকেই বিএসএফকে এই ঘটনার জন্য দায়ী করে বিক্ষোভ দেখান তৃণমূলের নেতারা। যদিও বিজেপির পালটা দাবি, বিএসএফকে দোষী করা ভিত্তিহীন। রাজনৈতিক উদ্দেশ্যে তৃণমূল এমনটা করছে।

বিধায়ক হামিদুল রহমান এদিন ঘোষণা করেন, মৃত চার শিশুর পরিবারকে দলীয়ভাবে তিন লক্ষ করে টাকা অর্থসাহায্য করা হল। বিএসএফের তরফে ক্ষতিপূরণের দাবি তোলেন তিনি। দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট নিহতদের প্রত্যেকের পরিবারকে ৫০,০০০ টাকা দেওয়ার ঘোষণা করেছেন।

এদিন সকালে কাঁটাতারের বেড়ার ওপারে মৃতদের সমাধিস্থ করা হয়। বহু মানুষ জানাজা নমাজে অংশ নেন। বিএসএফের চৌকির সামনে যে মাঠে জানাজা নমাজ হয়, সেখানেই বসে পড়েন তৃণমূলের নেতারা। কর্মসূচিতে যোগ দেন রাজ্যের মন্ত্রী গোলাম রব্বানি। ছিলেন উত্তর দিনাজপুর জেলা পরিষদের সহকারী সভাধিপতি গোলাম রসুল, দলের উত্তর দিনাজপুর জেলা সভাপতি কানাইয়ালাল আগরওয়াল প্রমুখ। পরিবারের লোকজন ও গ্রামবাসীদের অনেকেই তৃণমূলের কর্মসূচিতে অংশ নেন। বিকাল ৪টা পর্যন্ত টানা অবস্থান বিক্ষোভ চলে। বুধবার ফের সকালে কর্মসূচি চলবে। নেতরা সকলেই শিশুমৃত্যুর ঘটনায় বিএসএফের ভূমিকা নিয়ে অসন্তোষ জানান। আর মন্ত্রীর সাফ কথা, ‘চারটি শিশুর মৃত্যু ছোট ব্যাপার নয়। ইনসাফ না পাওয়া পর্যন্ত অবস্থান কর্মসূচি চলবে।’ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগের দাবি তোলেন রব্বানি।

মৃতের পরিবারের পক্ষে সোমবার রাতে চেতনাগছ এলাকার বিএসএফ আধিকারিক সহ মোট চারজনের বিরুদ্ধে চোপড়া থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। আইসি অমরেশ সিংহ বলেন, ‘চারজনের বিরুদ্ধে মামলা রুজু হয়েছে। সেই আর্থমুভারচালককে গ্রেপ্তার করা হয়েছে।’

দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট ঘটনায় শোকপ্রকাশ করে বলেন, ‘এ ঘটনায় তৃণমূলের নেতারা ভিত্তিহীনভাবে বিএসএফকে দোষারোপ করছে।’

ঘটনাকে ঘিরে চন্দ্রিমা ভট্টাচার্য সহ রাজ্যের ১২ জনের একটি প্রতিনিধিদলের আগামী ১৫ তারিখে এলাকায় আসার কথা রয়েছে। আসতে পারে রাজ্য শিশু সুরক্ষা কমিটির একটি প্রতিনিধিদলও।

# দেশের জয়েন্ট রাজ্যসেরা ইরাদ্রি

**ভাস্কর বাগচী**

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** ছেলেবেলায় হাতে উঠে এসেছিল টেবিল টেনিসের ব্যাট। কিছুদিন খেলাধুলো চালিয়ে গেলেও ছোট থেকেই শিলিগুড়ির হাকিমপাড়ার ইরাদ্রি বসু খৌন্ডের মাথায় একটাই জিনিস ঘুরত- যেভাবেই হোক আমাকে বড় ইঞ্জিনিয়ার হতে হবে। আইআইটি খড়্গপুরের নাম শোনা তখন থেকেই। জীবনের তাই লক্ষ্যও ছিল সেখানে পড়ার। তাই টেবিল টেনিসের ব্যাট তুলে রেখে পড়ার বইয়ের দিকেই মনোযোগ দেওয়া। সারাদিন পড়াশোনার ফাঁকে শুধু মাঝেমধ্যে বাবার সঙ্গে একটু দাবা খেলে মনটাকে সতেজ করে তোলার চেষ্টা করত। এই রুটিনেই এবারের জয়েন্ট এন্ট্রান্স (মেইন) পরীক্ষায় রাজ্যে সেরা ইরাদ্রি। জীবনের একটা বড় হার্ডল সাফল্যের সঙ্গে পেরিয়েও ইরাদ্রির চোখেমুখে যেন সেই তৃপ্তিটা নেই। কারণ তার কথায়, ‘আরও এগিয়ে যেতে হবে আমাকে।’

বাবা শরবন খৌন্ড মালবাজারের ওমর আলি হাইস্কুলের প্রধান শিক্ষক, মা বৈজয়ন্তী বসুর একটি পার্লার রয়েছে। একমাত্র ছেলের এই সাফল্যে তাঁরা খুশি। প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত দার্জিলিং পাবলিক স্কুলে পড়াশোনা করার পর দশম শ্রেণির বোর্ডের পরীক্ষায় ৯৩.৬ শতাংশ নম্বর পাওয়ার পর ফুলবাড়ির দিল্লি পাবলিক স্কুলে একাদশ শ্রেণিতে ভর্তি হলেও জয়েন্টের পরীক্ষার জন্য সেবক রোডের একটি বেসরকারি প্রশিক্ষণকেন্দ্রে নিয়মিত ক্লাস শুরু করে। আর সেখান থেকেই সফল ইরাদ্রি।

ইরাদ্রির কথায়, ‘পড়াশোনায় আগ্রহ আমার ছোটবেলা থেকেই বেশি। বাবা সবকিছু নজরে রাখত। কোথায় কী পরীক্ষা হচ্ছে, তার খোঁজ রাখত বাবা। মাও নজর রাখত, আমার খাওয়াদাওয়া কেমন হচ্ছে।’

দিনে ৭-৮ ঘণ্টা পড়লেও ইরাদ্রি কিন্তু ভাবতে পারেনি এই পরীক্ষায় ৯৯.৯৯ পার্সেন্টাইল পাবে। তাই ইন্টারনেটে ফল জানার পর কিছুটা অবাকই হয়ে যায় সে প্রথমে।

তবে শুধু পাঠ্যবই নয়, সত্যজিৎ রায়, শরৎচন্দ্রের বইতেও মুখ গুঁজে থাকতেও নেহাৎ খারাপ লাগে না ইরাদ্রির। বাবা শরবনের কথায়, ‘আমি অতিরিক্ত কিছু করিনি। একজন বাবার যা দায়িত্ব, আমি সেটাই করেছি। সন্তানদের ইচ্ছাকে গুরুত্ব দিতে হবে। জোর করে কিছু চাপিয়ে দিলে হবে না। সন্তানের যেদিকে নজর, সেদিকটাতেই তাকে উৎসাহিত করতে হবে।’ বৈজয়ন্তীর কথায়, ‘আমার ছেলেটা খুব ভালো। খাওয়া নিয়ে কোনও বায়না নেই। যা দেওয়া হয় তাই খাবে। ওর তরফ থেকে কখনও কোনও অভিযোগ আমরা শুনিইনি।’

এত সাফল্যের মধ্যে একটাই আফসোস ইরাদ্রির। সর্বভারতীয় র‌্যাংকিংয়ে নাম নেই। তবে এই সাফল্যও যে কম নয়, সেটাই তাকে বোঝাচ্ছেন শরবন ও বৈজয়ন্তী।



*বাবা-মায়ের সঙ্গে ইরাদ্রি। মঙ্গলবার শিলিগুড়িতে।*



# জল ভরছে বক্সায় বুনোদের জলাধারে

**মণীন্দ্রনারায়ণ সিংহ**

**আলিপুরদুয়ার, ১৩ ফেব্রুয়ারি :** পুজোর পর আলিপুরদুয়ারের বক্সা পাহাড় ও জঙ্গল দিয়ে বইতে থাকা অধিকাংশ নদী, নালা, ঝোরা ইতিমধ্যে শুকিয়ে গিয়েছে। ফলে বক্সার জঙ্গলের প্রায় ৭৬০ বর্গকিলোমিটার এলাকায় থাকা বন্যপ্রাণীর থেকে পাখিদেরও পানীয় জলে টান পড়তে পারে। বিশালাকার বনাঞ্চলের বন্যপ্রাণীদের যাতে পানীয় জল নিয়ে কোনও সমস্যা না হয়, তার জন্য বিস্তীর্ণ বনাঞ্চলে থাকা ৪০টি কৃত্রিম জলাধারগুলিকে ইতিমধ্যে রিচার্জ করানোর কাজ শুরু করেছে বন দপ্তর। বক্সা টাইগার রিজার্ভের ডিএফডি (ওয়েস্ট) পারভিন কাশোয়ান বলেন, 'বক্সার জঙ্গলে বন্যপ্রাণীদের সারাবছর পানীয় জলের জোগান দিতে বেশ কিছু কৃত্রিম জলাধার তৈরি করা হয়েছে। সেগুলিতে ইতিমধ্যে নিয়মিত জল সরবরাহও করা হচ্ছে। ফলে জঙ্গলে থাকা বন্যপ্রাণীদের পানীয় জল পেতে কোথাও কোনও সমস্যা হবে না।'

বর্ষাকালে বক্সার জঙ্গলের ভেতর দিয়ে বহু পাহাড়ি খরস্রোতা নদী ও ঝোরা বইতে দেখা যায়। শতাধিক সেই নদী ও ঝোরাগুলি বর্ষাকালে খরস্রোতা থাকলেও দুর্গাপুজোর পর অধিকাংশ নদী ও ঝোরা শুকিয়ে যায়। শীতে বেশিরভাগ ঝোরার বক্ষে কিলোমিটারের পর কিলোমিটারজুড়ে রয়েছে শুধু বালি ও পাথর। তবে হাতেগোনা কয়েকটি পাহাড়ি নদীতে শীতে সামান্য জল পাওয়া গেলেও গরম পড়তে অনেক নদীতে সেটাও উধাও হয়ে যায়। ফলে গরমের তীব্রতা যত বাড়ে বক্সার বনাঞ্চলে তত জলসংকট প্রকট হয়। বন দপ্তর সূত্রে জানা গিয়েছে, গত প্রায় পাঁচ বছরে বক্সার বিস্তীর্ণ জঙ্গলে প্রায় ৪০টি কৃত্রিম জলাধার তৈরি করা হয়েছে। যে জলাধারগুলিতে সারাবছর জল থাকে। গরমকালে ওই সকল জলাধারে গিয়ে জঙ্গলের বন্যপ্রাণীরা জলপান করে।

বক্সার জঙ্গল হরিণ, চিতাবাঘ, হাতি, বাইসন, ভালুক, ব্ল্যাক প্যান্থার, বাঁদর, শেয়াল, বুনো শূকর, বুনো কুকুর বা ঢোল সহ বিভিন্ন বন্যপ্রাণীর অনুকূল বিচরণক্ষেত্র হয়ে উঠেছে। বক্সার পরিবেশ অনুকূল হওয়ায় এখানে গত কয়েকমাস ধরে রয়েল বেঙ্গল টাইগার স্থায়ীভাবে থাকছে বলে দাবি বনকর্তাদের। বাঘের বিষয়ে বেশ কিছু তথ্যপ্রমাণও বন দপ্তরের কর্তাদের হাতে চলে এসেছে। বাঘবনের বাইরে থেকে বাঘ এনে ছাড়ার একটা পরিকল্পনা আগেই নেওয়া হয়েছিল।

সেই মতো জঙ্গলের পরিকাঠামোকে বাঘেদের বসবাসের উপযোগী করে তুলতে গত কয়েক বছরে বক্সার জঙ্গলে প্রায় ৭০০ হরিণ ছাড়া হয়েছে। এছাড়া বিস্তীর্ণ এলাকায় ঘাস লাগিয়ে বন্যপ্রাণীদের আদর্শ বিচরণক্ষেত্র গড়ে তোলার কাজ চলছে। হরিণ, বাইসন, হাতির দলও সেখানে চরে বেড়ায়। তবে দুর্গাপুজোর পর থেকে বর্ষার আগে পর্যন্ত বক্সার জঙ্গলে বন্যপ্রাণীদের জন্য পানীয় জলের একটা সমস্যা থাকলেও কৃত্রিম জলাধারগুলি গড়ে তোলার পর ওই সমস্যাও কাটিয়ে উঠেছে কর্তৃপক্ষ। দপ্তর সূত্রে জানা গিয়েছে, সপ্তাহ খানেক হল যে সব জলাধার শুকিয়ে গিয়েছে, কিংবা জলাধারে তলানিতে জল রয়েছে, সেই জলাধারগুলিতে ট্যাংকারের সাহায্যে, কোথাও পাম্প চালিয়ে ভরাট করা হচ্ছে।

**বন দপ্তরের উদ্যোগ**



*বক্সার জঙ্গলে কৃত্রিম জলাধার। ছবি : আয়ুষ্মান চক্রবর্তী*

> বক্সার জঙ্গলে বন্যপ্রাণীদের সারাবছর পানীয় জলের জোগান দিতে বেশ কিছু কৃত্রিম জলাধার তৈরি করা হয়েছে। সেগুলিতে ইতিমধ্যে নিয়মিত জল সরবরাহও করা হচ্ছে।
>
> **পারভিন কাশোয়ান** *ডিএফডি (ওয়েস্ট), বক্সা টাইগার রিজার্ভ*

## জয়েন্ট মেইনে চমক অ্যালেনের

**নিউজ ব্যুরো**

**১৩ ফেব্রুয়ারি :** দেশের সবচেয়ে বড় ইঞ্জিনিয়ারিং প্রবেশিকা পরীক্ষা জেইই-মেইন ২০২৪-এর ফলাফল ঘোষণা করা হয়েছে। সেখানে শিলিগুড়ির অ্যালেন ইনস্টিটিউটের পড়ুয়ারা নিজেদের সাফল্যের প্রমাণ দিয়েছে।

অ্যালেন ইনস্টিটিউটের শিলিগুড়ি শাখার প্রধান কুলদীপ সিং বলেন, 'ইরাদ্রি বাসু খৌন্ড ৯৯.৯৯ পার্সেনটাইল নম্বর পেয়ে পশ্চিমবঙ্গে শীর্ষস্থান অধিকার করেছে।' অ্যালেনের শিলিগুড়ি শাখার থেকে ছয় জন পড়ুয়া ৯৯ পার্সেনটাইলের বেশি পেয়েছে এবং ৫৪ জন ৯০ পার্সেনটাইলের বেশি পেয়েছে।

**ভাড়া**

মাল শহরে ক্যালটেক্স মোড়ে গুরুদুয়োরা লাইনে 240 বর্গফুটের দুটি পাকা দোকান ভাড়া দেওয়া হবে। (M) 6295281504. (B/B)

**অ্যাফিডেভিট**

আমি Satish Singha, আমার PF অ্যাকাউন্টে বাবার নাম ভুল থাকায় গত 05.02.2024 তারিখে শিলিগুড়ি কোর্ট হইতে অ্যাফিডেভিট করে বাবার নাম Raman Lal Singh ও Raman Lal Singha এক এবং অভিন্ন ব্যক্তি হিসাবে পরিচিত হইল। (C/109327)

**জ্যোতিষ**

ভারত তথা পশ্চিমবঙ্গের জনপ্রিয় বিখ্যাত জ্যোতিষ শ্রী সুব্রত চক্রবর্তী (Ph.D, Triple গোল্ড মেডেলিস্ট) (যে কোনও সমস্যা সমাধানে সিদ্ধহস্ত) বসছেন রত্ন ভান্ডার জুয়েলার্স, হিলকার্ট রোড 08-14, সিটি সেন্টার 15-20. (M) 7719371978.

**তান্ত্রিক দিব্যোজ্যোতি শাস্ত্রী**

কামাখ্যা থেকে আসা তন্ত্র, মন্ত্র, টোটকা দিয়ে বিদ্যা, বিবাহ, বশীকরণ, কালসর্প, মাঙ্গলিক বাস্তু দোষ প্রতিকার করা হয়। কোনও প্রকার stone দেওয়া হয় না। শিলিগুড়ি-15, মালবাজার-16, আলিপুরদুয়ার-17. C.C.N Binodan Live প্রোগ্রাম তাং-14. রাত 8-9টা। M-8638686873. (S/M)

**হারানো/প্রাপ্তি**

আমি তুষার দত্ত, পিতা টুটন দত্ত, আলিপুরদুয়ার নিবাসী গত 10.2.24 তারিখে আমার সমস্ত শংসাপত্র হারিয়ে গেছে। কোনও সহৃদয় ব্যক্তি খুঁজে পেলে জানাবেন। (M) 8016314207. (U/D)

**GOVERNMENT OF WEST BENGAL**
**NOTICE INVITING TENDER**
E-tender is invited from bonafide agencies vide this office memo no: 11/ADI/SLG, dated 12/02/2024 for engagement of security services. Interested agencies may visit https://wbtenders.gov.in Tender ID: 2024_ICAD_666691_1, last date of submission of bid is 26/02/2024. Sd/- Assistant Director of Information, Dinabandhu Mancha, Siliguri. ICA-T3721(4)/2024

**GOVERNMENT OF WEST BENGAL**
**e-TENDER NOTICE**
e-Tender is invited by the Assistant Engineer, Jalpaiguri Sadar Sub Division, P.H.E.Dte. On behalf of Governor of West Bengal Vide Ref. No. WBPHED/AE/JSSD/e-NIT 06/2023-24, Sl No:- 1 to 9 for Different works. Details will available in the website wbtenders.gov.in The last date for submission of tender is 21/02/2024 upto 16:00 Hours. Sd/- Assistant Engineer, Jalpaiguri Sadar Sub-Division, P.H.E.Dte. ICA-T3707(2)/2024

**GOVERNMENT OF WEST BENGAL**
**e-TENPER NOTICE (2nd Call)**
e-Tender is invited by the Superintending Engineer, G. T. A-Circle, P.H.E. Dte. on behalf of Governor of West Bengal vide e-NIT No. eT/05/SE/GTA CIRCLE /PHE DTE OF 2023-24 (2nd Call) (SL. NO. 01) and ID: 2024_PHED_662863_1 for WATER SUPPLY SCHEME FOR MANGARJUNG TEA GARDEN & OTHER 3 VILLAGES. Details will be available in the website wbtenders.gov.in The Last date for submission of tender is 01.03.2024 upto 02.00 P.M. Sd/- for Superintending Engineer, G.T. A-Circle, P.H.E. Dte. ICA-T3718(4)/2024

**GOVERNMENT OF WEST BENGAL**
**e-TENPER NOTICE (2nd Call)**
e-Tender is invited by the Superintending Engineer, G. T. A-Circle, P.H.E. Dte. on behalf of Governor of West Bengal vide e-NIT No. eT/04/SE/GTA CIRCLE /PHE DTE OF 2023-24 (2nd Call) (SL NO. 01) and ID: 2024_PHED_662643_ 1 for WATER SUPPLY SCHEME FOR DARJEELING PULBAZAR PUMPING-III, SPRING WATER SUPPLY SCHEME. Details will be available in the website wbtenders.gov.in The Last date for submission of tender is 01.03.2024 upto 02.00 P.M. Sd/- for Superintending Engineer, G.T. A-Circle, P.H.E. Dte. ICA-T3717(4)/2024

# ঠান্ডার পাল্লা ভারী বাঙালির প্রেম দিবসে

**সানি সরকার**

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** তাপমাত্রার এমন বাড়বাড়ন্তে মন খারাপ বাংলার। ঠান্ডা ছাড়া কি সরস্বতীপুজো 'এনজয়' করা যেতে পারে, প্রশ্নটা ছিল মুখে মুখে। হতাশ হয়ে পড়েছিলেন অনেকে। প্রকৃতিদেবীর কাছে এই খবর পৌঁছেছে কি না, জানা নেই। তবে প্রকৃতি সহায়! তাই গরম নয়, মেঘ-বৃষ্টিতে সরস্বতীপুজোর দিন কাটবে উত্তরবঙ্গের। বজ্রপাত সহ গৌড়বঙ্গে টানা দু'দিন বৃষ্টির সম্ভাবনা তৈরি হয়েছে। হিমালয় সংলগ্ন উত্তরবঙ্গের জেলাগুলিও ঢাকা পড়তে পারে মেঘে। কোথাও কোথাও এক পশলা বৃষ্টিও হতে পারে।

পরিবর্তিত এই পরিস্থিতির মূলে রয়েছে মধ্যপ্রদেশ থেকে ঝাড়খণ্ড পর্যন্ত বাতাসের উপরিভাগে নিম্নচাপ অক্ষরেখার সৃষ্টি। এর জেরে দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গে বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্পের আমদানি হবে। আবহাওয়া দপ্তরের সিকিমের কেন্দ্রীয় অধিকর্তা গোপীনাথ রাহার বক্তব্য, 'পশ্চিমী ঝঞ্ঝার প্রভাব এখনও পাহাড়ি অঞ্চলে রয়েছে। কিন্তু সমতল এলাকায় বৃষ্টিপাতের সম্ভাবনা তৈরি হওয়ার মূলে রয়েছে নিম্নচাপ অক্ষরেখা। মেঘ-বৃষ্টির জেরে তাপমাত্রা কিছুটা হলেও কমবে।'

ক্যালেন্ডারের পাতা ধরে বসন্ত প্রবেশের আগেই পাকাপাকিভাবে বিদায় নিয়েছে শীত। ফলে গত কয়েকদিন ধরে বাড়ছিল তাপমাত্রা। কিন্তু বসন্তের প্রথমদিন, সরস্বতীপুজোর দিন বৃষ্টির ভ্রূকুটি উত্তরবঙ্গজুড়ে। দিনটি আবার ভ্যালেন্টাইন্স ডে। বাঙালির প্রেম দিবসের সঙ্গে ভ্যালেন্টাইন্স ডে'র এমন সহাবস্থান, বোধহয় শতাব্দীতে একবার হয়। সেই স্পেশাল দিনটি এবার বৃষ্টি-জলে মাটি হতে পারে অনেক জায়গায়। অন্তত গৌড়বঙ্গে সেরকমেরই আভাস মিলেছে। আবহাওয়ার মতিগতির পূর্বাভাস অনুযায়ী, বুধবার গৌড়বঙ্গের মালদা এবং দুই দিনাজপুরের অনেক জায়গাতেই বজ্রপাত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। কোথাও কোথাও হতে পারে শিলাবৃষ্টি। বুধবারের আবহাওয়ার কিছুটা দেখা মিলল মঙ্গলবার। এদিন দিনভর মেঘে ঢাকা ছিল গৌড়বঙ্গের আকাশ। যেহেতু নিম্নচাপ অক্ষরেখাটি বিস্তৃত রয়েছে ঝাড়খণ্ড পর্যন্ত। তাই তার প্রভাব বেশি পড়ার সম্ভাবনা মালদা ও দুই দিনাজপুরে। শুধু সরস্বতীপুজোর দিন নয়, পরেরদিনও অনেক জায়গায় বজ্রপাত সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

**ভিজবে মালদা সহ দুই দিনাজপুর**

মঙ্গলবার মেঘ-রোদের লুকোচুরি চলেছে শিলিগুড়ি সহ হিমালয় সংলগ্ন উত্তরবঙ্গেও। বুধবার ভারী মেঘ জমতে পারে শিলিগুড়ি থেকে কোচবিহার পর্যন্ত। এখানকার চার জেলায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা থাকলেও কোথায় কোথায় বৃষ্টি হবে, হলেও কতটা হবে, তা নিশ্চিত নয় মঙ্গলবার রাত পর্যন্ত। তবে পার্শ্ববর্তী এলাকায় বৃষ্টি এবং মেঘের জন্য ৩-৪ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা কমার সম্ভাবনার কথা বলছেন আবহবিদরা। সূর্যের তেজ তেমনভাবে পাওয়া যাবে না এবং বৃষ্টির সঙ্গে উপরি মিলবে উত্তুরে হাওয়া। তাই তাপমাত্রাও কিছুটা কমবে বলে জানাচ্ছেন তাঁরা। গরম নয়, তাই ঠান্ডার আমেজে কাটবে সরস্বতীপুজো।



ওইটাই বেশি পছন্দ ... *কোচবিহারের কদমতলায় মানসী দেব সরকারের তোলা ছবি।*

## মণ্ডপ থেকে উধাও পাত্র

**তুফানগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি :** বিয়ে করতে এসে কনেকে ছেড়েই উধাও পাত্র। সোমবার নিয়ম মেনে বিয়ের সমস্ত আয়োজন করা হয়েছিল। বিয়ের কাজ যথাসময়ে অনেকটা সম্পূর্ণও হয়ে গিয়েছিল। এরই মাঝে ঘটে বিপত্তি। বিয়ের আসর ছেড়ে পালিয়ে যায় বর। ঠিক কী কারণে ভেস্তে গেল এই বিয়ে ইতিমধ্যে তা নিয়েই শোরগোল পড়েছে এলাকায়।

সোমবার রাতে তুফানগঞ্জ শহর সংলগ্ন অন্দরান ফুলবাড়ি-১ শুকনিরপার ধাম এলাকায় বিয়ে করতে আসেন আলিপুরদুয়ার জেলার ভাটিবাড়ির থানুপাড়া এলাকার বাসিন্দা বিশ্বজিৎ দাস। বিয়ের অর্ধেক কাজ শেষ করেই আচমকাই মণ্ডপ ছেড়ে বেরিয়ে যান তিনি। তাঁকে দেখে কনেও তাঁর পেছনে ছুটতে থাকেন। এরপর পাত্র সেখান থেকে পালিয়ে যান। তিনি এখন পর্যন্ত পলাতক।

যদিও এ ব্যাপারে পাত্রের বাড়ির সঙ্গে ফোনে বারংবার যোগাযোগের চেষ্টা করা হলেও পাওয়া যায়নি। তবে অন্দরান ফুলবাড়ি-১ অঞ্চলের উপপ্রধান কমল দাসের বক্তব্য, 'ঘটনাটি লোকমুখে শুনেছি। বর পালিয়ে যাবার পর মেয়ের বাড়ির কয়েকজনকে শারীরিক হেনস্তা করা হয়। তবে বিষয়টি সত্য কি না তা তদন্তসাপেক্ষ।'

তুফানগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে পাত্রীপক্ষ। পাত্রী সহ তাঁর বাবা ও মাকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ। পাত্রীর বাবার কথায়, 'কোনও খামতি না রাখার পরেও বিয়ে ভেঙে যাওয়ায় আমরা হতবাক। অভিযুক্তের উপযুক্ত শাস্তির দাবিতে থানার দ্বারস্থ হয়েছি।' পুলিশ সূত্রে খবর, লিখিত অভিযোগের ভিত্তিতে তদন্ত চলছে।

## মিজোরামে প্রথম ম্যাচ

**নিউজ ব্যুরো**

**১৩ ফেব্রুয়ারি :** ১৪ ফেব্রুয়ারি মিজোরামে প্রথম ম্যাচ দিয়ে তৃতীয় বর্ষ শুরু করতে চলেছে রিলায়েন্স ফাউন্ডেশন ডেভেলপমেন্ট লিগ। এই যুব ফুটবল ম্যাচ উদীয়মান প্রতিভাদের জন্য একটি মঞ্চ। এটি খেলোয়াড়দের নিজের প্রতিভা দেখানোর পাশাপাশি শীর্ষস্তরের ক্লাবের দৃষ্টি আকর্ষণ করার জন্য সুযোগ করে দিচ্ছে।

# সাড়া ফেলল খুদে দুই বিজ্ঞানী

**শান্ত বর্মন**

**জটেশ্বর, ১৩ ফেব্রুয়ারি :** জটেশ্বরের খুদে দুই বিজ্ঞানী পড়ুয়ার আবিষ্কারে ব্যাপক সাড়া পড়েছে আলিপুরদুয়ারে। খুদে ওই দুই পড়ুয়া জটেশ্বর মর্নিং স্টার মডেল স্কুলের অষ্টম শ্রেণির ছাত্রী। একজন অঙ্কিতা হোড় অপরজন সুরশ্রী সরকার। তাদের একজনের বাড়ি জটেশ্বর বাজারের কলেজপাড়ায়, আরেকজনের বাড়ি প্রমোদনগর এলাকায়। ওই দুই খুদে পড়ুয়াই বেঙ্গালুরু সিভি রমন বিজ্ঞানকেন্দ্রে প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। জটেশ্বরের দুই পড়ুয়ার সঙ্গে কলকাতার একটি নামী স্কুলের তিনজন খুদেও ওই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

স্কুল সূত্রে জানা গিয়েছে, গোটা দেশের বিভিন্ন স্কুলের খুদে বিজ্ঞানীদের নিয়ে গত ৩ ও ৪ ফেব্রুয়ারি বেঙ্গালুরু সিভি রমন বিজ্ঞানকেন্দ্রে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। সর্বভারতীয় স্তরে অষ্টম থেকে দশম শ্রেণির পড়ুয়াদের নিয়ে বিজ্ঞান বিষয়ক মেধা যাচাইয়ের জন্য ওই প্রতিযোগিতা হয়। সেখানে অঙ্কিতা ও সুরশ্রী সুযোগ পায়। সুরশ্রী নিউটনের তৃতীয় সূত্রকে কাজে লাগিয়ে তৈরি করেছে মোটরবাইকের ইঞ্জিন এবং অঙ্কিতা তৈরি করেছে বাইকের ব্রেক সিস্টেম। সেখান থেকে ফিরে আসার পর স্কুলের তরফে তাদের সংবর্ধনা দেওয়া হয়। অঙ্কিতা বলে, 'আমাদের স্কুল থেকেই এই ধারণা পেয়েছি। শিক্ষক-শিক্ষিকারা মডেল বানানোর কথা বললে আমি এই মডেলটিকেই বেছে নিয়ে তৈরি করেছি।' মর্নিং স্টার মডেল স্কুলের ডিরেক্টর কৃষ্ণ ছেত্রী বলেন, 'আমাদের স্কুল থেকে দশজন অংশগ্রহণ করলেও দুজন মাত্র সিভি রমন বিজ্ঞানকেন্দ্রে সুযোগ পায়।'



*সুরশ্রী সরকার ও অঙ্কিতা হোড় : বেঙ্গালুরু বিজ্ঞানকেন্দ্রে প্রতিযোগিতায় দুই অংশগ্রহণকারী।*

**PM Shri Kendriya Vidyalaya Bengdubi**
**Post : Bengdubi Dist : Darjeeling**
Email : kvbengdubi123@gmail.com Phone : 0353-2480070

**Interview for Contractual Teachers (session-2024-25)**

A Walk-in-Interview will be conducted at PM SHRI Kendriya Vidyalaya Bengdubi, to prepare a panel of contractual teachers for the session 2024-25 as per the following schedule :

| Sl. No. | Date of Interview and Reporting Time | Subjects |
|---|---|---|
| 1. | 27-02-2024 Time 8:30 AM | **Miscellaneous**-Computer Instructor, Primary Teacher, Educational Counselor, Nurse, Special Educator, Games coach, Yoga Instructor, Dance Instructor |
| 2. | 28-02-2024 Time 8:30 AM | **PGTs**-Physics, Chemistry, Biology, Math, Hindi, English, History, Political Science, Economics, Geography, Commerce, Computer Science<br>TGTs-Math, Hindi, Sanskrit, Science, Social Science, English, Art Education |

Interested candidates may visit the Vidyalaya website **(https://bengdubi.kvs.ac.in)** for details.

**Principal**
**PM SHRI KENDRIYA VIDYALAYA, BENGDUBI**

**E-Tender Notice**

The undersigned invites sealed bids from eligible bidders for 4 nos. 3 nos. work for NIT No. 17(e)/LGP/23-24 & 18(e)/LGP/23-24 (2nd call) dated 10-02-24 respectively. Period of downloading bidding documents from the e-procurement portal from 12/02/24 to 22/02/24. For details contact 7029639040.

**Sd/-**
**Pradhan**
**Laxmipur Gram Panchayat**
**Vill + P.O - Laxmipur, Malda**

**GOVERNMENT OF WEST BENGAL**
**e-Tender Notice**
Tenders are invited online from reputed and resourceful contractors/firms/ Public Sector undertaking / Govt. Company for the work. N.I.e.T. No. [illegible] of 2023-24 (Sl. No. 01) (Tender ID No. 2023_PHED_665315_1) last date of submitting e-tender 28.02.2024 (online) upto 17:00 hrs. Date of opening 01.03.2024 at 17:30 hrs. Please login to the department at website: https://wbtenders.gov.in for details. Addenda/Corrigenda if any, would be intimated in departmental website only. Sd/- Executive Engineer, Siliguri W/S Division P.H.E. Dte. ICA-T[illegible]/2024

**সোনা ও রুপোর দর**

| | |
|---|---|
| পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৬২৮৫০ |
| পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৬৩১৫০ |
| হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম) | ৬০০৫০ |
| রুপোর বাট (প্রতি কেজি) | ৭১৩০০ |
| খুচরো রুপো (প্রতি কেজি) | ৭১৪০০ |

* দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজার দর

**উন্নয়নমূলক কাজগুলি**

টেন্ডার বিজ্ঞপ্তি নং. : ০৫ অফ ২০২৪, তারিখ ০৯-০২-২০২৪; নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে; টেন্ডার নং.: ডিসিইএসটিএমএলজি-০৪-২০২৪; ক্রম নং-১; কাজের নাম এবং অবস্থান: নামবাড়িতে- এসএসই/ডব্লিউ/নামবাড়ি (পুনঃ টেন্ডার) এর এখতিয়ারে গোশালা কলোনি, আদর্শ কলোনি, ডব্লিউ/পোতানগর এবং বি.জি কলোনীতে কলোনী রাস্তার উন্নয়ন। টেন্ডার মূল্য: ₹.২,১০,৬৪,৪২৭.৬৮/-; বায়না মূল্য: ₹.২,৫৫,৩০০/-; উপরোক্ত টেন্ডার বন্ধ/খোলার তারিখ ও সময় ০৪-০৩-২০২৪ তারিখে ১৫:০০ ঘন্টায়। উপরের ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য http://www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

ডেপুটি চিফ ইঞ্জিনিয়ার/এস্টেট, মালিগাঁও
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

## যুগলকে ধরল আরপিএফ

**আলিপুরদুয়ার, ১৩ ফেব্রুয়ারি :** উচ্চমাধ্যমিক পরীক্ষা সামনে। তার আগেই প্রেমিকাকে সঙ্গে নিয়ে বাড়ি থেকে পালানোর চেষ্টা করছিল এক কিশোর। তবে শেষরক্ষা হল না। ভুল ট্রেনে উঠে পড়ায় ভেস্তে গেল পরিকল্পনা। আর শেষমেশ আরপিএফের নজরে পড়ে যায়। তারপরেই তাদের আটক করা হয়। ওই দুজনই অসমের কোকরাঝাড় এলাকার বাসিন্দা।

উত্তর-পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি কমিশনার দীপককুমার চৌধুরী বলেন, 'নাবালিকা সহ ওই পড়ুয়াকে উদ্ধার করে অসম পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। তাদের পরিবারের লোকজনকে বিষয়টি জানানো হয়েছে।' সেই কিশোর যেমন উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী, তেমনই তার প্রেমিকাও নাবালিকা। নাবালিকার বাড়ির লোকজন থানায় নিখোঁজের অভিযোগ দায়ের করেছিলেন। আরপিএফ সূত্রে জানা গিয়েছে, কোকরাঝাড়ে থেকে দক্ষিণ ভারতে যাওয়ার পরিকল্পনা ছিল তাদের। কিন্তু ওই দুজন বুঝতে পারেনি যে ট্রেনে তারা উঠেছিল, সেটা দক্ষিণ ভারতে যায় না। ফলে তাদের পালানোর পরিকল্পনা সফল হয় না।

# রেলের অনুষ্ঠানে কার্যত ভোট প্রচার জয়ন্তর

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** নির্ঘণ্ট ঘোষণা না হলেও লোকসভা ভোটের দামামা বেজে গিয়েছে। এই পরিস্থিতিতে মঙ্গলবার জলপাইগুড়ি রোড স্টেশনে লিফটের উদ্বোধনী অনুষ্ঠানে নিজের পাঁচ বছরের কাজের খতিয়ান তুলে ধরে কার্যত ভোট প্রচার শুরু করলেন সাংসদ ডাঃ জয়ন্ত রায়। এদিন উত্তর-পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ারের ডিআরএম অমরজিৎ গৌতমের উপস্থিতিতে জলপাইগুড়ি রোড স্টেশনে ১ নম্বর প্ল্যাটফর্মের লিফটের উদ্বোধন করেন জয়ন্ত রায়। সেখানেই সাংসদ দাবি করেন, জলপাইগুড়িতে নির্মীয়মাণ মেডিকেল কলেজের অর্থ ও অনুমোদন আনার ক্ষেত্রে তাঁর অবদান ছিল। সার্কিট বেঞ্চের স্থায়ী পরিকাঠামোর কাজ শুরুর অর্থ দ্রুত নিয়ে আসতে তিনি দিল্লিতে কীভাবে তদ্বির করেছিলেন, তার ফিরিস্তি দেন। সম্পূর্ণ দার্জিলিং মেলকে হলদিবাড়ি থেকে চালানো, পদাতিক এক্সপ্রেসের জলপাইগুড়ি রোডে স্থায়ী স্টপ তাঁর দৌলতেই হয়েছে। রেলের পণ্য পরিবহণে যাতে ট্রাকগুলিকে কাজে লাগানো যায় সেই দাবিও কাটিহার ডিভিশনে করেছেন বলে সাংসদ জানান। এদিন মঞ্চে দুই বিজেপি নেতা বুবাই কর ও অলোক চক্রবর্তী জয়ন্ত রায়ের কাজের খতিয়ান তুলে ধরেন। জলপাইগুড়ি ট্যুর অপারেটর ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সব্যসাচী রায় বলেন, 'ডুয়ার্সের পর্যটনশিল্পকে সার্কিট করে জলপাইগুড়ি রোড স্টেশনকে গুরুত্ব দিয়ে আরও ট্রেনের স্টপ দেওয়া উচিত।'

এদিন জয়ন্ত বলেন, 'রোড স্টেশনের ব্রিজ ১২ ফুট চওড়া হবে। সমস্ত প্ল্যাটফর্ম শেড দিয়ে ঢাকা হবে।' ডিআরএম অমরজিৎ গৌতম জানান, আগামী মাসেই দ্বিতীয় লিফটের কাজ শেষ হয়ে যাবে। ছিলেন জেলা বিজেপি সভাপতি বাপি গোস্বামী সহ রেলের আধিকারিকরা।



*জলপাইগুড়ি রোড স্টেশনে লিফটের উদ্বোধনে সাংসদ জয়ন্ত রায়। মঙ্গলবার।*

**JOBS**

Applications are invited at Air Force School, Hasimara for the following posts:-

| Sl No | Designation | Subject | No. of Posts | Salary |
|---|---|---|---|---|
| **Category I - Permanent on Probation** | | | | |
| (a) | PGT | History | 01 | Rs.35,000 + DA (as admissible) |
| (b) | PGT | Biology | 01 | |
| (c) | PGT | Chemistry | 01 | |
| (d) | PGT | Physics | 01 | |
| (e) | PGT | Computer Science | 01 | |
| (f) | TGT | Music | 01 | Rs.33,000 + DA (as admissible) |
| (g) | Office Superintendent | --- | 01 | Rs.25,000 + DA (as admissible) |
| (h) | Lab Attendant | --- | 01 | Rs.14,000 + DA (as admissible) |
| (j) | MTS (Male) | --- | 02 | Rs.13,000 + DA (as admissible) |
| **Category II - On Contractual Basis** | | | | |
| Sl No | Designation | Subject | No. of Posts | Salary |
| (a) | PRT | --- | 02 | Rs 28,500 (fixed) |
| (b) | NTT | --- | 01 | Rs 18,000 (fixed) |
| (c) | Office Clerk | --- | 01 | Rs 14,500 (fixed) |
| (d) | MTS (Male) | --- | 01 | Rs 13,000 (fixed) |

Interested candidates are to check the eligibility criteria at **www.afschoolhasimara.com** and contact at mobile number - 8158019552 (between 09 AM to 03 PM). All eligible candidates must submit their applications by post at following address:-
TO
THE PRINCIPAL
AIR FORCE SCHOOL HASIMARA
DIST - ALIPURDUAR (WB)
PIN - 735215
Applications must reach to above said address on or before 05 Mar 24.




জন্মদিনে অথবা বিবাহবার্ষিকীতে শুভেচ্ছা জানাতে, হবু জামাই অথবা পুত্রবধূ খুঁজতে, চাকরির খোঁজ পেতে অথবা শূন্যপদের জন্য প্রার্থী খুঁজতে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকে খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়।

আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবঙ্গ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।

আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅ্যাপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।

ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅ্যাপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে যেতে পারছেন।

হোয়াটসঅ্যাপ অথবা মেসেজ করুন
৯০৬৪৮৪৯০৯৬
এই নম্বরে

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ

## ময়নাতদন্তে ঘুষ বন্ধে অনুরোধের পথে উত্তরবঙ্গ মেডিকেল

# সাফাইকর্মীদের ওপর নজরদারি

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** মৃতদেহ ময়নাতদন্তের পর টাকা না দিলে ছাড়া হয় না। টাকা না দিয়েই দেহ ছেড়ে দেওয়ার সুপারিশ এলে কাটা দেহ ঠিকমতো সেলাই করা হয় না। দীর্ঘদিন ধরেই উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের মর্গে টাকা নেওয়ার একটা প্রথা চলে আসছে বলে অভিযোগ। অপ্রিয় এই সত্য হাসপাতাল সুপার থেকে শুরু করে রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান গৌতম দেবও জানেন। কর্তৃপক্ষের কাছে একাধিকবার অভিযোগও জমা পড়েছে। ভয় দেখানো থেকে শুরু করে নির্দেশিকা কোনও কিছুতেই কোনও কাজ হয়নি। মর্গের কর্মীদের বেশি ভয় দেখাতেও রাজি নয় কর্তৃপক্ষ, পাছে তাঁরা ধর্মঘট ডেকে দেন। তাই মর্গে ঘুষ নেওয়া আটকাতে এবার অনুরোধের পথে হাঁটছে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ। মঙ্গলবার হাসপাতালে প্রশাসনিক বৈঠকের পর এমনই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পাশাপাশি মর্গ সংলগ্ন এলাকায় সিসিটিভি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এলাকাজুড়ে বেশ কিছু সচেতনতামূলক পোস্টারও লাগানো হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিনের বৈঠকের সভাপতিত্ব করেছেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব। তাঁর বক্তব্য, 'আমরা ওই এলাকায় সিসিটিভি ক্যামেরা বসাচ্ছি। দ্রুত যাতে ক্যামেরা বসানো হয় সেই ব্যবস্থা করা হচ্ছে। পাশাপাশি ফরেন্সিক সায়েন্স বিভাগের প্রধানকেও বিষয়টি জানানো হয়েছে। ঘুষ যাতে না নেওয়া হয় তার জন্যে কর্মীদেরও অনুরোধ করা হবে।'

তবে শুধু মর্গের সমস্যাই নয়, মেডিকেল কলেজ ও হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়েও প্রায়ই অভিযোগ আসছে। অভিযোগ, সাফাইকর্মীরা নিজ নিজ দপ্তরে কাজে এসে বায়োমেট্রিকে উপস্থিতি দিয়ে কিছুক্ষণ থেকেই বেরিয়ে যাচ্ছেন। এর ফলে একাধিক ওয়ার্ডে সাফাই পরিষেবা বিঘ্নিত হচ্ছে। এই পরিস্থিতিতে ২৮৫ জন সাফাইকর্মীর ওপর নজরদারি চালাবে কর্তৃপক্ষ। এখন থেকে সমস্ত ওয়ার্ডের নার্সিং ইনচার্জরা প্রতিমাসে সাফাইকর্মীদের হাজিরার তথ্য জমা করবেন ডেপুটি সুপার কিংবা সহকারী সুপারের কাছে। সাফাইকর্মীরা কখন ঢুকছেন, কখন বের হচ্ছেন সেই সমস্ত তথ্য জমা করতে হবে। তিন মাস পরপর হাসপাতাল সুপার সেগুলি পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ করবেন। তবে চিকিৎসকদের হাজিরা নিয়ে এদিন কোনও আলোচনাই হয়নি বৈঠকে। পাশাপাশি গৌতম দেব বা কোনও কর্তাই বিষয়টি নিয়ে মন্তব্য করেননি।

এর বাইরে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে মাদার অ্যান্ড চাইল্ড কেয়ার হাব তৈরির জন্যে রাজ্যের কাছে প্রস্তাব পাঠাচ্ছে কর্তৃপক্ষ। রাজ্য এই প্রকল্পে সায় দিলে মেডিকেল ক্যাম্পাসে একটি ন'তলা বিল্ডিং তৈরি হবে। সেখানে শুধুমাত্র মা এবং সদ্যোজাতদের চিকিৎসা করা হবে। জায়গা থাকলে পুরো শিশু বিভাগটিকেও ওই এলাকায় স্থানান্তরিত করে দেওয়া হবে। তবে মাদার অ্যান্ড চাইল্ড কেয়ার হাবের প্রস্তাব পাঠানো হলেও এখনও সুপারস্পেশালিটি ব্লক হস্তান্তর করতে না পারায় প্রশ্ন উঠতে শুরু করেছে। মেডিকেল সূত্রে খবর, সুপারস্পেশালিটি ব্লকে এখনও পরিকাঠামোর কাজ সম্পন্ন হয়নি। ওই কাজের জন্যে দু'বার টেন্ডার ডাকা হলেও তাতে সাড়া মেলেনি। তাই তৃতীয় টেন্ডার ডাকছে কর্তৃপক্ষ। কাজ শেষ হলেই সুপারস্পেশালিটি ব্লক হস্তান্তর করে দেওয়া হবে।

**কিছু পদক্ষেপ**

- মর্গকর্মীদের ঘুষ নেওয়া বন্ধে পোস্টার
- সাফাইকর্মীদের নজরদারিতে নার্সিং ইনচার্জরা
- মাদার অ্যান্ড চাইল্ড কেয়ার হাব তৈরির প্রস্তাব
- চিকিৎসকদের হাজিরা নিয়ে মুখে কুলুপ




*বামেদের কৃষক ও শ্রমিক সংগঠনের প্রতিবাদ মিছিল। মঙ্গলবার।*

## ঋণমেলা

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** গ্রামীণ মহিলাদের রোজগারের পথ প্রশস্ত করতে রাজ্য সরকার গ্রামে গ্রামে ঋণমেলার আয়োজন করেছে। মঙ্গলবার মাটিগাড়া বিডিও কার্যালয়ে এমনই একটি মেলা আয়োজিত হয়। এই মেলা থেকে ১০৫টি স্বনির্ভর গোষ্ঠীকে সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়ার মাধ্যমে ৬ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা ঋণ দেওয়া হয়।

দার্জিলিংয়ের জেলা শাসক ডাঃ প্রীতি গোয়েল, শিলিগুড়ি মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ, মাটিগাড়ার বিডিও বিশ্বজিৎ দাস, ডিস্ট্রিক্ট রুরাল ডেভেলপমেন্ট সেলের সহকারী প্রকল্প আধিকারিক মৌসুমি পাত্র প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন। জেলা শাসক জানান, ৭ শতাংশ হারে এই ঋণ দেওয়া হলেও রাজ্য সরকার তার ৫০ শতাংশ দেবে। কাজের ক্ষেত্রে পারদর্শিতা দেখাতে পারলে রাজ্য সরকার পুরো সুদ মকুব করে।

# কেন্দ্রীয় নীতির বিরুদ্ধে বামেদের আইন অমান্য

**মিঠুন ভট্টাচার্য**


**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** কেন্দ্রীয় শ্রমিক সংগঠন ও কৃষক সংগঠনগুলির ডাকে মঙ্গলবার শিলিগুড়িতে আইন অমান্য কর্মসূচি পালন করা হয়। শ্রমিক-কৃষক সংগঠনের নেতা-কর্মীরা বিভিন্ন কেন্দ্রীয় নীতির বিরুদ্ধে এদিন আন্দোলনে শামিল হন।

এদিন দুপুরে শিলিগুড়ি শহরের মহানন্দা ব্রিজ সংলগ্ন এলাকা থেকে একটি মিছিল বের হয়। মিছিলটি হিলকার্ট রোড, কাছারি রোড হয়ে শিলিগুড়ি মুখ্য ডাকঘরের দিকে রওনা হয়। যদিও মিছিলটি ডাকঘরের কাছাকাছি আসতেই পুলিশের তরফে ব্যারিকেড করে সেটিকে আটকে দেওয়া হয়। এতে কিছু সময়ের জন্য এলাকায় উত্তেজনা ছড়ায়।

এদিন বাম সংগঠনগুলির তরফে বিভিন্ন জেলায় আইন অমান্য কর্মসূচির ডাক দেওয়া হয়েছিল। সেই মতো বাম সমর্থকরা শহর শিলিগুড়িতেও পথে নামেন। অপ্রীতিকর পরিস্থিতি রুখতে আগে থেকেই পুলিশের তরফে পর্যাপ্ত ব্যবস্থা নিয়ে রাখা হয়েছিল। সেই কারণে এদিনের কর্মসূচিতে আইনশৃঙ্খলাজনিত পরিস্থিতির অবনতি হয়নি। সিটু নেতা সমন পাঠক বলেন, 'কেন্দ্রীয় সরকার শ্রম আইন মানছে না। সমস্ত রাষ্ট্রায়ত্ত সম্পদ ব্যক্তি মালিকদের হাতে তুলে দিচ্ছে। এমন সব অগণতান্ত্রিক সিদ্ধান্তের বিরুদ্ধে আমাদের লড়াই চলবে।' প্রায় একইভাবে এআইটিইউসির দার্জিলিং জেলা সম্পাদক পার্থ মৈত্রর বক্তব্য, 'কেন্দ্রে একটি জনবিরোধী সরকার চলছে। তারা মানুষকে কোনও দিশা দেখাতে পারছে না। শিল্প নেই, কারখানা নেই। এই সময়ে বেকারত্ব সর্বোচ্চ সীমা পার করেছে। নজর ঘোরাতে সরকারের তরফে ধর্মের রামাবলি গায়ে জড়ানো হয়েছে।'

এছাড়াও কৃষিপণ্যের দাম কমানো, দেশ ও রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও প্রশ্ন তোলা হয়। নকশালপন্থী কৃষক নেতা পবিত্র রায় সহ অনেকেই কেন্দ্রীয় নীতির সমালোচনা করেছেন। অন্যদের মধ্যে কৃষক নেতা ঝরেন রায়, জয় লোধ সহ অনেকেই উপস্থিত ছিলেন। বিভিন্ন সরকারি কর্মচারী সংগঠনের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

পঞ্জিকা বলতে একটাই
নির্ভুল ও নির্ভরযোগ্য
© শ্রীমদন গুপ্তের ফুল পঞ্জিকা ®
Trade Mark Registered




ভারত সরকার প্রদত্ত Ⓡ
চিহ্ন দেখিয়া পঞ্জিকা কিনুন
© COPYRIGHT REGISTERED
THE BEST PANJIKA

**অন্য সংস্করণের খবর**

## রাজ্যে বোড়ো ভাষার স্বীকৃতি চায় যৌথ মঞ্চ

**কালচিনি, ১৩ ফেব্রুয়ারি :** মেচ জনজাতির মানুষ বোড়ো ভাষায় কথা বলেন। পাশের রাজ্য অসমে বোড়ো ভাষার স্বীকৃতি অনেক আগেই দেওয়া হয়েছে। তবে এ রাজ্যে বোড়ো ভাষা স্বীকৃতি পায়নি। মঙ্গলবার কালচিনি ব্লকের মেন্দাবাড়ি গ্রাম পঞ্চায়েতের পশ্চিম সাতালি গ্রামের বস্তিবাজার এলাকায় বোড়ো সাহিত্যসভার অনুষ্ঠানে এরাজ্যে বোড়ো ভাষার সরকারি স্বীকৃতি ও অন্তত প্রাথমিক স্তরে বোড়ো ভাষায় পঠনপাঠন চালু করার সরকারি অনুমতির দাবি উঠল। এদিন অনুষ্ঠানে বোড়ো ভাষায় প্রাকপ্রাথমিক থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত বইয়ের আবরণ উন্মোচন করা হয়। অনুষ্ঠানে বোড়ো টেরিটোরিয়াল রিজিওনের চিফ প্রমোদ বোড়োর আসার কথা থাকলেও তিনি আসতে পারেননি। তাঁর প্রতিনিধি হিসেবে উপস্থিত বেরলাই কার্জি নতুন বইয়ের আবরণ উন্মোচন করেন।

এ রাজ্যে বোড়ো ভাষার সরকারি স্বীকৃতির দাবিতে বোড়ো জনজাতির তিনটি সংগঠন পশ্চিমবঙ্গ বোড়ো সাহিত্যসভা, পশ্চিমবঙ্গ দুলারাই মেচ সমাজ ও পশ্চিমবঙ্গ অল বোড়ো স্টুডেন্ট ইউনিয়ন মিলিতভাবে এক ছাতার তলায় এসে একটি যৌথ মঞ্চ তৈরি করেছে। ওই মঞ্চের নাম দেওয়া হয়েছে বোড়ো রাও দৈদেন সালাংথাই দেই দেন গৌথুং। ওই মঞ্চের সম্পাদক বিদেশ সুবা জানান, গত বিধানসভা নির্বাচনের আগে কালচিনির নিমতি দোমোহনির জনসভায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রতিশ্রুতি দিয়েছিলেন ফের ক্ষমতায় ফিরলে বোড়ো ভাষার সরকারি স্বীকৃতি ও স্কুলে বোড়ো ভাষায় পঠনপাঠন চালু করা হবে। যদিও এখনও পর্যন্ত সেই প্রতিশ্রুতি কার্যকর করা হয়নি।

**আলিপুরদুয়ার**

# বিদ্যুৎ অফিস বন্ধ, প্রতিবাদে গ্রাহকরা

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** পূর্বনির্ধারিত সময় অনুযায়ী এসে আধিকারিকদের দেখা তো মিললই না, উপরন্তু বন্ধ ছিল বিদ্যুৎ দপ্তরের ফুলবাড়ির অফিস। প্রতিবাদে মঙ্গলবার অফিসের সামনেই অবস্থানে বসেন কয়েকশো গ্রাহক।

বিদ্যুতের মূল্যবৃদ্ধি, স্মার্ট মিটার বসানো সহ একাধিক বিষয়ের প্রতিবাদে অল বেঙ্গল ইলেক্ট্রিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশন (অ্যাবেকা)-এর তরফে এদিনের আন্দোলনের ডাক দেওয়া হয়। সংগঠনের ফুলবাড়ি ও সন্ন্যাসীকাটা অঞ্চল কমিটির ডাকে কয়েকশো গ্রাহক আন্দোলনে শামিল হন। আন্দোলনকারীরা এদিন ফুলবাড়ির ব্যাটালিয়ন মোড়ে জমায়েত হন। তারপর মিছিল করে তাঁরা বিদ্যুৎ অফিসের দিকে রওনা হন। মিছিলটি ফুলবাড়ি বাজার এলাকায় এলে সেখানে বিক্ষোভ দেখান সংগঠনের কর্মী ও গ্রাহকরা। সেখান থেকে বিদ্যুৎ অফিসের সামনে যান তাঁরা। কিন্তু সেখানে গিয়ে দেখেন অফিস বন্ধ। প্রতিবাদে সেখানে অবস্থানে বসেন গ্রাহকরা।

সংগঠনের তরফে হরিকিশোর রায় বলেন, 'বিদ্যুৎ দপ্তরকে বেসরকারি করে দেওয়ার চক্রান্ত চলছে।' সংগঠনের তরফে জয়ন্ত ঘোষ, শ্যামলচন্দ্র সিনহারা জানান, স্মার্ট মিটার চাপিয়ে দেওয়ার এই সিদ্ধান্ত মেনে নেওয়া হবে না। আগে থেকে সময় চেয়ে নিয়ে এদিন দপ্তরে কথা বলতে আসার সিদ্ধান্ত হয়েছিল। অফিস বন্ধ থাকবে সেটা বলা হয়নি। হয়েছে। এদিন সরকারি ছুটি থাকায় দপ্তরের তরফে কোনও বক্তব্য মেলেনি।




*বিদ্যুতের মূল্যবৃদ্ধির প্রতিবাদে মিছিল। মঙ্গলবার।*

GOVERNMENT OF WEST BENGAL
WEST BENGAL MINORITIES' DEVELOPMENT AND FINANCE CORPORATION
(A Statutory Corporation under the Government of West Bengal)
Amber, DD-27E, Sector-I, Salt Lake City, Kolkata-64

The last date for submission of application for Talent Support Programme (TSP) Scholarship for the session 2023-24 are revised and extended as follows:

| Sl. No. | Name of the Scholarship Scheme | Date extended up to fresh | renewal |
| --- | --- | --- | --- |
| 1 | Post Matric Stipend Under Talent Support Programme(TSP) | 31.03.2024 | |

Sd/- Managing Director
Toll Free Number – 18001202130
Contact Number – 033-4004-7468/033-4004-7469
WhatsApp Number - 8017071714
ICA-N111(5)/2024

# ফুটবলারকে পুলিশি হেপাজতের নির্দেশ কোর্টের

**নকশালবাড়ি, ১৩ ফেব্রুয়ারি :** সেনেগালের বাসিন্দা ফুটবলার আবদুল্লাহ আবুবকর ও তার সহযোগী বিহারের মোতিহারি জেলার বাসিন্দা মুকেশ ঠাকুরকে মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করলে তিনদিনের পুলিশি হেপাজতে রাখার নির্দেশ দিল আদালত। ভারতে কোথায় কোথায় ছিল এবং কাদের সহযোগিতায় তারা অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিল সবকিছুই খতিয়ে দেখছে পুলিশ। সোমবার আবুবকর ও তার সহযোগী মুকেশ ঠাকুর ভারত-নেপাল সীমান্তের লালজিজোতের মেচি নদীর তীরে এসএসবির হাতে ধরা পড়ে।

## সোকপিটের কাজ নিয়ে ক্ষোভ

**চাকুলিয়া, ১৩ ফেব্রুয়ারি :** চাকুলিয়ার বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে সোকপিট বসানো হয়। অভিযোগ, বালাঞ্চা, চাকুলিয়া জুনিয়ার স্কুল সহ কিছু স্থানে সোকপিট বসানো হলেও এর ঢাকনা দেওয়া হয়নি। ঠিকাদার সংস্থার কর্মীরা সোকপিটগুলিতে ঢাকনার কাজ না করে চলে গিয়েছে। যার ফলে দুর্ঘটনার আশঙ্কা দেখা দিয়েছে। স্থানীয় সূত্রে খবর, চাকুলিয়া ব্লকজুড়ে চারশোর কাছাকাছি সোকপিট বসানো হয়েছে। স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র, উপ স্বাস্থ্যকেন্দ্রে এগুলো বসানো হয়। অভিযোগ, অধিকাংশ জায়গায় দেখা যাচ্ছে যে, সোকপিট বসানোর পর ঢাকনা ভেঙে গিয়েছে, অনেক জায়গায় ঢাকনা বসানো হয়নি। এই অবস্থা নিয়ে বাসিন্দাদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। বালাঞ্চা গ্রামের এক স্থানীয় বাসিন্দা তারিক আনোয়ার বলেন, একেকটি সোকপিটের জন্য বরাদ্দ ২৫ থেকে ৩৫ হাজার টাকা করে রয়েছে। এত নিম্নমানের হয়েছে যে যেখানে ঢাকনা দেওয়া আছে সেখানে কোনও জিনিসের একটু চাপ পড়লেই ভেঙে যাচ্ছে। অনেক জায়গায় মোটেও ঢাকনা দেওয়া হয়নি। চাকুলিয়া গ্রাম পঞ্চায়েত প্রধান বিবি তাজকেরা খাতুনের বক্তব্য, বাইরের ঠিকাদার সংস্থা দিয়ে কাজ করানো হয়েছিল। তবে কোনও অভিযোগ থাকলে তা খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।

## চারুকলা প্রদর্শনী

**জলপাইগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** জলপাইগুড়ি টাউন ফোক অ্যান্ড ফাইন আর্টস অর্গানাইজেশনের উদ্যোগে ১৪ ফেব্রুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত চারদিনব্যাপী চারুকলা প্রদর্শনী আয়োজিত হতে চলেছে। সংস্থার সম্পাদক সৌরভ সরকার জানান, জলপাইগুড়ি আর্ট কমপ্লেক্সের চারুচন্দ্র সান্যাল প্রদর্শনী কক্ষে চারুকলা শিল্পীদের শিল্পকর্ম নিয়ে এই প্রদর্শনী হবে। উদ্বোধন করবেন রামকৃষ্ণ মিশনের প্রধান স্বামী শিবপ্রেমানন্দজি মহারাজ।

স্বাস্থ্যব্যবস্থার মানোন্নয়নে একটি যুগান্তকারী পদক্ষেপ

মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়ের
অনুপ্রেরণায়




রাজ্যের সরকারি নার্সিং পরিষেবায়
এক নতুন দিগন্তের সূচনা
৩২৪টি যোগ্য চিকিৎসা সহায়ক পদ সৃষ্টি



জীবনভর চিকিৎসকদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে পরিষেবা দিয়ে দক্ষতা অর্জন করেছেন যে অভিজ্ঞ নার্সিং স্টাফেরা, তাঁদের যোগ্যতার সম্মান এবং তাঁদের জীবনে নতুন আলোর সন্ধান।

ICA-D261(17)/2024

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার




প্রসিদ্ধ কৃষ্ণা
ভারতীয় ক্রিকেটার, আরবিআই কর্মচারী

আরবিআই একথা বলে...
জেনে রাখুন, সতর্ক থাকুন!

প্রতারকদের থেকে সাবধান :

- টাকা দাবি-করা অচেনা ব্যক্তিদের থেকে-আসা কল্ / ইমেল-এর উত্তর দেবেন না
- চড়া রিটার্নস্-এর প্রস্তাব-দেওয়া ওয়েবসাইটস্ / অ্যাপস্-এর খুঁটিনাটি যাচিয়ে দেখুন
- অবিলম্বে টাকার সাহায্য-চাওয়া অনুরোধ যাচাই ক'রে দেখুন

বিশদ জানতে হ'লে,
https://rbikehtahai.rbi.org.in/dp দেখে নিন

জনস্বার্থে প্রচার করছে
ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক
RESERVE BANK OF INDIA
www.rbi.org.in

ডিজিসাথী, ডিজিটাল পেমেন্টের বিকল্প-কেন্দ্রিক তথ্যের বিষয়ে স্বয়ংক্রিয় প্রত্যুত্তরের জন্যে 24x7 হেল্পলাইন :
টোল্-ফ্রী নম্বর : 1800-891-3333; একটি সংক্ষিপ্ত কোড : 14431; ওয়েবসাইট : www.digisaathi.info

# রিং রোডের শিলান্যাস করবেন মোদি

সানি সরকার

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** শিলিগুড়ি শহর ঘিরে চার হাজার কোটি টাকায় নতুন রিং রোড তৈরি করা হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৩ মার্চ শিলিগুড়িতে এসে বাগডোগরা বিমানবন্দরের সম্প্রসারণের কাজের সূচনার পাশাপাশি এই প্রকল্পটির শিলান্যাস করবেন। রাঙ্গাপানিতে রেলওয়ে ওভারব্রিজ ও ফুলবাড়ি সীমান্ত থেকে শিলিগুড়ির সংযোগকারী ১২ কিলোমিটার ফোর লেন রাস্তার মতো আরও দুটি মেগা প্রোজেক্ট শিলান্যাসের তালিকায় রয়েছে। ফলে ভোটের আগে উত্তরের অলিখিত রাজধানীকে কেন্দ্রীয় সরকার যে বিশেষ গুরুত্ব দিচ্ছে, তা স্পষ্ট। দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্টের বক্তব্য, 'প্রধানমন্ত্রী চারটি প্রকল্পের শিলান্যাস করবেন প্রধানমন্ত্রী। শিলান্যাসের সঙ্গেই প্রতিটি প্রকল্পের কাজ শুরু হয়ে যাবে ভৌগোলিক অবস্থানের জন্য সবসময়ই শিলিগুড়ি গুরুত্বপূর্ণ। ফলে এই অঞ্চলে কেন্দ্রীয় সরকারের বিশেষ নজর রয়েছে।'

শুধু আকাশপথ বা রেলপথ নয়, কেন্দ্র সড়কপথেও গতি বৃদ্ধি করতে চাইছে। এই ক্ষেত্রে শিলিগুড়ি বাড়তি গুরুত্ব পাচ্ছে। শহরের যানজট নিরসনে বালাসন থেকে সেবক সেনাছাউনি পর্যন্ত ইতিমধ্যে এলিভেটেড করিডরের কাজ চলছে। এবার শিলিগুড়িকে কেন্দ্র করে সড়ক পরিবহণমন্ত্রক রিং রোড তৈরির সিদ্ধান্ত নিয়েছে। জানা গিয়েছে, সবমিলিয়ে রিং রোডের দৈর্ঘ্য ১৭০ কিলোমিটার হবে। এর জন্য প্রায় চার হাজার কোটি টাকা বরাদ্দ ধরা হয়েছে। হিলকার্ট রোড, সেবক রোড, বর্ধমান রোড সহ কয়েকটি রাস্তার সঙ্গে রিং রোডের সংযোগ থাকবে।

দার্জিলিংয়ের সাংসদের দাবি, 'ইতিমধ্যে ডিটেলড প্রোজেক্ট রিপোর্ট তৈরি হয়ে গিয়েছে। সমস্ত কাজের জন্য কিছুদিনের মধ্যে দরপত্র আহ্বান করা হবে। রাজনীতি নয়, আমরা চাই শিলিগুড়ির মানুষকে যানজট যন্ত্রণা থেকে মুক্তি দিতে।' জমি এবং অন্যান্য কয়েকটি ক্ষেত্রে রাজ্যের সহযোগিতা পাওয়ার ক্ষেত্রে কোনও সমস্যা নেই বলে জানান তিনি। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'দরপত্রের প্রক্রিয়া শেষ হলেই কোন কোন অঞ্চল দিয়ে রিং রোড তৈরি হবে, সেটি কতটা চওড়া হবে, এই বিষয়গুলি সামনে নিয়ে আসা হবে।'

**যাতায়াতে সুবিধা**

- শিলিগুড়িকে কেন্দ্র করে সড়ক পরিবহণমন্ত্রক রিং রোড তৈরির সিদ্ধান্ত নিয়েছে
- সবমিলিয়ে রিং রোডের দৈর্ঘ্য ১৭০ কিলোমিটার, প্রায় চার হাজার কোটি টাকা বরাদ্দ
- হিলকার্ট রোড, সেবক রোড, বর্ধমান রোড সহ কয়েকটি রাস্তার সঙ্গে রিং রোডের সংযোগ থাকবে

এলিভেটেড করিডরের শিলান্যাস অনুষ্ঠানে কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নীতিন গড়করি ফুলবাড়িতে ফোর লেনের রাস্তা তৈরির প্রতিশ্রুতি দিয়েছিলেন। ফুলবাড়ি সীমান্ত থেকে জটিয়াকালিতে এশিয়ান হাইওয়ে সংযোগকারী ফোর লেনের ১২ কিলোমিটার রাস্তা তৈরি করতে প্রায় ৬৫০ কোটি টাকা বরাদ্দ করেছে। এই ক্ষেত্রেও প্রয়োজনীয় জমি দিতে রাজ্য সম্মত হয়েছে। সাহুডাঙ্গি সংলগ্ন ঠাকুরনগরের মতো রাঙ্গাপানি লেভেল ক্রসিংয়ের ওপর দিয়ে চলাচল চরম যন্ত্রণা ছাড়া কিছুই নয়।

উত্তর-পূর্ব সীমান্ত রেল কিছুদিন আগেই রাঙ্গাপানিতে রেলওয়ে ওভারব্রিজ (আরওবি) তৈরির কথা ঘোষণা করেন। এই প্রকল্পের ক্ষেত্রে রাজ্যের পূর্ত দপ্তর ইতিমধ্যে নকশা অনুমোদন করেছে। আরওবি তৈরির ক্ষেত্রে রেল খরচের একশো শতাংশ প্রায় ৫০ কোটি টাকা বরাদ্দ করেছে। প্রধানমন্ত্রীর এই প্রকল্পটির শিলান্যাস করার কথাও রয়েছে। রেল সূত্রে খবর, উত্তর-পূর্ব সীমান্ত রেলের চিফ জেনারেল ইঞ্জিনিয়ার ভরতলাল মিনা বুধবার শিলিগুড়িতে আসবেন। নকশালবাড়ি এবং বাগডোগরার আরওবি পরিদর্শনের পাশাপাশি রাঙ্গাপানিতে তাঁর যাওয়ার কথা রয়েছে।



চেতনাগছ গ্রামে ধর্নায় বসেছেন তৃণমূল নেতারা। মঙ্গলবার।

## ক্ষতিপূরণে ক্ষত মিটবে না, কান্না সীমান্তের গ্রামে

**চোপড়া, ১৩ ফেব্রুয়ারি :** 'টাকা দিয়ে কী হবে? আমরা কি আর সন্তানকে ফিরে পাব!'

মঙ্গলবার চেতনাগছে মন্ত্রী ও বিধায়ককে পাশে পেয়ে এভাবেই ডুকরে কেঁদে উঠলেন সদ্য সন্তানহারা বাবা-মায়েরা। সোমবার ভারত-বাংলাদেশ সীমান্ত ঘেঁষা ওই গ্রামে মাটি চাপা পড়ে ৪ শিশুর মৃত্যু হয়েছে। এদিন তাদের দেহ সমাধিস্থ করা হয়। সকাল থেকেই কাঁটাতার ঘেঁষা এলাকায় পরিবেশ ছিল থমথমে। সেইসঙ্গে তৃণমূলের রাজনৈতিক কর্মসূচির ফলে পরিবেশ আরও ভারী হয়ে ওঠে। এক মৃত শিশুর বাবা দিল্লিতে পরিযায়ী শ্রমিক হিসেবে কাজ করতেন। সন্তানের মৃত্যুর খবর পেয়ে তাঁর ফিরতে ফিরতে এদিন সন্ধ্যা হয়ে যায়। ছেলের শেষকৃত্যে তিনি আর উপস্থিত থাকতে পারেননি। শেষবারের জন্যও ছেলেকে দেখতে না পেয়ে রীতিমতো ভেঙে পড়েন তিনি।

সন্তানহারা পরিবারগুলোকে এদিন বিএসএফের বিরুদ্ধে বিক্ষোভ অবস্থান কর্মসূচিতে ডেকেছিলেন স্থানীয় তৃণমূল নেতারা। সেই ডাকে কিন্তু খুব বেশি লোক সাড়া দেননি। সব ঘরেই ছিল কান্নার রোল। সন্তানহারা পরিবারগুলিকে সান্ত্বনা দিতে এদিন বাড়ি বাড়ি যান রাজ্যের মন্ত্রী গোলাম রব্বানি, এলাকার বিধায়ক হামিদুল রহমান সহ অনেকেই। প্রত্যেক পরিবারের হাতে তিন লক্ষ করে টাকা তুলে দেওয়া হয়। বিধায়ক অবশ্যই এদিন সকালেই এলাকায় পৌঁছান ও মৃতদের শেষকৃত্যে অংশ নেন।

ওই গ্রামের বাসিন্দাদের কবরস্থান রয়েছে কাঁটাতারের ওপারে। সেখানেই ৪ শিশুকে সমাধিস্থ করা হয়। বিএসএফ অবশ্য এদিনও বিভিন্নভাবে সহযোগিতায় হাত বাড়িয়ে দিয়েছে। এদিন মৃতদের শেষকৃত্য ঘিরে মানুষের ঢল নামে। কান্নার আওয়াজে সবার মন ভারী হয়ে যায়।

সোমবার থেকেই এলাকার চায়ের ঠেক থেকে শুরু করে হাটবাজার, সর্বত্রই চার শিশুর মৃত্যু ও সীমান্ত এলাকায় এভাবে গভীর নালা খনন নিয়ে আলোচনা চলেছে। এদিনও সেই একই কথা শোনা গিয়েছে আনাচকানাচে। এদিন যাঁরাই ওই গ্রামে গিয়েছেন, ওই গভীর নালা দেখে চমকে উঠেছেন। দুর্ঘটনায় মৃতদের পরিবার ও গ্রামবাসীদের একটাই বক্তব্য, কোনও সতর্কবার্তা না দিয়ে হঠাৎ করে এত বড় মাপের নালা খননেই বিপত্তি ঘটেছে। স্থানীয়দের আরও অভিযোগ, সীমান্ত এলাকায় মাটি পাচারকারীর একটি বড়সড়ো চক্র সক্রিয়।

এদিকে নালা খনন নিয়ে বিএসএফের ভূমিকা ঘিরেও প্রশ্ন তুলেছেন গ্রামবাসীরা। ঘটনায় অভিযুক্তদের কঠোর শাস্তির দাবি উঠেছে। গ্রামবাসীদের বক্তব্য, আগেভাগে কোনওরকম সতর্কবার্তা না দিয়ে কীভাবে এতবড় গভীর নালা খনন করা হল? এদিন যাতে নতুন করে কোনওরকম অপ্রীতিকর ঘটনা না ঘটে, সেজন্য এলাকায় প্রচুর সংখ্যায় পুলিশ ও বিএসএফ জওয়ান মোতায়েন করা হয়েছিল।

### স্বনির্ভর গোষ্ঠীকে ঋণ

**বাগডোগরা, ১৩ ফেব্রুয়ারি :** মাটিগাড়া ব্লকের ১০৫টি স্বনির্ভর গোষ্ঠীকে ঋণ দিল সেন্ট্রাল ব্যাংক। মঙ্গলবার মাটিগাড়া ব্লক অফিস ক্যাম্পাসে মেগা ক্রেডিট ক্যাম্প করে এই ঋণ দেওয়া হয়। যে সকল স্বনির্ভর গোষ্ঠী ঋণ নিয়ে সঠিক সময়ে পরিশোধ করছে তাদের আরও বেশি সমৃদ্ধ করতে পাশাপাশি অন্যান্য গোষ্ঠীর সদস্যদেরও উৎসাহ দান করার জন্য ওই শিবির করা হয়। মাটিগাড়া ব্লকের বিডিও বিশ্বজিৎ দাস জানান, এদিন মোট ৬ কোটি ২২ লাখ ৫০ হাজার টাকা বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর মধ্যে বণ্টন করা হয়। জেলা শাসক প্রীতি গোয়েল, ব্লকের ডিআরডিএসটি প্রোজেক্ট ডিরেক্টর মৌসুমি পাত্র, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষরাও এই শিবিরে উপস্থিত ছিলেন।

### ভাঙা প্রাচীর দেখলেন বিডিও

**ফাঁসিদেওয়া, ১৩ ফেব্রুয়ারি :** স্কুলের ভাঙা সীমানা প্রাচীর পরিদর্শন করলেন ফাঁসিদেওয়ার বিডিও বিপ্লব বিশ্বাস। মঙ্গলবার উত্তরবঙ্গ সংবাদে ফাঁসিদেওয়া বালিকা বিদ্যালয়ের সীমানা প্রাচীর ফাটল ধরে হেলে যাওয়ায় ছাত্রীদের নিরাপত্তার খবর প্রকাশিত হয়। রাস্তার পাশে থাকা বিদ্যুতের খুঁটির উপর প্রাচীর ভেঙে পড়ে যে কোনও সময় একটা বড়সড়ো দুর্ঘটনা ঘটনা পারে বলে আশঙ্কায় ছিলেন এলাকাবাসী। তাই তাঁরা অবিলম্বে প্রশাসনের কাছে সমস্যা সমাধানের আর্জি জানান। এদিন বিডিও স্কুল পরিদর্শনে গিয়ে সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন। বিডিও বলেন, 'স্থায়ী সমাধান না হওয়া পর্যন্ত গ্রাম পঞ্চায়েত কিংবা পঞ্চায়েত সমিতির মাধ্যমে সীমানা প্রাচীর অস্থায়ীভাবে মেরামত করা যায় কি না দেখা হচ্ছে।

### বিক্ষোভ মিছিল ও পথ অবরোধ

**ফাঁসিদেওয়া, ১৩ ফেব্রুয়ারি :** বেতন বৃদ্ধি ও কলকাতার ধর্মতলায় গ্রেপ্তার হওয়া কর্মীদের নিঃশর্ত মুক্তি সহ একাধিক দাবি নিয়ে বিক্ষোভ মিছিল এবং রাজ্য সড়ক অবরোধ করলেন পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়নের কর্মীরা। মঙ্গলবার তাঁরা কর্মবিরতি পালন করে ফাঁসিদেওয়া বিডিও অফিস থেকে মিছিল করে থানা মোড়ে গিয়ে পথ অবরোধ করেন। প্রায় আধ ঘণ্টার বেশি সময় ফাঁসিদেওয়া-মেডিকেল মোড় রাজ্য সড়ক বন্ধ থাকায় যান চলাচল ব্যাহত হয়। সংগঠনের ব্লক সভাপতি রত্না মিত্র অধিকারী, সম্পাদক মীরা বিশ্বাসদের অভিযোগ, 'আশাকর্মীদের দিয়ে কেবল কাজ করিয়ে নেওয়া হচ্ছে। বাজেটে আমাদের বেতন বৃদ্ধি হয়নি। কোনও সুযোগসুবিধা দেওয়া হয়নি।' দাবি মানা না হলে বৃহত্তর আন্দোলনে নামা হবে বলেও তাঁরা হুঁশিয়ারি দেন।

### বাইক মিছিল

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** লক্ষ্মীর ভাণ্ডারের টাকা বৃদ্ধি, ৫০ দিনের কাজের মাধ্যমে রোজগারের সুযোগ সৃষ্টি সহ বিভিন্ন জনমুখী প্রকল্প ঘোষণা করায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানিয়ে তৃণমূল ছাত্র পরিষদ পথে নামল। মঙ্গলবার ডাবগ্রাম-ফুলবাড়ি ব্লক তৃণমূল ছাত্র পরিষদের তরফে আশিঘর মোড় থেকে একটি বাইক মিছিল করা হয়। ইস্টার্ন বাইপাস হয়ে মিছিলটি বিভিন্ন পথ পরিক্রমা করে। তৃণমূল ছাত্র পরিষদের রাজ্য কার্যনির্বাহী কমিটির সদস্য দিগন্ত রায়, ডাবগ্রাম-ফুলবাড়ি-২ অঞ্চলের সভাপতি বিভাস চন্দ্র সহ অন্যরা উপস্থিত ছিলেন।

### উদ্বোধন

**রাজগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি :** মুদিপাড়া নগেন্দ্রনাথ উচ্চবিদ্যালয়ে (উঃ মাঃ) ভূগোল বিভাগের সুসজ্জিত ল্যাবরেটরির উদ্বোধন করা হল। মঙ্গলবার বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীদের উপস্থিতিতে ল্যাবরেটরির উদ্বোধন করেন বিদ্যালয়ের পরিচালন সমিতির সভাপতি সুশীলকুমার বর্মন ও বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা প্রিয়াংকা চক্রবর্তী।

## তিন বাগানে কমিউনিটি হল, ভোটের আগে কাজ শুরু

# মহকুমার উন্নয়নে ৩০ কোটি

রণজিৎ ঘোষ

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** শিলিগুড়ির গ্রামীণ এলাকার উন্নয়নে মহকুমা পরিষদ প্রায় ৩০ কোটি টাকার প্রকল্প হাতে নিয়েছে। এর মধ্যে মহকুমার তিনটি চা বাগানে কমিউনিটি হল তৈরি হবে। যেখানে বিনা খরচে শ্রমিক পরিবারগুলি বিভিন্ন অনুষ্ঠান করতে পারবে। এছাড়া মার্কেট কমপ্লেক্স, রাস্তার কাজও রয়েছে। লোকসভা ভোটের আগেই এই কাজগুলি শুরু হয়ে যাবে। মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ বলেন, 'উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর এর আগে ২২ কোটি টাকা দিয়েছিল। আরও ১০ কোটি টাকা ওই দপ্তর দিয়েছে। দ্রুত সমস্ত প্রকল্পের শিলান্যাস করা হবে।'

মহকুমার চারটি ব্লকে এখনও প্রচুর রাস্তাঘাট তৈরি হয়নি। বহু এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে। মহকুমার হাটগুলিরও বেহাল দশা। এর আগে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর থেকে ২২ কোটি টাকা দেওয়া হয়েছিল। সেই টাকায় বিভিন্ন ব্লকে রাস্তা, সেতু তৈরি করা হচ্ছে। এই দপ্তর আরও ১০ কোটি টাকা দিয়েছে। নকশালবাড়ির কালীবাড়িতে ১ কোটি ৩৬ লক্ষ টাকায় সীমানা পাঁচিল তৈরি হবে। মণিরামে সারদা বিদ্যামন্দির থেকে স্টেশন মোড় পর্যন্ত রাস্তাটি ১ কোটি ১৮ লক্ষ টাকায় তৈরি হচ্ছে। অন্যান্য অনগ্রসর শ্রেণিকল্যাণ দপ্তরের দেওয়া ১ কোটি ২৯ লক্ষ ২১ হাজার টাকায় মহকুমার চা বাগানে কমিউনিটি হল তৈরি করা হচ্ছে। এগুলি ত্রিহানা, বেলগাছি চা বাগান এবং জাবরা ডিভিশনে হবে।

সভাধিপতি বলেন, 'চা বাগানের শ্রমিকদের পরিবারে বিয়ে সহ অন্যান্য অনুষ্ঠান করতে গিয়ে সমস্যা হয়। বাগান শ্রমিকদের প্রচুর টাকা খরচ করে মণ্ডপ করার মতো আর্থিক অবস্থা নেই। এই কমিউনিটি হলগুলি তৈরি হলে সেখানেই বাগানের শ্রমিকরা সমস্ত অনুষ্ঠান করতে পারবেন। সেখানে জল, বিদ্যুৎ সহ সমস্ত পরিষেবা থাকবে। হয়তো বিনামূল্যেই শ্রমিকদের এই ভবনগুলি ব্যবহার করতে দেওয়া হবে।'

'সরাসরি মুখ্যমন্ত্রীকে বলো' কর্মসূচিতে ফোন করে গ্রামের মানুষ বেশ কিছু রাস্তার জন্য আবেদন করেছিলেন। সেই রাস্তাগুলিও পথশ্রী প্রকল্পের মাধ্যমে তৈরি করার সিদ্ধান্ত হয়েছে। এই প্রকল্পে মাটিগাড়ায় তিনটি, ফাঁসিদেওয়ায় পাঁচটি এবং নকশালবাড়ি, খড়িবাড়িতে একটি করে রাস্তা তৈরি হচ্ছে। রুরাল এরিয়া ডেভেলপমেন্ট ফান্ডের (আরআইডিএফ) ৩ কোটি ২৯ লক্ষ টাকায় নকশালবাড়ির মণিরাম গ্রাম পঞ্চায়েতের রকমজোত থেকে সন্তোষী মাতা মন্দির পর্যন্ত রাস্তা তৈরি হচ্ছে।

মহকুমা পরিষদ মাটিগাড়া হাটে নতুন মার্কেট কমপ্লেক্স করছে। ১ কোটি ৪ লক্ষ টাকা খরচ করে ডিআই ফান্ডের জমিতে এই মার্কেট তৈরি হবে। সেখানে প্রায় ১০০ ব্যবসায়ীকে লটারির ভিত্তিতে জায়গা দেওয়া হবে।



কমিউনিটি হলগুলি তৈরি হলে সেখানে বাগানের শ্রমিকরা সমস্ত অনুষ্ঠান করতে পারবেন। জল, বিদ্যুৎ সহ সমস্ত পরিষেবা থাকবে। হয়তো বিনামূল্যেই শ্রমিকদের এই ভবনগুলি ব্যবহার করতে দেওয়া হবে

**উন্নয়ন পরিকল্পনা**

- মাটিগাড়া, ফাঁসিদেওয়া, নকশালবাড়ি, খড়িবাড়িতে রাস্তা
- রুরাল এরিয়া ডেভেলপমেন্ট ফান্ডের ৩ কোটি ২৯ লক্ষ টাকায় নকশালবাড়িতে সন্তোষী মাতা মন্দির পর্যন্ত রাস্তা
- মাটিগাড়া হাটে নতুন মার্কেট কমপ্লেক্স ১ কোটি ৪ লক্ষ টাকায়
- নকশালবাড়ির কালীবাড়িতে সীমানা পাঁচিল

### শিশুকন্যা নিগ্রহ ২ স্কুল পড়ুয়ার

**বীরপাড়া, ১৩ ফেব্রুয়ারি :** যৌন লালসা থেকে নিস্তার পেল না সাড়ে ৩ বছরের শিশুকন্যাও। অভিযুক্তরাও নাবালক। স্কুল পড়ুয়া ২ ভাই মিলে সেই দুষ্কর্ম করেছে বলে অভিযোগ। ঘটনাটি ঘটেছে বীরপাড়া থানার একটি চা বাগানে। অভিযোগ পেয়ে মঙ্গলবার দুজনকেই আটক করে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে পকসো ধারায় মামলা রুজু করা হয়েছে বলে বীরপাড়া থানা সূত্রের খবর।

মঙ্গলবার তাদের জলপাইগুড়ির জুভেনাইল জাস্টিস বোর্ডে পাঠানো হয়। এদিন শিশুকন্যাটির কাউন্সেলিংও করা হয়েছে বলে বীরপাড়া থানার পুলিশ জানিয়েছে।

ধৃত দুজনের একজনের বয়স ১৩ বছর। আরেকজনের ১২ বছর। ১২ বছরের ছেলেটি সম্পর্কে ১৩ বছরের ছেলেটির ভাই। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ছোট ছেলেটির বাবা-মা মারা যাওয়ার পর তাকে লালনপালনের দায়িত্ব নেয় ১৩ বছরের ছেলেটির বাবা-মা। পড়শি হওয়ার সুবাদে শিশুটির বাড়িতে যাতায়াত ছিল ধৃত ২ জনের। কয়েকদিন আগের নিজের ঘরে শিশুকন্যাটিকে নিয়ে যায় দুই ভাই। এরপর তারা মেয়েটিকে যৌন নির্যাতন করে বলে অভিযোগ। সোমবার বীরপাড়া থানায় অভিযোগ দায়ের করেন মেয়েটির মা।

অভিযোগ পেয়ে প্রথমে শিশুকন্যাটির পরিবারের লোকজনদের বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে পুলিশ। শিশুর মা পুলিশকে জানান, মেয়ের কাছে মুখে ঘটনাটি শুনে প্রথমে তিনি হতভম্ব হয়ে যান। কয়েকদিন ধরে বারবার জিজ্ঞাসাবাদ করার পর মেয়েটি একই বিবরণ দিয়ে যাচ্ছিল। পরে কয়েকজনের সঙ্গে পরামর্শ করে পুলিশের দ্বারস্থ হন।



শ্বেতশুভ্র।। বাগডোগরা–কলকাতা উড়ান থেকে ছবিটি তুলেছেন ডাঃ কল্যাণ খান।

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

### বেতন বৃদ্ধির দাবিতে অবরোধ

**খড়িবাড়ি, ১৩ ফেব্রুয়ারি :** রাজ্যের পাশাপাশি খড়িবাড়িতেও মঙ্গলবার আশাকর্মীরা বেতন বৃদ্ধির দাবিতে পথ অবরোধ ও কর্মবিরতি পালন করলেন। এদিন দুপুরে পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়নের তরফে একটি বিক্ষোভ মিছিল খড়িবাড়ি বিডিও অফিস থেকে শুরু হয়। মিছিলটি খড়িবাড়ি বাজার পরিক্রমা করে। পরে খড়িবাড়ি-শিলিগুড়ি রাজ্য সড়কের খেঁচগাঁজা ব্রিজের উপর আশাকর্মীরা পথ অবরোধ শুরু করেন। যার জেরে খড়িবাড়িতে ব্যাপক যানজট সৃষ্টি হয়। খবর পেয়ে খড়িবাড়ি থানার ওসি মনোতোষ সরকার বিশাল পুলিশবাহিনী নিয়ে ঘটনাস্থলে আসেন। ওসির সঙ্গে আলোচনার পর আশাকর্মীরা আধ ঘণ্টা পর অবরোধ তুলে নেন। ন্যূনতম ২৬ হাজার টাকা বেতন, স্মার্টফোন সহ বিভিন্ন দাবি নিয়ে আশাকর্মীরা দীর্ঘদিন ধরেই আন্দোলন করছেন। বেতন বৃদ্ধি না করা হলে লাগাতার কর্মবিরতির হুঁশিয়ারি দিয়েছেন খড়িবাড়ি ব্লক আশাকর্মী ইউনিয়নের সভাপতি নমিতা সূত্রধর। তিনি বলেন, 'দিন-দিন আশাকর্মীদের অমানুষিকভাবে কাজের বোঝা চাপিয়ে দেওয়া হচ্ছে। কাজের সমানুপাতিক বেতন বৃদ্ধির দাবি জানিয়ে কোনও লাভ হয়নি। বাজেটেও আশাকর্মীদের জন্য কোনও ঘোষণা করা হয়নি।'

## শেষমুহূর্তের প্রস্তুতি



আলপনা আঁকছে ছাত্রীরা। রামগঞ্জের শিবনগর কলোনিতে। মঙ্গলবার। ছবি : রাজু দাস

# সমগ্র শিক্ষা মিশনের অডিট নিয়ে বিতর্ক

মহম্মদ হাসিম

**নকশালবাড়ি, ১৩ ফেব্রুয়ারি :** লোকসভা ভোটের আগে সমগ্র শিক্ষা মিশনের সোশ্যাল অডিট ঘিরে নতুন করে বিতর্ক দেখা দিয়েছে। এর আগে ফান্ডের অভাব দেখিয়ে পঞ্চদশ অর্থ কমিশনের কোটি কোটি টাকার অডিট এখনও আটকে রয়েছে। তার ওপর শিলিগুড়ি শিক্ষা জেলার পুরনিগম এবং শিলিগুড়ি মহকুমা পরিষদের মোট ১০৪টি স্কুলে নতুন করে অডিটের নির্দেশিকা আসায় হইচই শুরু হয়েছে। যদিও শিলিগুড়ি শিক্ষা জেলার সমগ্র শিক্ষা মিশনের ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসার শ্রেয়সী ঘোষ বলেন, 'আমরা সোশ্যাল অডিটের কোনও নির্দেশিকা এখনও পাইনি।'

জানুয়ারি মাসে রাজ্যের সামাজিক নিরীক্ষা বিভাগ থেকে সমগ্র শিক্ষা মিশনের বরাদ্দ করা টাকার ওপর সোশ্যাল অডিটের নির্দেশিকা জারি করা হয়েছে। জানা গিয়েছে, এজন্য প্রতিটি ব্লকে গঠিত হবে এসএএফটি টিম অর্থাৎ সোশ্যাল অডিট ফেসিলিটেশন টিম। প্রশিক্ষণপ্রাপ্ত এই টিমের দায়িত্ব হবে এলাকার সমস্ত স্কুলে সমগ্র শিক্ষা মিশনের ওপর সোশ্যাল অডিট করা। সোশ্যাল অডিটের শিলিগুড়ি মহকুমার ডিস্ট্রিক্ট কোঅর্ডিনেটর সঞ্জয় বসু জানান, চারটি প্রকল্পের সোশ্যাল অডিট ইতিমধ্যে শেষ হয়েছে। তার রিপোর্ট নিয়ে ব্যস্ত রয়েছেন। তাঁর কথায়, 'তবে পঞ্চদশ অর্থ কমিশন এবং সমগ্র শিক্ষা মিশনের সোশ্যাল অডিট হবে কি না, তা নিয়ে আমি কিছু বলতে পারব না। তবে সোশ্যাল অডিটের নির্দেশিকা ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারকে পাঠিয়ে দেওয়া হয়েছে।'

**একনজরে**

- প্রতিটি ব্লকে সোশ্যাল অডিট ফেসিলিটেশন টিম
- এলাকার স্কুলে সমগ্র শিক্ষা মিশনের ওপর সোশ্যাল অডিট করবেন প্রশিক্ষণপ্রাপ্তরা
- এই মর্মে নির্দেশিকা পাঠানো হয়েছে ডিস্ট্রিক্ট এডুকেশন অফিসারকে

ফেব্রুয়ারিতে উচ্চমাধ্যমিক পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত অডিটের শেষ সময়সীমা। স্কুলগুলিতে অডিট শেষ করে ব্লক হিয়ারিং, ডিস্ট্রিক্ট পাবলিক হিয়ারিংয়ে সমস্ত অডিট রিপোর্ট যাচাই করা হবে। তারপর ১৫ মার্চের মধ্যে রাজ্যের সোশ্যাল অডিট বিভাগে জমা করার নির্দেশ রয়েছে।

গতবছর গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং শিলিগুড়ি মহকুমা পরিষদে পঞ্চদশ অর্থ কমিশন প্রকল্পের উপর সোশ্যাল অডিটের নির্দেশ দেওয়া হয়েছিল। কিন্তু এই অডিটের জন্য রাজ্য ফান্ড না দেওয়ায় আটকে যায়। এবারও একই সমস্যা দেখা দিয়েছে বলে খবর। দার্জিলিংয়ের জেলা শাসক প্রীতি গোয়েলকে এই বিষয়ে ফোন এবং মেসেজ করা হলে তিনি কোনও সাড়া দেননি। সোশ্যাল অডিটের দার্জিলিং জেলার নোডাল অফিসার মৌসুমি পাত্রও ব্যস্ত থাকার অজুহাত দিয়ে বিষয়টি এড়িয়ে যান।

এদিকে, এভাবে ফান্ডের দোহাই দিয়ে সোশ্যাল অডিট আটকে রাখায় প্রতিবাদে সরব হয়েছে বিজেপি। নকশালবাড়ি মাটিগাড়ার বিধায়ক আনন্দময় বর্মন জানান, অডিট করলেই আসল তথ্য বেরিয়ে আসবে। দুর্নীতিগ্রস্ত সরকার এবং তার আধিকারিকদের মুখোশ খুলে যাবে। তাঁর কটাক্ষ, 'ফান্ডের অভাব দেখিয়ে তাই রাজ্য সরকার বিভিন্ন প্রকল্পের অডিট আটকে রেখেছে। এই সরকারের বেশিদিন নেই।' তাঁরা ক্ষমতায় এলে পুনরায় সমস্ত অডিট করিয়ে দুর্নীতিগ্রস্তদের জেলে ঢোকানোর হুঁশিয়ারি দিয়েছেন।

# বঞ্চনা নিয়ে আশাকর্মীদের বিক্ষোভ

তমালিকা দে

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** শহরে কর্মরত আশাকর্মীদের বিক্ষোভ ঘিরে ধুন্ধুমার শহরে। প্রায় এক ঘণ্টা পরে ঘটনাস্থলে পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বাজেটের প্রতিবাদ জানিয়ে মঙ্গলবার রাস্তায় নামে পশ্চিমবঙ্গ পুর স্বাস্থ্য চুক্তিভিত্তিক কর্মী ইউনিয়নের কর্মীরা।

এদিন সকালে কর্মবিরতির ডাক দিয়ে বাঘা যতীন পার্কের সামনে জমায়েত হন আশাকর্মীরা। পরে ভেনাস মোড়ে পথ অবরোধ করে বিক্ষোভ দেখান তাঁরা। আগাম ব্যবস্থা না নেওয়ায় এদিন বিক্ষোভকারীদের সামলাতে হিমসিম খেতে হয় পুলিশকেও। এদিন সরকারি বাজেটের প্রতিলিপি পুড়িয়েও বিক্ষোভ দেখান বিক্ষোভকারীরা।

কেন্দ্রীয় ও রাজ্য সরকার যে বাজেট পেশ করেছে সেখানে বঞ্চিত রয়েছে আশাকর্মীরা। এই অভিযোগ তুলে বিক্ষোভ দেখান তাঁরা। ইউনিয়নের ভাইস প্রেসিডেন্ট জয় লোধ বলেন, 'সরকারি বাজেটে আমাদের কথা ভাবা হয়নি। আমাদের সঙ্গে কেন এই বঞ্চনা করা হয়েছে? সরকারকে আমাদের কথা ভাবতে হবে। অগত্যা আমরা লাগাতার কর্মবিরতি করব।' এদিন আশাকর্মীদের বিক্ষোভের জেরে ভেনাস মোড়ে অসুবিধায় পড়তে হয় সাধারণ মানুষকে। কোথাও অ্যাম্বুল্যান্স আটকে থাকে, আবার কাউকে অনেকটা রাস্তা ঘুরে অফিসে যেতে হয়।

বিক্ষোভের জেরে রাস্তায় আটকে পড়ে অমিত দাস নামে এক যুবক প্রশ্ন তোলেন, 'এতক্ষণ ধরে রাস্তা অবরোধ করে বিক্ষোভ চলছে। কিন্তু কোথাও পুলিশের দেখা নেই কেন?'

এদিন সারা রাজ্যজুড়েই আশাকর্মীরা এই বিক্ষোভ দেখিয়েছেন। পরবর্তীতেও যদি সরকারের তরফে তাদের কথা না ভাবা হয় তাহলে আরও বড় আন্দোলনে শামিল হবে বলে ইউনিয়নের তরফে জানানো হয়। এদিন প্রায় দেড়শো আশাকর্মী এই বিক্ষোভে যোগদান দেন।

গোটা বিষয়টি নিয়ে শিলিগুড়ি থানার পুলিশের এক পদস্থ কর্তা বলেন, 'গোটা অবরোধ অপরিকল্পিতভাবে হয়েছে। তবে পুলিশ যত তাড়াতাড়ি সম্ভব ঘটনাস্থলে পৌঁছে দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।'



পথ অবরোধ আশাকর্মীদের। হাসমি চকে মঙ্গলবার। ছবি : শান্তনু ভট্টাচার্য


Aakashians Conquer
JEE (Main) 2024
SESSION-1
Aakash
Perfect Score!
300/300
100 Percentile
RISHI S SHUKLA
TWO YEARS CLASSROOM PROGRAM
99.99 Percentile
100 Percentile in Physics & Chemistry
SRI RAM A
TWO YEARS CLASSROOM PROGRAM
99.99 Percentile
100 Percentile in Physics
VISWANATHA K S
TWO YEARS CLASSROOM PROGRAM
TOPPERS OF Aakash WEST BENGAL CLASSROOM PROGRAM
100 Percentile in Physics 99.99 Percentile Soukarya | 4 Years Classroom
100 Percentile in Physics & Chemistry 99.98 Percentile Archisman | 4 Years Classroom
99.96 Percentile Shubhradeep | 2 Years Classroom
99.92 Percentile Sagarika | 2 Years Classroom
100 Percentile in Physics 99.87 Percentile Rounak | 3 Years Classroom
99.87 Percentile Aditya | 3 Years Classroom
99.83 Percentile Chandradip | 3 Years Classroom
99.83 Percentile Sayan | 1 Year Classroom
100 Percentile in Physics 99.80 Percentile Rupam | 4 Years Classroom
99.72 Percentile Meghna | 2 Years Classroom
100 Percentile in Physics 99.66 Percentile Tamanna | 3 Years Classroom
100 Percentile in Chemistry 99.65 Percentile Priyanshu | 4 Years Classroom
100 Percentile in Physics 99.65 Percentile Arnab | 1 Year Classroom
99.61 Percentile Srijan | 2 Years Classroom
99.57 Percentile Dwaipayan | 2 Years Classroom
99.55 Percentile Aditi | 2 Years Classroom
100 Percentile in Physics 99.48 Percentile Arindam | 1 Year Classroom
99.41 Percentile Aditya | 2 Years Classroom
100 Percentile in Physics 99.40 Percentile Saranya | 4 Years Classroom
99.39 Percentile Srijan | 2 Years Classroom
99.38 Percentile Sudipto | 1 Year Classroom
99.37 Percentile Roshan | 2 Years Classroom
99.37 Percentile Upasana | 3 Years Classroom
99.35 Percentile Bidisha | 2 Years Classroom
99.31 Percentile Shivam | 2 Years Classroom
99.29 Percentile Subham | 2 Years Classroom
99.22 Percentile Souvik | 2 Years Classroom
99.20 Percentile Pathikrit | 4 Years Classroom
99.18 Percentile Aheli | 2 Years Classroom
99.17 Percentile Ranit | 2 Years Classroom
100 Percentile in Physics 99.10 Percentile Ankita | 1 Year Classroom
99.04 Percentile Agnik | 2 Years Classroom
99.01 Percentile Atik | 2 Years Classroom
and many more...
Though every care has been taken to publish the result, yet Aakash Educational Services Ltd. shall not be responsible for inadvertent error, if any.
Start Now with Aakash
ADMISSIONS OPEN
NEET, JEE, Foundation (Class 8-10)
SCAN TO ENROLL
Take the free online Instant Admission Cum Scholarship Test (iACST).
Get Upto 90%* Total Scholarship
T & C APPLY*
35+ YEARS OF ACADEMIC EXCELLENCE
ACTIVITY BASED LEARNING, EXPERIMENT BASED VIDEOS AND MORE
300+ BRANCHES ACROSS INDIA
WORKSHOPS & FOCUSED MODULES
1,22,000+ AAKASHIANS QUALIFIED NEET & JEE IN 2023
NEET/JEE CHALLENGER: PREVIOUS YEARS' PAPERS, DETAILED INSIGHTS
TECHNOLOGY ENABLED LEARNING
KNOW YOUR NCERT: TOOL FOR IN-DEPTH UNDERSTANDING OF NCERT
Features are available for selected courses. Visit aakash.ac.in to download prospectus for complete information.
Admissions also open for Crash Course for JEE / NEET 2024. Apply now for Early Bird Benefits#.
#T & C APPLY
Visit our nearest Centre
CLASSROOM CENTRES IN WEST BENGAL: KOLKATA-CENTRAL: Ground - 4th Floor, 23, Circus Avenue, Kolkata-700017 KOLKATA-NORTH (Medical Wing): P-6, CIT Road, Scheme-VI M, Kolkata-700054 KOLKATA-NORTH (Engineering Wing): 1st Floor, 37, CIT Road, Scheme-VI M, Kolkata-700054 KOLKATA-SOUTH (Medical Wing): Balajee Tower, 1A, Motilal Nehru Road, Kolkata-700029 KOLKATA-SOUTH (Engineering Wing): 3rd Floor, Shreehari, 138, Rash Behari Avenue, Kolkata-700029 KOLKATA-BARRACKPORE: 2nd - 4th Floor, Rathindra Tower, 46 (41/1), Ghosh Para Road, Barrackpore, Kolkata-700120 KOLKATA-BANSDRONI: 200, Netaji Subhas Chandra Bose Road, Bansdroni, Kolkata-700047 HOWRAH: 2nd Floor, RD Mall, 269, G.T. Road, Liluah, Howrah-711204 DURGAPUR: Urvashi Phase-II, Dr. Ambedkar Sarani, City Centre, Durgapur-713216 SILIGURI: 3rd & 4th Floor, Shanti Tower, Second Mile, Sevoke Road, Siliguri-734001 KHARAGPUR: Ground & 1st Floor, Kar Udyog Real Estate, OT Road, Inda, Kharagpur-721305 BANKURA: 1st & 2nd Floor, Rani Palace, 1, Katjuridanga, Bankura-722102
INFORMATION CENTRES IN WEST BENGAL: MALDA: Fulbari, Near Kartik Bari, In front of Mayuree Lodge, Malda 732101, BURDWAN: Burdwan Sikshak Samsad Trust, Near Kalna Gate, Jamtala, Burdwan 713101
SCAN FOR NEAREST BRANCH
HELPLINE: 8800013151
VISIT: aakash.ac.in
Aakash BYJU'S

# সম্পাদকীয়

বুধবার, ১ ফাল্গুন ১৪৩০, ১৪ ফেব্রুয়ারি ২০২৪

উত্তরবঙ্গ সংবাদ

■ ৪৪ বর্ষ ■ ২৬৬ সংখ্যা

## স্বেচ্ছাচারের রকমফের

সত্যি ক্ষমতা থাকলে যা খুশি করা যায়। শাসকদল করে, সরকারও করে। স্কুলের জমি কেড়ে নেওয়া যায়, জমি অন্যায়ভাবে দখল করা চলে, নারীর সম্ভ্রম লুট করা হয়। সদ্য কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম রাজ্য সরকারকে কটাক্ষ করেছেন। বলেছেন, বলুন না আমি সর্বশক্তিমান। যা চাইব, তাই করে দিতে পারি। মুর্শিদাবাদের একটি স্কুলের জমি অন্য কাজে ব্যবহারের প্রসঙ্গে বলেছেন তিনি।

বাস্তবে চারদিকেই ক্ষমতার আস্ফালন। সন্দেশখালির তৃণমূল ও বিজেপির দুই নেতা উত্তম সরদার ও বিকাশ সিংহ জামিন পাওয়ার পর পুলিশ আবার তাঁদের গ্রেপ্তার করল। বিকাশকে তো টেনেহিঁচড়ে গাড়িতে তুলল। অথচ আদালতে শুনানির সময় তাঁদের জামিনের আবেদনের বিরোধিতা করেনি পুলিশ। হঠাৎ কী আদেশ হল কে জানে, অন্য অভিযোগে দুই দলের দুই নেতাকে ফের ঢোকানো হল শ্রীঘরে। সুকুমার রায় বহু বছর আগে এরকম কাণ্ডকেই বোধহয় একুশে আইন বলেছিলেন।

ব্যঙ্গ করে সুকুমার লিখেছিলেন, ‘শিবঠাকুরের আপন দেশে, আইন কানুন সর্বনেশে!’ হঠাৎ কেন্দ্রীয় সরকার ধর্মনিরপেক্ষতাকে পিছনে ঠেলে সংখ্যাগুরুর আধিপত্যকে কায়েম করতে মরিয়া হয়ে উঠেছে। রাষ্ট্রের বহুত্ববাদী চরিত্র মুছে এক দেশ, এক ভাষা, এক ধর্ম মায় এক ভোট কার্যকর করতে সর্বাত্মক উদ্যোগ শুরু হয়ে গিয়েছে। দেশের মন্ত্রীদের বয়ান, আচরণে সংখ্যাগুরুর বিপরীতে যাঁরা আছেন, তাঁদের হৃৎকম্প হচ্ছে।

নাগরিকত্ব আইনের সংশোধন সেই আশঙ্কায় ঘৃতাহুতি দিয়েছে। অথচ সংসদীয় গণতন্ত্রে সরকার কোনও দলের নিজস্ব ভাবনায় পরিচালিত হওয়া বাঞ্ছনীয় নয়। সরকারে কোনও দল ক্ষমতাসীন হতে পারে। কিন্তু সরকারটা কোনও দলের হয়ে যায় না তাতে। বরং সরকার আপামর জনসাধারণের। সংবিধান অনুযায়ী, মানুষের, মানুষের জন্য, মানুষের দ্বারা ...। ক্ষমতায় বসে সংবিধানের সেই প্রস্তাবনাও সবাই ভুলে যায়। যা ঐকমত্যের ভিত্তিতে সহজে সমাধান করা যায়, তাকে গায়ের জোরে কার্যকর করার চেষ্টা চলে।

যেমন হয়েছে কাশ্মীরের বিশেষ মর্যাদার ৩৭০ অনুচ্ছেদ বিলোপের ক্ষেত্রে। কিংবা যেনতেনপ্রকারেণ ক্ষমতা দখলের ক্ষেত্রে। এই সেদিন চণ্ডীগড়ের মেয়র নির্বাচনে বিজেপির অনুকূলে এক প্রিসাইডিং অফিসারের নির্লজ্জ পক্ষপাত আদালতে ধরা পড়ে গিয়েছে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি যাকে গণতন্ত্রের হত্যার তকমা দিয়েছেন। সন্দেশখালিতে দীর্ঘদিন যা হয়েছে বলে এখন প্রকাশ্যে আসছে, সেটাও ক্ষমতার আস্ফালন ছাড়া অন্য কিছু নয়।

ক্ষমতা মানে বাহুবল, অনৈতিক উপায়ে অর্থবৃদ্ধি, জমি দখল, এমনকি নারীর সম্মানহানি। হাতে অর্থ এলে জোর করে নারীসঙ্গের বাসনা তৈরি হয়। তাতে নারীর নিজস্ব ভাবনা বা ইচ্ছা-অনিচ্ছার তোয়াক্কা করা হয় না। দুর্ভাগ্যজনক হল, সন্দেশখালিতে সেরকম ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছে। রাজ্য মহিলা কমিশন এলাকা ঘুরে একটিও শ্লীলতাহানির ঘটনা খুঁজে পায়নি। অথচ কয়েকদিন ধরে সংবাদমাধ্যমের ক্যামেরার সামনে মহিলারা উগরে দিচ্ছেন এতদিন পুঞ্জীভূত হয়ে থাকা রাগ, ক্ষোভ।


কর্ণাটকে বিজেপি ক্ষমতাসীন থাকার সময় শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রীদের হিজাব খোলাতে যত কাণ্ড ঘটেছে, তাও একরকম ‘শিবঠাকুরের আপন দেশে, আইন কানুন সর্বনেশে!’ একশ্রেণির মানুষের রুচি নেই বলে কোনও কোনও স্থানে মাংস বিক্রির ওপর নিষেধাজ্ঞা চাপিয়ে দেওয়া হচ্ছে। দেশের মানুষের আরেক অংশের রুচি-সংস্কৃতির তোয়াক্কা না করে এসব চলে।

আপাতদৃষ্টিতে এ বিপদ থেকে রেহাই নেই। সরকার যদি সংকীর্ণ দৃষ্টিভঙ্গি কিংবা পুরোপুরি দলীয় স্বার্থে পরিচালনা করা হয়, তাহলে এই অন্ধকার ভেদ করে আলো নিয়ে আসার আশু সম্ভাবনা দেখা যায় না। এই মুহূর্তে দেশবাসীর সামনে ক্ষমতার আস্ফালন অন্যতম বড় বিপদ।

## অমৃতধারা

প্রতিটি মানুষের সরল হওয়ার জন্য শিক্ষা লাভ করা উচিত। কপটতা বা কাপট্য হচ্ছে একটি আসুরিক প্রকৃতি বা গুণ। সরলতা থাকলে মানব জীবনের উদ্দেশ্য কৃষ্ণভক্তি লাভ অতি সহজ হয়, তা না হলে মানব জীবনের উদ্দেশ্য সাধিত হবে না। তা ব্যর্থ হয়ে যাবে। তাই প্রতিটি মানুষের কায়, মন, বাক্যে সরল হওয়া উচিত। তাই প্রতিটি মানুষের এই শিক্ষা লাভ করা উচিত যে, ভগবানের কৃপায় ভৌতিক লাভ যা সব মিলেছে তাতে সন্তুষ্ট থাকা উচিত। সেইজন্য গীতাতে বলা হয়েছে-‘যদৃচ্ছা লাভ সন্তুষ্ট।’ অর্থাৎ- অধিক ভৌতিক লাভের জন্য প্রয়াসী হও না, কি তাতে অসন্তোষ প্রকাশ কর না। মানব সমাজে যে অশান্তি দেখা দিচ্ছে, তার মূলেতে আছে অসন্তোষ। তাই এই সন্তোষ একটি মহান গুণ বলে এক্ষেত্রে বলা হয়েছে।

- ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ



### আলোচিত

আমি ক্রুদ্ধ এবং ক্ষুব্ধ। কিন্তু আপাতত মুখ বন্ধ রাখছি। জ্ঞান হওয়া থেকে যা শুনিনি, তা শুনছি এখন। যেসব কথা সন্দেশখালির নারীরা বলছেন, তাতে জোর করে মিটিংয়ে নিয়ে যাওয়া হত। বিভিন্ন দল জোর করে মিটিং-মিছিলে নিয়ে যায়। কিন্তু রাত্রিবেলা কাউকে পার্টি অফিসে যেতে বলা হচ্ছে, তা পরিচিত ঘটনা নয়।

-অভিজিৎ গঙ্গোপাধ্যায়



### ভাইরাল

হায়দরাবাদের এক ব্যক্তি র‍্যাপিডো ভাড়া করেছিলেন। মাঝপথে র‍্যাপিডোর জ্বালানি ফুরিয়ে যায়। যাত্রীকে গন্তব্যে পৌঁছে দিতে বদ্ধপরিকর চালক। পেট্রোল পাম্পের খোঁজে গাড়িটি ঠেলে নিয়ে যাচ্ছেন তিনি। যাত্রীটি বসে র‍্যাপিডোতে। ভিডিও ভাইরাল।

### আজ

**১৯৩৩**



১৯৩৩ সালে আজকের দিনে জন্মগ্রহণ করেন অভিনেত্রী মধুবালা।


**১৯৫২**



প্রাক্তন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজের জন্ম ১৯৫২ সালে আজকের দিনে।

### সোজা-সাপটা

**ছোট্ট একটা প্যাকেট আসবে– ইউ নো। জাস্ট ফুঁ দিয়ে ফোলাবেন, ইয়াবড়ো ম্যা সোরোয়াস্বতী। পুজো শেষ, ফু-উ-উ-স, নো সোরোয়াস্বতী। কিপ ইট ইন আলমিরা। পুট ন্যাপথালিন অ্যারাউন্ড। না, শেষমেশ অবশ্য সেই আমেরিকান মা সরস্বতীতে পুজো হল না।**



# সোরোয়াস্বতী, মা ক্রমশই ইংরেজ রমণী

**সঞ্জীব চট্টোপাধ্যায়**

এখন সব ইংলিশ মিডিয়ামের যুগ। ‘ইংরেজিমাধ্যম’ বললেও কেমন যেন ম্যাড়মেড়ে লাগে। সে আমাদের কালের কথা। সেকালে আমেরিকায় গেলে পটাং পটাং করে ইংরেজি বুলি ঝরত। দেশি বুলিতে ইংরেজি মাখামাখি হয়ে যেত।

সেবার স্কুলের পঞ্চাশ বছর। তাই একটু বেশি ঘটা। খুব ডেকোরেশন হয়েছে। প্রত্যেকবার খিচুড়ি ভোগ হয়। আলুর দমের আলু হাফসেদ্ধ। বোঁদের দানা শক্ত শক্ত, প্যাটপেটে। কিন্তু এবারের ব্যবস্থা খুব ভালো। স্কুলের এক্স-স্টুডেন্ট আমেরিকায় গেছে বিরাট চান্স পেয়ে। তার বাবা প্রথমে ভেবেছিলেন, কাগজে ছবি দিয়ে বিজ্ঞাপন দেবেন। পরে মত বদলেছেন, সরস্বতীপুজোয় স্কুলের ছেলেদের আচ্ছা করে খাওয়াবেন।

‘সারা বছর তোমরা পিঠে খাও, একদিন অন্তত পেটে খাও।’

ভদ্রলোকের নাম, সুব্রত মৈত্র। স্টাউড চেহারা, খুব ফর্সা। নাকের ডগায় ছোট্ট একটা আঁচিল। ভেরি বিউটিফুল। তাঁর কেটারিং বিজনেস। বলেছেন, বিয়েবাড়ির ভোজ খাওয়াব, বুফে সিস্টেম। তাঁর কেটারিং প্রতিষ্ঠানের নামটাও খুব ইনটারেস্টিং ‘ধারাপাত’। পাত-শব্দটা আছে। পাত মানে পাতা। আর ধারাপাতের সব সংখ্যা। খাওয়াও সংখ্যা। রাধাবল্লভি পেটে একটা গেল, দুটো গেল, সঙ্গে এন্ট্রি নিল ঘুগনি। অ্যায়! ফিশ ফ্রাই লাও! একের পর দুই, দুইয়ের পরে তিন, আর না, আর না, লাগাও বিরিয়ানি। আনি নয়, দোআনি নয়, বিরিয়ানি। কিছু না মানি, মানি বিরিয়ানি। চাপ দিয়ে চেপে ধরো, কোঁত করে গিলে মরো।

আমাদের স্কুলে পুজো কমিটির মিটিং হয়েছিল– ‘ফিফটি ইয়ার্স অফ মা সরস্বতী’। মা সরস্বতী ইংরেজি উচ্চারণে একটু ডিফিকাল্ট। বলো ম্যা সোরোয়াস্বতী। স্বতী না শ্বেতী–এই নিয়ে কিছুক্ষণ ঝামেলা হল। শেষে সিদ্ধান্ত হল, শ্বেতী শব্দটা নট গুড, একটা স্কিন প্রবলেম--দ্যাটস হোয়াই স্বতী। পাঁচ দশ মিনিট সবাই প্র্যাকটিস করলেন-সোরোয়াস্বতী। মা ক্রমশই ইংরেজ রমণী হয়ে উঠলেন। হেডস্যর বেশ জোর দিয়ে বললেন--শি ইজ ডিভাইন ম্যাম দেবী সুরেশ্বরী...।

বাংলার স্যর বললেন, ওটা গঙ্গার দিকে চলে গেল-- ভগবতী গঙ্গে। বলতে হবে, জয় জয় দেবী চরাচর সারে।

উঁহু উঁহু, মেক ইট ইংলিশ মিডিয়াম-জ্যা জ্যা দেয়াবী চোয়ারা চোয়ারা স্যারে।

বড্ড বেয়াদবি হয়ে যাচ্ছে স্যর--কী সব চেয়ার টেবিল?

কান্ট হেলপ ইয়া!

সুব্রতবাবুর কোনও বিয়েবাড়িতে কেটারিং আছে, অধৈর্য হয়ে বললেন, লেটস কাম ডাউন টু বিজনেস। প্রতিমা আমার ছেলে পাঠাচ্ছে আমেরিকা থেকে। অলরেডি পোস্ট করে দিয়েছে।

পোস্ট করে দিয়েছে মানে? অত বড় প্রতিমা। লেটার বক্সে ঢুকবে কী করে? হেডস্যর ভীষণ চিন্তিত!

সুব্রতবাবু বললেন, মিরাকল! যখন আসবে দেখবেন, ওদেশে বিজ্ঞান মানুষকে কোথায় পৌঁছে দিয়েছে-- মার্সে, জুপিটারে, স্যাটার্নে!

সে পৌঁছোক। দেবদেবীও ওদিক থেকে এদিকে আসেন, বছর বছর আসেন।

জলপথে ফিরে যান। ইন ফ্যাক্ট ডিজলও করে যান। পড়ে থাকে খড়কুটো, বাঁশ-বাখারি।

ছোট্ট একটা প্যাকেট আসবে-- ইউ নো। জাস্ট ফুঁ দিয়ে ফোলাবেন, ইয়াবড়ো ম্যা সোরোয়াস্বতী। পুজো শেষ, ফু-উ-উ-স, নো সোরোয়াস্বতী। কিপ ইট ইন আলমিরা। পুট ন্যাপথালিন অ্যারাউন্ড। পোকারা এতকাল বই কেটে এসেছে, দেবীকে বাগে পেলে কী যে করবে না করবে কে জানে!

অত লাইট ওয়েট বেদিতে স্থাপন করবেন কী করে?

ঝোলাব। ঝুলিয়ে দোব। সেন্টারের ওই পাখাটা নামিয়ে দিয়ে মাকে ঝুলিয়ে দোব। পা দুটো স্ট্র্যাপ করে দোব নীচের তক্তায়। সে আমি দেখিয়ে দোব। নো প্রবলেম।

না, শেষমেশ অবশ্য সেই আমেরিকান মা সরস্বতীতে



পুজো হল না। পুরোহিত মশাই রেগে গিয়ে বললেন, সীমা ছাড়িয়ে যেও না। দেবদেবী নিয়ে ইয়ার্কি চলে না। বুঝলে?

শেষমুহূর্তে প্রতিমা এল। তাড়াহুড়ো করে তৈরি। আধকাঁচা। কুমোরপাড়ার বিশুদার ছেলে আমাদের সঙ্গে পড়ে। বিশুদা আধুনিক রং চাপিয়ে বললেন, কোনও রকম ম্যানেজ করে দিলুম। সারারাত পাখার তলায় রাখবি।

ভোরবেলা কেলেঙ্কারি কাণ্ড। মায়ের সারা গায়ে লাল পিঁপড়ে থিকথিক করছে। কাঁচা রঙে সব ঘেঁটে গেছে। বিশুদা শুনে খুব খানিক রাগারাগি করলেন, বলবি তো স্কুলে পিঁপড়ে আছে, তাহলে রসগোল্লার রস মাখাতুম না।

রস মাখালেন কেন?

রূপচর্চায় মেয়েরা যে মুখে সিরাপ মাখছে। রঙের কামড়ি বাড়াবার জন্যে এক কোট রস মেরেছিলুম।

যাই হোক, পিঁপড়ে জড়ানো মাকে আবার রং করে কাপড়-টাপড় পরিয়ে সে একরকম হল। পিঁপড়ে গেল তো মাছি এল। একটা মাছি নাকের ডগায় বসেই রইল। মনে হয় আটকে গেছে। হিস্ট্রির স্যর মাকে দেখে বললেন, অসাধারণ, বিশুর আইডিয়া, নাকের ডগায় নাকছাবি ফিট করে দিয়েছে। একেই বলে আর্টিস্ট! ছেলেমেয়েরা লেখাপড়া নিয়ে এমন ব্যস্ত... নাকছাবি নাকের মাথায় উঠে গেছে খেয়াল নেই।

হেড স্যর, হেড স্যর! হইচই পড়ে গেল। হেড স্যর আমাদের সরস্বতীপুজো দেখতে এসেছেন। অঞ্জলি শুরু হয়েছে। মন্ত্রোচ্চারণে হল গমগম করছে। এমন সময় হেড স্যর এলেন। এবার প্রথম থেকে অঞ্জলি শুরু হল-- সরস্বতী মহাভাগে...। হেডস্যর বেশিক্ষণ থাকবেন না। আরও তিনটে স্কুলে যেতে হবে।--দুপুরে আসব, খাওয়ার সময়!

সুব্রতবাবু ফাটিয়ে রান্না করাচ্ছেন। একটাই দুঃখ, নিরামিষে কী আর খেলাব!

হেড স্যর বাইরে বেরিয়ে এসে এদিক-ওদিক তাকিয়ে আর্তনাদ করে উঠলেন, যাঃ আমার জুতো! নিউ পেয়ার অফ শু। এখানেও জুতো চোর এন্ট্রি নিয়েছে!

স্যরের জুতো কে চুরি করবে?

করেছে! নিঃশেষে চুরি।

ধীরাজ হঠাৎ বলে বসল, স্নিফার ডগ আনলে কেমন হয়!

হেডস্যর রেগেই ছিলেন, আরও রেগে গিয়ে বললেন, ইয়ার্কি হচ্ছে? কাটা ঘায়ে নুনের ছিটে? আমরা কয়েকজন বাইরের রাস্তায় ইনভেস্টিগেশনে গেলুম। গোটাকতক তাগড়া কুকুর নিজেদের ঘেউ ঘেউ কাজে ব্যস্ত। জুতো নেই। কুকুররা আজকাল জুতো নিয়ে মাথা ঘামায় না।

হেডস্যর বললেন, এখানে ক’জোড়া জুতো আছে?

শংকর গুনে বলল, ফিফটি পেয়ারস।

সেই পঞ্চাশজনকে ডাকো।

পঞ্চাশজন হাজির। হেডস্যর বললেন, যার যার জুতো পরে ফ্যালো।

প্রত্যেকে জুতো পায়ে লাইন দিয়ে দাঁড়ালেন। পড়ে রইল এক জোড়া। পুরোনো।

হেড স্যর বললেন, হুজ পেয়ার ইজ দিস! তার পায়ে আছে আমার জুতো।

আইডেন্টিফাই।

জুতো পরীক্ষা হচ্ছে। ধীরাজ আমাদের শার্লক হোমস। সে হঠাৎ আবিষ্কার করলে, জুতোর তলায় হলুদগুঁড়ো। মুখ তুলে বললে, সুব্রতবাবুর জুতো।

রান্না হচ্ছে, একেবারে শেষের দিকের একটা ঘরে। সুব্রতবাবু নিজেই কী একটা রাঁধাচ্ছেন। ধীরাজের চোখ পায়ের দিকে, ওই দেখো। হেডস্যরের জুতো না হয়ে যায় না। ব্র্যান্ড নিউ। ধীরাজই বললে, স্যর। আপনি হেডস্যরের জুতো পরে চলে এসেছেন।

অ্যাঁ, সে কী! তাই ভাবছি, জুতোটা যেন এক সাইজ ছোট হয়ে গিয়েছে! গোড়ালি বেরিয়ে যাচ্ছে। আসলে, আমি কখনও নীচের দিকে তাকিয়ে জুতো পরি না। পায়ে গলিয়ে চলে আসি। আমি কখনও বলতে পারব না যে এই জুতোটাই আমার!

শালপাতার থালায় হেডস্যরের জুতো। থালাটা সুব্রতবাবুর মাথায়। আমাদের স্কুলের নিউ হলের সামনে গুঞ্জন... জুতো আসছে, জুতো আসছে।

পুরোহিত মশাই বাইরে এসে রাগ-রাগ গলায় বললেন, তাহলে এবার জুতো পুজোই হোক, মায়ের পুজো বন্ধ থাক।

তাঁর কথা কেউ শুনতেই পেলেন না।

হেডস্যর বললেন, একটু বাড়াবাড়ি হয়ে গেল। নিন, আপনার জুতোটা পরে নিন। ওই যে।

পুরোহিত মশাই লাফিয়ে উঠলেন, তার মানে? আমার জুতো উনি পরবেন কেন?

এদিকে হেডস্যরও লাফিয়ে উঠলেন, এ কী! এ তো আমার জুতো নয়, আমার তো ব্ল্যাক!

এ তো ব্রাউন! সকলে সমস্বরে বলে উঠলেন-- যা, আ, আ-।

শার্লক হোমস-ধীরাজ পুরোহিত মশাইকে জেরা করছে, আপনার জুতোর তলায় হলুদ লেগে আছে কেন?

কাল একটা গায়েহলুদ ছিল।

হেডস্যর বললেন, মাথায় করে এটা তা হলে কার জুতো নিয়ে এলেন?

সুব্রতবাবু বলে ফেলেছেন, তাই তো ভাবছি!

আর ভেবে কী হবে-- মাই জুতো ইজ গন। পাঁচশো টাকা।

তখনকার দিনে পাঁচশো টাকায় অনেক কিছু হত। সুব্রতবাবু উঠে দাঁড়ালেন। নিজের মনেই বলছেন, অঞ্জলির সময় এলুম। বেশ। তারপর জুতো গলালুম। রাইট। বাইকে চেপে সাধুখাঁদের বাড়ি। বিয়েবাড়ি। জুতো খুলে ঢুকলুম। একটা কথা। ঝট করে বাইরে। জুতো। বাইক। ব্যাক, ইউরেকা! ইউরেকা! আপনার জুতো সাধুখাঁদের বাড়ির বারান্দায়। ধীরাজ। কাম উইথ মি, কাম, কাম।

এই জুতোটা নিয়ে যান।

না, না, ওটা থাক। আগে আপনারটা পাই কি না দেখি, এ বার্ড ইন হ্যান্ড ইজ ওয়ার্থ টু ইন দ্য বুশ!

পুরোহিত মশাই নিজের জুতো পায়ে গলালেন। জুতোকে বলছেন, খুব বেঁচে গেলি। চল, নিরাপদ জায়গায় রেখে আসি।

হেডস্যর ব্রাউন জুতোয় পা গলিয়ে বললেন, বাঃ, হচ্ছে তো, বেশ হচ্ছে।

কমফর্টেবল, আমারটার চেয়ে ভালো। তাহলে ঘুরে আসি। দুটো স্কুল পথ চেয়ে বসে আছে।

আমাদের আরতি শুরু হল। আয়েষা ভোগ নিয়ে আসছেন। প্রত্যেকবার ভোগের দায়িত্ব তাঁর। পাশেই বাড়ি। মায়ের সামনে ভোগ ধরে দিয়ে মাসিমা বাইরে এসে জিজ্ঞেস করলেন, সুবীর কোথায়? একটু আগে আমাদের বাড়িতে গিয়েছিল গরমমশলা দিতে। করেছে কি-- আমার বড়ছেলের নতুন জুতো জোড়া পরে চলে এসেছে। ওরটা ছেড়ে রেখে এসেছে।

অঙ্কের স্যর এতক্ষণ ঘটনার গতি রাখছিলেন, হাল ছেড়ে দিয়ে বললেন, অসম্ভব! এ পাজল-এর সমাধান নেই। তাহলে সুবীরের জুতোটা গেল কোথায়? সে তো খালি পা!

ওদিকে, যত দিন যাচ্ছে এই বঙ্গে মা সরস্বতী ক্রমশ ইংরেজ রমণী হয়ে উঠছেন।

## আরও আকর্ষণীয় উত্তরবঙ্গ সংবাদ

উত্তরবঙ্গ সংবাদ উত্তরবঙ্গবাসীর সম্পদ। এই পত্রিকা না পেলে দিন কাটে না আমাদের। যত দিন যাচ্ছে নতুন নতুন বিষয়ের মাধ্যমে স্বাদে বদল আনছে এই পত্রিকা। ‘জনমত’ তো আগে থেকে ছিলই, এখন যুক্ত হয়েছে ‘প্রশ্নবাণ’ যাতে আমাদের জ্ঞান বাড়ছে। ‘পাঠকের লেন্স’- এ ভালো ছবি সহ তথ্যও পেয়ে যাচ্ছি। ‘আজব দুনিয়া’-য় আজব কাহিনি জানার পাশাপাশি ‘জানেন কি’ থেকে অজানা বিষয় জানতে পারছি। ‘হাসিতে হাসিও’ থেকে পাচ্ছি ভালো থাকার রসদ। পাঠকের মনের কথা বলার জায়গা ‘আপনি বলুন, আমরা শুনছি’। এভাবেই উত্তরবঙ্গ সংবাদ উত্তরবঙ্গের সেরা পত্রিকা হয়ে উঠেছে। উত্তরবঙ্গ সংবাদের সার্বিক সাফল্য কামনা করছি।

**নূপুর ব্যানার্জি**
**জলপাইগুড়ি।**

## স্কুলে আবর্জনা, টেকা দায়

স্কুল শুধুমাত্র জ্ঞানচর্চার পীঠস্থান নয়, একজন রুচিশীল, শক্তিশালী, উৎপাদনশীল, স্বচ্ছ, সুস্থ, সুন্দর, দৃঢ় চারিত্রিক গুণাবলি সংবলিত আগামীর নির্মাণখানাও বটে। পতিরাম বিবেকানন্দ বালিকা উচ্চবিদ্যালয় জেলার বহু ভালো শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর মধ্যে একটি। এখানে পঠনপাঠনের মানও যথেষ্ট ভালো। অথচ পতিরাম পঞ্চায়েতের অধীন বিবেকানন্দ বালিকা উচ্চবিদ্যালয় লাগোয়া যে অস্বাস্থ্যকর পরিবেশ তা নিঃসন্দেহে দুঃখের। এপাশে বালিকা উচ্চবিদ্যালয় আর ওপারে বালিকা প্রাথমিক বিদ্যালয়ের অবস্থান। দুই স্কুলের মিড-ডে মিলের আবর্জনা, উচ্ছিষ্ট সব ফেলা হয় দুই স্কুলের মাঝে সেই নর্দমাকৃত পরিত্যক্ত স্থানে। স্কুলের হেঁশেলে ঢুকলে বোঝা যায়, সেইসব আবর্জনার দুর্গন্ধ কতটা অস্বস্তিকর। বিষয়টি নিয়ে স্কুলের সদ্য ভারপ্রাপ্ত শিক্ষিকা ও অন্য শিক্ষিকা এবং শিক্ষাকর্মীরা যথেষ্ট উদ্বিগ্ন। বিশেষ করে বর্ষাকালে সেই নর্দমাকৃত জায়গায় জল জমে আরও ভয়ংকর রূপ নেয়। আশা করি, পতিরাম পঞ্চায়েত অথবা জেলা শিক্ষা দপ্তর এ বিষয়ে দ্রুত রূপরেখা নির্মাণ করে সমস্যার সমাধানে যত্নবান হবে।

**গজেন মণ্ডল**
**উত্তর চকভবানী, দক্ষিণ দিনাজপুর।**

### জনমন জনমত

## বর্তমান প্রজন্মকে মাতৃভাষার প্রতি আগ্রহী করতে হবে

আমরা বাঙালি। আমাদের মাতৃভাষা বাংলা। মাতৃভাষার মর্যাদা রক্ষার জন্য যেসব বাঙালি ভাইবোন শহিদ হয়েছেন, তাঁরা সবসময়ই প্রণম্য।



মাতৃভাষা মাতৃদুগ্ধ সমান বলা হলেও বাজারে কৌটোজাত দুগ্ধের অভাব নেই। তার গুণগত মানের কথা না ভেবেই শিশুদের আমরা সেটা খাওয়াচ্ছি। ঠিক তেমনই বাংলা ভাষার প্রতি বাংলার শিশুদের আকৃষ্ট না করে আমরা অভিভাবকরা তাদের ইংরেজি ভাষার প্রতি আকৃষ্ট করতে চাইছি। ইংরেজি বা অন্য বিদেশি ভাষা শিক্ষালাভের প্রয়োজন অবশ্যই আছে। কিন্তু নিজের মাতৃভাষাকে অবমাননা করে কখনোই নয়। আমরা আমাদের সন্তানদের সাঁতার, অঙ্কন, আবৃত্তি, সংগীত, নৃত্যে পারদর্শী করার চেষ্টা করছি। অথচ বাংলা ভাষার প্রতি আকৃষ্ট করতে গল্পের বই পড়া, খবরের কাগজ পড়া, চিঠি লেখা, ছোট ছড়া লেখা, গল্প লেখা- এসব বিষয়ে উৎসাহিত করে তুলি না।

এমনকি মাতৃভাষার মর্যাদা রক্ষার জন্য কারা শহিদ হয়েছেন এবং কেন হয়েছেন- সেসব কথা আমরা শিশুদের সামনে আলোচনা করি না। মনীষীদের জীবনী শিশুদের শোনাই না। তাই তো এখন শিশুরা মোবাইলের প্রতি আকৃষ্ট।

বর্তমান প্রজন্মকে কীভাবে মাতৃভাষার প্রতি শ্রদ্ধাশীল করে তোলা যায় সে চেষ্টা আমাদেরই করতে হবে। সদিচ্ছা থাকলে বাংলামাধ্যমে পড়িয়েও করা যায়। এ দায়িত্ব অভিভাবক, শিক্ষক, বাংলা ভাষা দরদি সকলকেই নিতে হবে। বাংলাদেশ যদি পারে, আমরাই বা কেন পারব না। সকলের চেষ্টায় সুফল আসবেই আসবে।


**অঞ্জলি চন্দ (দত্ত)**
**পাণ্ডাপাড়া, জলপাইগুড়ি।**

### পত্রলেখকদের প্রতি

যাঁরা জনমত বিভাগে মতামত জানিয়ে চিঠি পাঠাতে চান তাঁরা নিম্নলিখিত ই-মেল বা হোয়াটসঅ্যাপ নম্বর ব্যবহার করতে পারেন। নিজের এলাকা, রাজ্য, দেশ ও বিদেশের নানা বিষয়ে আপনার নিজের মতামত পাঠান। নিজের এলাকার সমস্যাদি নিয়ে বিশদে লিখতে পারেন। সঙ্গে ছবি পাঠালে ভালো হয়। এছাড়াও সরাসরি ডাকযোগেও চিঠি পাঠানো যাবে।

-ঃ ঠিকানা ঃ-
সম্পাদক, জনমত বিভাগ
উত্তরবঙ্গ সংবাদ, বাগরাকোট, সুভাষপল্লি,
শিলিগুড়ি-৭৩৪০০১

ই-মেল
janamat.ubs@gmail.com
হোয়াটসঅ্যাপ
9735739677



## বিদ্যার পথ ধরে যেন বিনয়ী হতে পারি

‘বিদ্যা’ ও ‘বিনয়’ শব্দ দুটির মধ্যে মিল ও সম্পর্ক উভয়ই বিদ্যমান। শব্দ দুটি ‘ব’ দিয়ে শুরু এবং বিদ্যাই বিনয়ী হওয়ার পথ প্রশস্ত করে। মানুষ যত বিদ্যানুরাগী হবে, বিনয় হবে অঙ্গরাগ। এক অসীম গুণ হল বিনয়। স্বামীজি বিবেকানন্দ থেকে মাদার টেরেজা sএর উৎকৃষ্ট উদাহরণ।

খুব খারাপ লাগে এই সমাজের অন্তঃসারশূন্যতা দেখে। বিনয় তো দূরের কথা, বিদ্যার আশ্রয় তারা স্বতঃপ্রণোদিতভাবে ত্যাগ করছে। উদ্দেশ্যই হল মানুষকে ছোট করে, নিজে বড় সাজবে। কুৎসা রটাবে। বিদ্যা, সততার সহবত ভুলে তারা নিজেকে সঁপে দিচ্ছে অন্ধকূপের মধ্যে। বন্ধ্যা করে দিচ্ছে সমাজের উর্বরতাকে। শুরু হয়ে গিয়েছে সামাজিক অবক্ষয়। শুধু বিদ্যাক্ষেত্রে কেন, রাজনীতি, ব্যক্তিগত জীবন, সামাজিক জীবন আজ ব্যাহত। মানসিক শান্তিপূর্ণতা, প্রাণবন্ততা হারিয়ে গিয়েছে।

সমাজে বিদ্যাগ্রাহী বিনয়ী মানুষের সংখ্যা খুবই কম। তাঁদের অবস্থাও করুণ। আজ তাঁরা ঘরকুনো হয়েছেন। মাশুল দিচ্ছেন নিজ গুণের। এই সংকটে আগত বসন্ত পঞ্চমীর পুণ্যলগ্নে বাগদেবীর কাছে শ্রদ্ধাঞ্জিল জানিয়ে অনুরোধ করছি, মা যেন সকলের চৈতন্য ফেরান। সমাজে ফের সততার রামধনু জ্বলজ্বল করুক। বিদ্যার পথ ধরে যেন আবারও ‘বিনয়ী’ হতে পারি আমরা।

ফিরে আসুক এক উৎকৃষ্ট সমাজ। বিদ্যারূপী গাছে ফুল হয়ে ফুটুক বিনয়। এই সামাজিক সৌন্দর্য বাড়ানোর দায়িত্ব আমাদেই নিতে হবে। সেটা সমাজের সবক্ষেত্রেই প্রযোজ্য বলে মনে হয়।

**শ্রাবণী ঘোষ, গোঁসাইপুর।**

### শব্দরঙ্গ ■ ৩৭৫৭

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ★ | ২ | | ৩ | | ★ | ৪ |
| ৫ | | | ★ | | ★ | ★ | |
| | ★ | ★ | ৬ | | ৭ | | |
| | ★ | ৮ | | ★ | | ★ | ★ |
| ★ | ★ | | ★ | ৯ | | ★ | ১০ |
| ১১ | | | ১২ | | ★ | ★ | |
| | ★ | ★ | | ★ | ১৩ | | |
| | ★ | ১৪ | | | | ★ | |

**পাশাপাশি :** ২। একেবারে পরিচ্ছন্ন এবং স্বচ্ছ ৫। যে মহিলার মাথার ঠিক নেই ৬। বাণভট্ট- যে রাজার সভাকবি ছিলেন ৮। কবিতার বই ৯। রান্না করা বা মোচড়ানো ১১। সাবধান বা সতর্ক করা ১৩। চিকিৎসক অথবা বিচারক ১৪। স্ত্রীর উপার্জনের ওপর নির্ভরশীল।

**উপর-নীচ :** ১। যে কাজ করতে অক্ষম ২। মৌচাকের সঙ্গে সম্পর্ক আছে ৩। বিষাদমগ্ন বা ভারাক্রান্ত ৪। সন্তানসম্ভবা বা আসন্নপ্রসবা ৬। দেবতাকে হোমে যা দেওয়া হয় ৭। উইপোকা ৮। নিঃশেষিত/শেষ হয়ে যাওয়া ৯। নদীর ধার ১০। সর্বসাধারণ ১১। দোকানে সামগ্রী কিনতে আসা ক্রেতা ১২। বারান্দা ১৩। মেয়েদের লাস্য।

**সমাধান ■ ৩৭৫৬**

**পাশাপাশি :** ১। আঁকুপাঁকু ৩। আস্তিক ৫। কাণ্ডজ্ঞানহীন ৬। ইশারা ৭। বাবলা ৯। কথোপকথন ১২। নালিক ১৩। কটকার।

**উপর-নীচ :** ১। আঁজনাই ২। কুষ্মাণ্ড ৩। আলান ৪। কঠিন ৫। কারা ৭। বান ৮। লাগাতার ৯। কল্পনা ১০। পালক ১১। থমক।

## বিন্দুবিসর্গ





### অসুস্থ ফিরহাদ

ডিহাইড্রেশনের জন্য অসুস্থ রাজ্যের মন্ত্রী, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। কলকাতার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন তিনি।



### নিন্দায় মমতা

কৃষকদের ওপর হামলার তীব্র নিন্দা করে মমতা বন্দ্যোপাধ্যায় এক্স হ্যান্ডেলে প্রশ্ন তুলেছেন, 'মৌলিক অধিকারের জন্য লড়াই করা দেশের কৃষকদেরই যদি কাঁদানে গ্যাসের সেল দিয়ে আক্রমণ করা হয়, তাহলে দেশ কীভাবে প্রগতির পথে এগোবে?'





### ফের তল্লাশি

র‍্যাশন দুর্নীতি মামলায় মঙ্গলবার বেশ কয়েকটি জায়গায় তল্লাশি অভিযান চালায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। এই মামলায় ধৃতদের জেরা করে যাঁদের নাম পাওয়া গিয়েছে, তাঁদের বাড়ি ও অফিসে ইডির গোয়েন্দারা হানা দিচ্ছেন।



### সিআইডিকে ভর্ৎসনা

মুর্শিদাবাদের গোথা হাইস্কুলের বেআইনি নিয়োগ সংক্রান্ত মামলায় বিচারপতি বিশ্বজিৎ বসু বলেন, 'সিআইডির ওপর ভরসা করেছিলাম, কিছুই হয়নি। এত বেআইনি কাজের পরও তদন্তকারী অফিসার কী করছিলেন?'



আলপনায় সেজে উঠেছে কলকাতার সংস্কৃত কলেজের প্রাঙ্গণ। সরস্বতীপুজোর আগের দিন। - পিটিআই

## সন্দেশখালিতে ১৪৪ ধারা বাতিলের নির্দেশ

# স্বতঃপ্রণোদিত মামলা হাইকোর্টের

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** সন্দেশখালিতে ১৪৪ ধারা জারির নির্দেশ বাতিল করল কলকাতা হাইকোর্ট। বিচারপতি জয় সেনগুপ্ত জানান, ১৪৪ ধারা জারি করতে হলে আগে উত্তেজনাপ্রবণ এলাকা চিহ্নিত করতে হবে। কতটা অঞ্চলজুড়ে উত্তেজনা, তা বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই। বিচারপতি ওই এলাকায় আরও বেশি সশস্ত্র পুলিশ মোতায়েনের নির্দেশ দেন। প্রয়োজনে ড্রোন-সিসিটিভি ক্যামেরায় নজরদারি বাড়ানোর কথাও জানান। বুধবার থেকে শেখ শাহজাহান, উত্তম সর্দার, শিবু হাজরার গ্রেপ্তারির দাবিতে পথে নেমেছেন মহিলা সহ গ্রামবাসীদের একাংশ। অশান্তি এড়াতে সন্দেশখালি থানা এলাকায় ১৪৪ ধারা জারি ও ইন্টারনেট পরিষেবা বন্ধ করা হয়। তা প্রত্যাহার করতে সোমবার মামলা দায়ের হয়।

এদিন শুনানিতে বিচারপতির পর্যবেক্ষণ, ১৪৪ ধারা জারির যথাযথ কারণ বা নথিপত্র দেখাতে পারেনি রাজ্য। উপদ্রুত এলাকায় এই ধারা জারি করা হয়। এক্ষেত্রে গোটা পরিস্থিতি আগে পর্যালোচনা করা উচিত ছিল। রাজ্য আদালতে জানায়, ১৪৪ ধারা জারির আগে এলাকায় বাহিনী মোতায়েন করা হয়েছে। মহিলা-পুরুষ মিলিয়ে ৬ প্ল্যাটুন র‍্যাফের আবেদন করা হয়েছে।

> সন্দেশখালিতে আদিবাসীদের জমি দখল ও মহিলাদের মাথায় বন্দুকের নল ঠেকিয়ে ধর্ষণের মতো অভিযোগ রয়েছে। তাই স্বতঃপ্রণোদিতভাবে এই মামলা নেওয়া হয়েছে।
>
> **জয় সেনগুপ্ত,** *বিচারপতি*

এখনও পর্যন্ত ১৬টি এফআইআর দায়ের হয়েছে। বহু মানুষ জড়ো হয়ে বিক্ষোভ করছে। তাই এই ধারা প্রয়োগ করা হয়। বিচারপতি বলেন, 'গোটা এলাকাতেই উত্তেজনা? ২-৩টি অঞ্চল হলে বোঝা যেত। এরপর তো বলবেন কলকাতাজুড়ে ১৪৪ ধারা জারি হোক।' আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য জানান, শেখ শাহজাহান, উত্তম সর্দার, শিবু হাজরা এলাকার কৃষিজমি দখল করে ভেড়িতে পরিণত করেছেন। সেখানে গ্রামবাসীকে দিয়ে কাজ করিয়ে টাকা দেয়নি। মহিলাদের ওপর নির্যাতন করা হয়েছে। পুলিশ আধিকারিকরাও অভিযুক্ত। তাঁরা কোনও পদক্ষেপ নেয়নি।'


এতেই বিচারপতির পর্যবেক্ষণ, পুলিশ যথাযথ পদক্ষেপ নেয়নি বলে অভিযোগ। মহিলারা নিরাপত্তার অভাব বোধ করছেন। বিষয়টি হালকাভাবে নেওয়ার নয়। এই পরিস্থিতিতে আদালত চোখ বন্ধ করে থাকতে পারে না। এদিন সন্দেশখালির ঘটনায় স্বতঃপ্রণোদিত মামলা করেছে বিচারপতি অপূর্ব সিংহ রায়ের বেঞ্চ। বিচারপতি বলেন, 'সন্দেশখালিতে আদিবাসীদের জমি দখল ও মহিলাদের মাথায় বন্দুকের নল ঠেকিয়ে ধর্ষণের মতো অভিযোগ রয়েছে। তাই স্বতঃপ্রণোদিতভাবে এই মামলা নেওয়া হয়েছে।'

এই মামলায় আইনজীবী জয়ন্তনারায়ণ চট্টোপাধ্যায়কে আদালতবান্ধব হিসেবে নিয়োগ করা হয়েছে। সরকারি আইনজীবী দেবাশিস রায়কে পরবর্তী শুনানিতে রিপোর্ট জমা দিতে বলেছেন বিচারপতি। এদিকে সোমবার সন্দেশখালি যাওয়ার পথে শুভেন্দুদের বাধা দেওয়া হয়। সেই নিয়ে মামলা দায়ের হয় কলকাতা হাইকোর্টে। এদিন বিচারপতি জানান, ১৪৪ ধারা জারির নির্দেশ যেহেতু বাতিল করা হয়েছে তাই এই মামলার আর কোনও গ্রহণযোগ্যতা নেই।

অন্যদিকে সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় সিট গঠনের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি সেনগুপ্ত। সেই নির্দেশে স্থগিতাদেশ দেয় প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। ডিভিশন বেঞ্চে ৬ মার্চ মামলাটির শুনানি।

## হিংসায় উসকানি নয় : নুসরত

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** হিংসায় উসকানি বা ইন্ধন না দিয়ে আগুন নেভানোর চেষ্টা করাই উচিত। সন্দেশখালি কাণ্ড নিয়ে এই বার্তাই দিলেন বসিরহাটের তৃণমূল সাংসদ তথা অভিনেত্রী নুসরত জাহান। বুধবার থেকে রীতিমতো অশান্ত সন্দেশখালি। গ্রামে ভাঙচুর, অগ্নিসংযোগের পাশাপাশি বিরোধীদের



> এই সংকটময় পরিস্থিতিতে উসকানি দেওয়া বা অন্যদের উসকানি দেওয়া থেকে বিরত রেখে প্রশাসনকে সহযোগিতা করা উচিত।
>
> **নুসরত জাহান**

বিক্ষোভ-আন্দোলন চলছে। নুসরতের সংসদীয় এলাকায় এত বড় কাণ্ড ঘটে চলেছে কিন্তু তাঁকে কোনও বিবৃতি দিতে দেখা যাচ্ছে না। এই নিয়ে বিজেপি ও সিপিএম তীব্র আক্রমণ করেছিল তাঁকে। অবশেষে মঙ্গলবার সন্দেশখালি কাণ্ড নিয়ে নুসরত বলেন, 'রাজ্য সরকার ক্লান্তিহীনভাবে সাধারণ মানুষকে সাহায্য করছে। জনপ্রতিনিধি হিসাবে প্রশাসনের সঙ্গে যোগাযোগ রাখছি। এই পরিস্থিতিকে রাজনীতির রং দেবেন না। আমাদের কাজ আগুন নেভানো। আগুনে ঘি দেওয়া নয়। প্রশাসনকে সাহায্য করুন।'

## সংসদের কমিটি থেকে ইস্তফা

# দেবের পর মঞ্চের আলো কাড়লেন মিমি

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** লোকসভা ভোটের আগে রাজনৈতিক উত্তাপের মধ্যেও টানটান চিত্রনাট্য তৈরি করছেন তৃণমূলের তারকা সাংসদরা। গত বেশ কয়েকদিন ধরে মঞ্চের আলো ছিল ঘাটালের সাংসদ দীপক অধিকারী ওরফে দেবের মুখের ওপর। আচমকাই তিনটি সরকারি কমিটি থেকে পদত্যাগ করে সংবাদ শিরোনামে চলে এসেছিলেন তিনি। সবে সোমবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁর আরামবাগ সফরে আমজনতার কাছে স্পষ্ট হয়ে গিয়েছে 'দিদি'র 'ভাই' থাকছেন তৃণমূল রাজনীতিতেই। দাঁড়াবেন ঘাটালেই।

দেবের পরেই মঞ্চের আলো নিজের মুখে কেড়ে নিয়েছেন যাদবপুরের তারকা সাংসদ মিমি চক্রবর্তী। মঙ্গলবার সংসদের দুটি স্ট্যান্ডিং কমিটি থেকে ইস্তফা দিলেন মিমি। লোকসভায় তৃণমূলের দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিয়ে তিনি তাঁর পদত্যাগের কথা জানিয়ে দিয়েছেন। এর আগে নলমুড়ি গ্রামীণ হাসপাতাল ও জিরানগাছা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের রোগী কল্যাণ সমিতি থেকে ইস্তফা দেন এই অভিনেত্রী সাংসদ। দেবও একইভাবে ঘাটাল হাসপাতালের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান সহ তিনটি পদ থেকে ইস্তফা দিয়েছিলেন। মিমি রোগীকল্যাণ সমিতি থেকে তাঁর ইস্তফাপত্রে লিখেছেন, '২০১৯ থেকে ২০২৪ পর্যন্ত আমার সাংসদ পদের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে। আপনাদের যে সমর্থন আমি পেয়েছি, তার জন্য অসংখ্য ধন্যবাদ। আমি চেয়ারপার্সন



হিসেবে চিকিৎসক, নার্স এবং সর্বোপরি রোগীদের কল্যাণার্থে সর্বোচ্চ চেষ্টা করেছি।'

২০১৯ সালে তৃণমূলের টিকিটে ২ লক্ষ ২২ হাজার ৪৯৯ ভোটে যাদবপুরে জিতেছিলেন জলপাইগুড়ির মেয়ে মিমি। কয়েকদিন আগেই তাঁর জন্মদিন পালন হয়েছে। তারপরই এই পদক্ষেপ কেন করলেন, তার কোনও জবাব মিমি দেননি। সেইজন্যই এই ইস্তফাকে ঘিরে তৈরি হয়েছে জল্পনা। প্রশ্ন উঠেছে, তাহলে কি দেবের পথেই হাঁটতে চলেছেন মিমি? মমতা ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠকের পর দেবের সঙ্গে তৃণমূলের সম্পর্কের বরফ গলেছে। আরামবাগের সভা থেকে দেব 'আবদার' করেছেন ঘাটাল মাস্টার প্ল্যান যেন কেন্দ্রের ভরসায় না থেকে রাজ্য সরকার নিজের হাতে নেয়। জবাবে মমতা বলেন, 'ভাই আবদার করলে দিদি কি তা ফেরাতে পারে?' বিগলিত দেবও জানিয়ে দেন, 'দিদির হাত ধরে তৃণমূলে এসেছিলাম। দিদির হাত ধরেই থেকে গেলাম।'

রাজনৈতিক মহলের প্রশ্ন, তৃণমূল কি দেবের মতোই গুরুত্ব দিয়ে মিমির সমস্যা দেখবে? দেবের কোপে পড়ে সরে যেতে হয়েছে সেখানকার ব্লক সভাপতি শংকর দলুইকে। মিমির সমস্যাও কি এভাবে সমাধান করবে তৃণমূল?

## বেহাল বিজেপির নির্বাচনি কর্মসূচি

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** লোকসভা ভোটের আগে ঘরে ঘরে মোদির বার্তা পৌঁছে দেওয়ার স্লোগান তৈরি হলেও কর্মসূচিতে যোগই দিতে পারছেন না দলের জনপ্রতিনিধিরা। জনপ্রতিনিধিদের অনুপস্থিতিতে কার্যত মুখ থুবড়ে পড়েছে বিজেপির একাধিক নির্বাচনি কর্মসূচি। নির্ধারিত সময়ের মধ্যে কর্মসূচির রূপায়ন নিয়ে তৈরি হচ্ছে অনিশ্চয়তা। তারই একটি অন্যতম দৃষ্টান্ত বিজেপির গ্রাম চলো অভিযান।

লোকসভা ভোটের আগে জনসংযোগের মাধ্যমে মানুষের মন বুঝতে গ্রাম চলো অভিযান কর্মসূচি নিয়েছে বিজেপি। ৪ থেকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে এই কর্মসূচি শেষ করার কথা ছিল। সূত্রের খবর, লক্ষ্যের ১০ শতাংশও এখনও পর্যন্ত করা সম্ভব হয়নি। স্বাভাবিকভাবেই কর্মসূচির মেয়াদ বাড়াতে হচ্ছে বিজেপিকে। ২০ ফেব্রুয়ারির মধ্যে এই কর্মসূচি সম্পূর্ণ করতে জেলা কমিটিকে নির্দেশ দিয়েছে রাজ্য। কিন্তু তাতেও আদপে কতটুকু করা যাবে, তা নিয়ে সংশয়ে বিজেপি।

কর্মসূচি অনুযায়ী জনপ্রতিনিধিদের তাঁদের বিধানসভা বা সংসদ এলাকায় যুক্ত হতে হবে। কিন্তু ১ ফেব্রুয়ারি থেকে ১০ ফেব্রুয়ারি পর্যন্ত সংসদে বাজেট অধিবেশনের জন্য দলের সাংসদদের কার্যত জানুয়ারির শেষ থেকে ফেব্রুয়ারির মাঝামাঝি পর্যন্ত দিল্লিতেই থাকতে হয়েছে। এরই মধ্যে বিধানসভার বাজেট অধিবেশন শুরু হয়েছে ৫ ফেব্রুয়ারি থেকে। ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত তা হওয়ার কথা। এরই মধ্যে দিল্লিতে জাতীয় কর্মসমিতির বৈঠক ১৭ এবং ১৮ ফেব্রুয়ারি। এদিকে ২০ ফেব্রুয়ারি থেকে শুরু হওয়ার কথা লোকসভা বুথ সম্মেলন। দলের একাংশের মতে, অমিত শা-র সভাকে কেন্দ্র করে রাজ্য এবং সংশ্লিষ্ট জেলা নেতৃত্ব ব্যস্ত হয়ে পড়বেন দিল্লি থেকে ফেরার পরেই। এই পরিস্থিতিতে আসন্ন লোকসভাকে কেন্দ্র করে গ্রাম চলো অভিযান বা লোকসভাওয়াড়ি বুথ সম্মেলন কতটা সফল করা যাবে, তা নিয়ে আশঙ্কা রয়েছে দলের অন্দরেই।

# তদন্তে মহিলা পুলিশের দল

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** সন্দেশখালিতে তৃণমূল নেতা শেখ শাহজাহান ও তাঁর প্রধান দুই শাগরেদ উত্তম সর্দার ও শিবপ্রসাদ হাজর (শিবু) বাহিনীর বিরুদ্ধে শ্লীলতাহানি সহ অত্যাচারের নানা অভিযোগ এনেছেন গ্রামের মহিলারা। গ্রামের সুন্দরী মহিলাদের প্রতি শাহজাহান বাহিনীর বিশেষ নজর ছিল বলে অভিযোগ। অভিযোগ নিয়ে তোলপাড় রাজ্য। গ্রামের মহিলাদের এই অভিযোগ পাওয়ার পরেই ১০ জনের পুলিশের একটি বিশেষ দল গঠন করা হয়। সোমবার ডিআইজি সিআইডি সোমা দাস মিত্রর নেতৃত্বের ওই দলটি সন্দেশখালিতে তদন্তে যায়। সেখানে গ্রামের মহিলাদের সঙ্গে কথা বলেন তাঁরা। সংগ্রহ করেন রিপোর্ট।

সন্দেশখালিতে শাহজাহান বাহিনীর অত্যাচার নিয়ে কার্যত উত্তাল রাজ্য রাজনীতি। এই ঘটনার জন্য পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ এনে পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেই দায়ী করছেন বিরোধীরা। যদিও মুখ্যমন্ত্রী জানিয়েছেন, সন্দেশখালি ঘটনার তদন্তে ইতিমধ্যেই লীনা গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বে রাজ্য মহিলা কমিশনের এক প্রতিনিধি দলকে পাঠানো হয়েছিল। সেই দল রিপোর্ট দিয়েছে গ্রামে এমন কোনও মহিলাকে পাননি যিনি শ্লীলতাহানির অভিযোগ করেছেন। তবে গ্রামের মহিলাদের ডেকে বাড়ির নানা কাজ করানো হত বলে অভিযোগ পাওয়া গিয়েছে। সন্দেশখালিতে মহিলাদের ওপর কী ধরনের অত্যাচার হয়েছে তা জানতেই গঠন করা হয় ১০ জনের পুলিশের বিশেষ দল। যে দলের নেতৃত্ব দেন সোমা। সোমা ছাড়াও ওই দলে রয়েছেন ডিআইজি এসটিএফ দেবস্মিতা দাস, সুন্দরবনের অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার্স) চারু শর্মা, বারুইপুর মহিলা থানার আইসি কাকলি ঘোষ প্রমুখ।

ধামাখালি থেকে নৌকায় চেপে সন্দেশখালি পৌঁছোন তাঁরা। গ্রামের মানুষ পুলিশকে সামনে পেয়ে তাঁদের ওপর অত্যাচারের কথা জানান। বিশেষ করে তাঁদের সম্মানহানির পাশাপাশি কীভাবে বিনা পয়সায় তাঁদের দিয়ে কাজ করানো হত তা পুলিশের কাছে তুলে ধরেন বলে খবর। পুলিশ আধিকারিকরা তাঁদের আশ্বস্ত করে বলেন, এই ধরনের ঘটনা ঘটলে তাঁরা যেন পুলিশের কাছে যান। তদন্তকারী দলটি সমস্ত রিপোর্ট পুলিশমন্ত্রীকে দেবে।

## কেন্দ্রের নাট্যে ব্রাত্যর তোপ

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** লোকসভা ভোটের আগে রাজ্যের থিয়েটার দলগুলিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির গুণকীর্তন করে লেখা নাটক পরিবেশনের জন্য চাপ দিচ্ছে কেন্দ্রীয় সরকার। মঙ্গলবার রাজ্যের শিক্ষামন্ত্রী তথা নাট্যকার ব্রাত্য বসু তাঁর এক্স হ্যান্ডেলে এই অভিযোগ এনেছেন।

তিনি অভিযোগ করেছেন, 'রাজ্যের সব থিয়েটার দলকে একটি ছোট নাটিকা পাঠানো হয়েছে। সেটি মূলত প্রধানমন্ত্রীর মহিমাবাচক ও গুণকীর্তন করে লেখা।' কেন্দ্রীয় সরকার এভাবে রাজ্যের নাট্যগোষ্ঠীগুলিকে বিজেপির হয়ে ভোট প্রচারে বাধ্য করছে বলে মনে করেন ব্রাত্য। রাজ্যের অনেক থিয়েটার দল কেন্দ্রীয় সরকারের ভাতা পায়। তাই এই নাটিকা পাঠিয়ে তাদের সেটি মঞ্চস্থ করার চাপ সৃষ্টি করা। কারণ, ওই নাটিকা পরিবেশন না করলে দলগুলির ভাতা বন্ধ হয়ে যেতে পারে বলে আশঙ্কা ব্রাত্যর।

তাই তিনি লিখেছেন, 'অভিনয়টি না করলে কেন্দ্রের পাঠানো মোটা অনুদান ও ভরতুকি বন্ধ করে দেওয়া হবে। পশ্চিমবঙ্গের থিয়েটার দলগুলি যেহেতু মূলত বামপন্থী সেকুলার, তাই আমরা আশা রাখতেই পারি এই নির্লজ্জ প্রস্তাব সবাই ঘৃণাভরে প্রত্যাখ্যান করবেন।'

# হারা আসনেই বেশি জোর বঙ্গ বিজেপির

**স্বরূপ বিশ্বাস**

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** আগামী লোকসভা ভোটে রাজ্যে বিজেপি সাংসদদের টিকিট প্রায় একশো শতাংশ নিশ্চিত। ব্যতিক্রম একমাত্র ব্যারাকপুর। ওই আসনে বিজেপির টিকিটে জয়ী সাংসদ অর্জুন সিং পরে তৃণমূলে যোগ দিয়েছেন। ব্যারাকপুর আসনে আপাতত কেন্দ্রীয় বিজেপির ভাবনায় বেশ কয়েকজনের নাম আছে। তার মধ্যে তৃণমূল ছেড়ে বিজেপিতে আসা দীনেশ ত্রিবেদীর নাম রয়েছে বলে পদ্ম শিবিরে খবর।

উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গে এবার প্রার্থী বদল করার সিদ্ধান্ত নেই বলেই দলের হারা আসনগুলিতে নতুন বা পুরোনো প্রার্থীদের নাম বাছাইয়ে এবার অধিক গুরুত্ব দিতে নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় নেতৃত্ব। বিশেষ করে সম্প্রতি পশ্চিমবঙ্গে দলের শীর্ষ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা নেতা-কর্মীদের এবার রাজ্যে ৩৫টি আসনের টার্গেট বেঁধে দিয়ে গিয়েছেন। আর তাতেই চাপ বেড়েছে দলের কেন্দ্র ও রাজ্য স্তরে। সদ্য দলের রাজ্য নির্বাচন কমিটির বৈঠকে মূলত গত লোকসভা ভোটে দলের হারা আসনগুলির প্রার্থী বাছাই নিয়ে কথা হয়। বিজেপির হারা আসন হলেও এবার ওইসব কেন্দ্রে দলের প্রার্থী হতে চেয়ে আবেদনকারীর সংখ্যা নিঃসন্দেহে উল্লেখযোগ্য। একেকটি আসনে প্রার্থী হতে চেয়ে দাবিদারের সংখ্যা প্রায় ১০ থেকে ১২ জন।

মঙ্গলবার রাজ্য বিজেপির নির্বাচনি কমিটির অন্যতম সদস্য, দলের প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষকে প্রশ্ন করা হলে তিনি বিষয়টি এড়িয়ে যান। পরে দিলীপ বলেন, 'জয় করা আসনগুলির থেকে হারা আসনগুলির ওপর দলের বেশি জোর দেওয়ার বিষয় তো থাকবেই। গতবার ১৮টা আসন জেতার পর এবার আরও বেশি আসনে জয়ের লক্ষ্য তো দলের থাকবেই। অমিত শা'জি তো ৩৫টা আসনের 'টার্গেট' বেঁধে দিয়েছেন। লড়াই করে ওই লক্ষ্যে পৌঁছোতে হবেই। সবচেয়ে বড় কথা, হারা আসনগুলিতে দলের প্রার্থী হতে দাবিদারের সংখ্যা রীতিমতো লক্ষণীয়।' আপাতত নিজের মেদিনীপুর লোকসভা আসনে জনসংযোগের কাজ নিয়মিত চালিয়ে যাচ্ছেন দিলীপ। দলের কেন্দ্রীয় শীর্ষ নেতৃত্বের নির্দেশ অন্তত তাই।

## ভেঙে পড়ল যুদ্ধবিমান



*কলাইকুন্ডা এয়ারবেসের এয়ারফোর্সের প্রশিক্ষণ চলাকালীন খড়্গপুর লোকাল থানার দিয়াসা এলাকায় একটি ধানের জমিতে ভেঙে পড়ল যুদ্ধবিমান। প্যারাশুটের মাধ্যমে নীচে নেমে প্রাণে বাঁচেন এয়ারফোর্সের পাইলট। ঘটনাটি মঙ্গলবার দুপুর নাগাদ ঘটেছে। ছবি : পিটিআই, তথ্য : চিত্ত মাহাতো।*

## আজ টিভিতে



কথার বিপদে পাশে দাঁড়াবে কোন অজানা ভ্যালেন্টাইন? কী ঘটতে চলেছে এবার কথা আর এভির জীবনে? **কথা** – বসন্তে ভ্যালেন্টাইন- **স্টার জলসায়** সন্ধ্যা ৭টায়।

### ধারাবাহিক

**জি বাংলা :** বিকেল ৪.৩০ ঘরে ঘরে জি বাংলা, ৫.০০ দিদি নম্বর ১, সন্ধ্যা ৬.০০ ইচ্ছে পুতুল, ৬.৩০ কার কাছে কই মনের কথা, ৭.০০ জগদ্ধাত্রী, ৭.৩০ ফুলকি, রাত ৮.০০ নিমফুলের মধু, ৮.৩০ কোন গোপনে মন ভেসেছে, ৯.০০ আলোর কোলে, ৯.৩০ মিঠিঝোরা, ১০.০০ মিলি, রাত ১০.৩০ মন দিতে চাই, রাত ১১.০০ শ্রীকৃষ্ণ লীলা

**স্টার জলসা :** বিকেল ৫.৩০ রামপ্রসাদ, সন্ধ্যা ৬.০০ তোমাদের রাণী, ৬.৩০ গীতা এলএলবি, ৭.০০ কথা, ৭.৩০ সন্ধ্যাতারা, রাত ৮.০০ তুমি আশেপাশে থাকলে, ৮.৩০ লাভ বিয়ে আজকাল, ৯.০০ জল থই থই ভালোবাসা, ৯.৩০ অনুরাগের ছোঁয়া, ১০.০০ হরগৌরী পাইস হোটেল, ১০.৩০ চিনি, ১১.০০ বোঝেনা সে বোঝেনা

**কালার্স বাংলা :** সন্ধ্যা ৬.০০ নাগিন ৬, ৬.৩০ ফেরারি মন, ৭.০০ সোহাগ চাঁদ, ৭.৩০ টুম্পা অটোওয়ালি, রাত ৮.০০ রাম কৃষ্ণা, ৮.৩০ শিবশক্তি-এক ঘণ্টার পর্ব, ৯.৩০ নীর্জা, ১০.০০ স্বপ্নডানা

### সিনেমা

**জলসা মুভিজ :** সকাল ৯.৪০ হারজিত, দুপুর ১২.৩৫ কেলোর কীর্তি, বিকেল ৩.৫০ শুধু একবার বল, সন্ধ্যা ৭.০০ ডাল বাটি চুরমা চচ্চড়ি, রাত ৯.২০ মজনু

**জলসা মুভিজ এইচডি :** সকাল ৮.৩০ অ্যাকশন, সকাল ১০.৫৫ মেঘনাদবধ রহস্য, দুপুর ১.৩৫ জেনারেশন আমি, বিকেল ৩.৫৫ কাছের মানুষ, সন্ধ্যা ৬.২৫ বাবা বেবি ও

**কালার্স বাংলা সিনেমা :** সকাল ১০.০০ রোমিও ভার্সেস জুলিয়েট, দুপুর ১.০০ সাথী, বিকেল ৪.০০ প্রেমের কাহিনী, সন্ধ্যা ৭.০০ আই লাভ ইউ, রাত ১০.০০ লাভ ম্যারেজ

**জি বাংলা সিনেমা :** সকাল ১০.০০ মিলনতিথি, দুপুর ১২.০০ ইনস্পেকটর নটি কে, বিকেল ৩.০০



'লাভ আনলিমিটেড' দেব-কোয়েল অভিনীত **প্রেমের কাহিনী**। **কালার্স বাংলা সিনেমায়** বিকেল ৪টায়।

মানুষ কেন বেইমান, বিকেল ৫.৪০ জোয়ারভাটা, রাত ৮.০৫ আক্রোশ

**কালার্স বাংলা :** দুপুর ২.০০ ফান্দে পড়িয়া বগা কান্দে রে



**আকাশ আটে** সকাল ৭টায় **গুড মর্নিং আকাশে** সরস্বতীপুজো ও ভ্যালেন্টাইন্স ডে উপলক্ষ্যে থাকছেন ইমন চক্রবর্তী ও নীলাঞ্জন ঘোষ।

## আজকের দিনটি

**শ্রীদেবাচার্য্য**

**৯৪৩৪৩১৭৩৯১**

মেষ : আজ সারাদিন খুব পরিশ্রমে কাটবে। বাবার পরামর্শে নতুন ব্যবসা শুরু। বৃষ : কর্মক্ষেত্রে সহকর্মীদের সঙ্গে ভুল বোঝাবুঝি। ব্যবসার জন্যে ধার করতে হবে। মিথুন : পরিচিত কোনও ব্যক্তি ঠাকাতে পারে। প্রেমের সঙ্গীকে অন্যের কথায় ভুল বুঝেবেন। কর্কট : বিপন্ন কোনও পশুকে বাঁচিয়ে তৃপ্তি। ব্যবসার কারণে দূরে যেতে হতে পারে। সিংহ : দীর্ঘদিন পরে প্রিয় বন্ধুকে কাছে পেয়ে আনন্দ। নিজের শরীর নিয়ে অযথা ভাবনা। কন্যা : যেচে অন্যের উপকার করতে গিয়ে অপমানিত হতে পারেন। বাড়িতে পুজোর আয়োজনে আনন্দ। তুলা : নতুন কোনও ব্যবসা আজ শুরু করতে পারেন। পরীক্ষায় ভালো ফল হওয়ায় খুশি। বৃশ্চিক : ভেবেচিন্তে সব কাজ করুন। দ্রুত কোনও কাজ করতে গিয়ে ভুল করে ফেলবেন। ধনু : পথে চলতে খুব সতর্ক থাকবেন। বারবার কাজ করেও সেই কাজে আজ সাফল্য নাও মিলতে পারে। মকর : হঠাৎ নতুন কোনও চাকরির সুযোগ আসতে পারে। মায়ের শরীর নিয়ে দুশ্চিন্তা। কুম্ভ : সামান্য কারণে সংসারে অশান্তি। পেটের রোগে দুর্ভোগ। মীন : শরীর নিয়ে দুশ্চিন্তা করার কারণ নেই। আজ কোনও ভালো সংবাদ পেতে পারেন।

## দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে আজ ১ ফাল্গুন ১৪৩০, ভাঃ ২৫ মাঘ ১৪ ফেব্রুয়ারি ২০২৪, ১ ফাগুন, সংবৎ ৫ মাঘ সুদি, ৩ শাবান। সূঃ উঃ ৬।১৬, অঃ ৫।২৭। বুধবার, পঞ্চমী রাত্রি ৬।৫। রেবতীনক্ষত্র অপরাহ্ণ ৪।৩০। শুভযোগ রাত্রি ১।৪০। ববকরণ দিবা ৭।৯ গতে বালবকরণ রাত্রি ৬।৫ গতে কৌলবকরণ শেষরাত্রি ৫।৭ গতে তৈতিলকরণ। জন্মে- মীনরাশি বিপ্রবর্ণ দেবগণ অষ্টোত্তরী শুক্রের ও বিংশোত্তরী বুধের দশা, অপরাহ্ণ ৪।৩০ গতে মেষরাশি ক্ষত্রিয়বর্ণ মতান্তরে বৈশ্যবর্ণ বিংশোত্তরী কেতুর দশা। মৃতে- দোষ নাই। যোগিনী-দক্ষিণে, রাত্রি ৬।৫ গতে পশ্চিমে। কালবেলাদি ৯।৪ গতে ১০।২৮ মধ্যে ও ১১।৫২ গতে ১।১৬ মধ্যে। কালরাত্রি ৩।৪ গতে ৪।৪০ মধ্যে। যাত্রা- শুভ উত্তরে ও দক্ষিণে নিষেধ (ব্যবহারিক অগস্ত্যদোষ), দিবা ২।২৯ গতে পূর্বেও নিষেধ, রাত্রি ৬।৫ গতে যাত্রা নাই। শুভকর্ম- গাত্রহরিদ্রা অব্যূঢ়ান্ন দ্বিরাগমন নামকরণ অন্নপ্রাশন চূড়াকরণ কর্ণবেধ দীক্ষা গৃহারম্ভ দেবগৃহারম্ভ গৃহপ্রবেশ নববস্ত্রপরিধান নবশয্যাসনাদ্যুপভোগ শঙ্খরত্নধারণ, জলাশয়ারম্ভ জলাশয়প্রতিষ্ঠা দেবতাগঠন দেবতাপ্রতিষ্ঠা বিষ্ণুপ্রতিষ্ঠা শিবপ্রতিষ্ঠা বৃক্ষপ্রতিষ্ঠা ক্রয়বাণিজ্য বিপণ্যারম্ভ পুণ্যাহ গ্রহপূজা শান্তিস্বস্ত্যয়ন হলপ্রবাহ বীজবপণ বৃক্ষাদিরোপণ ধান্যস্থাপন ধান্যবৃদ্ধিদান নবান্ন কারখানারম্ভ কুমারীনাসিকাবেধ বাহনক্রয়বিক্রয় কম্পিউটার নির্মাণ ও চালন, অপরাহ্ণ ৪।৩০ মধ্যে সাধভক্ষণ ধান্যচ্ছেদন বীজসংগ্রহ। বিবিধ (শ্রাদ্ধ)- পঞ্চমী একোদ্দিষ্ট ও সপিণ্ডন। রাত্রি ৬।৫ গতে চন্দ্রদগ্ধা। শ্রীপঞ্চমী, শ্রীশ্রীলক্ষ্মী-সরস্বতী পুজো, মস্যাধার(দোয়াত), লেখনী (কলম), পুস্তক (বই) ও বাদ্যযন্ত্রাদির পুজো, মদনপঞ্চমী এবং রতিকামদেব পুজো। ষটপঞ্চমীব্রত। অমৃতযোগ- দিবা ৭।৩১ মধ্যে ও ৯।৫১ গতে ১১।২৪ মধ্যে ও ৩।১৮ গতে ৪।৫১ মধ্যে এবং রাত্রি ৬।২৭ গতে ৮।৫৫ ও ১।৫১ গতে ৬।১৬ মধ্যে। অমৃতযোগ- দিবা ১।৪৪ গতে ৩।১৮ মধ্যে এবং রাত্রি ৮।৫৫ গতে ১০।৩৪ মধ্যে।

## টুকরো খবর

### কোটায় ফের আত্মহত্যা

রাজস্থানের কোটায় এবার আত্মঘাতী দ্বাদশ শ্রেণির এক পড়ুয়া। গত দেড় মাসের মধ্যে এটি চতুর্থ মৃত্যুর ঘটনা। মঙ্গলবার দ্বাদশ শ্রেণির ওই পড়ুয়ার সিলিং ফ্যান থেকে ঝুলন্ত দেহ উদ্ধার হয়েছে। কিছুদিন ধরে সে চুপচাপ হয়ে গিয়েছিল। এদিন নিয়মমাফিক বাড়িতে ফোন না করায় পরিজনরা ছাত্রাবাসের ওয়ার্ডেনকে ফোন করেন। তারপর ছাত্রের ঘরের দরজা খুলে ঝুলন্ত দেহ উদ্ধার হয়।




### সিইসি আইন অক্ষুণ্ণ

কেন্দ্রের জবাব চেয়ে একখানি নোটিশ ধরানো হল বটে, কিন্তু মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) ও অন্য নির্বাচন কমিশনার আইনে স্থগিতাদেশ জারি করল না সুপ্রিম কোর্ট। আইনটিকে চ্যালেঞ্জ করে একটি জনস্বার্থ মামলায় মঙ্গলবার বিচারপতিরা মেনে নিয়েছেন, ওই আইনের ফলে প্রশাসনির আধিপত্য বাড়বে এবং তার প্রভাব গণতন্ত্রের ওপর পড়বে।



বসন্তপঞ্চমীর রং বাংলা থেকে অনেক দূরে আগ্রাতেও। সর্ষেখেতে দুই বান্ধবী। - পিটিআই



### হাত নেই শাহরুখের

কাতারে মৃত্যুর মুখ থেকে ফিরেছেন ৮ ভারতীয় নৌসেনা। মঙ্গলবার বিজেপি নেতা সুব্রহ্মণিয়াম স্বামী দাবি করেন, ভারতীয় নৌসেনাদের মুক্তি হয়েছে অভিনেতা শাহরুখ খানের হাতযশে। এরপরেই বিবৃতি দিয়ে শাহরুখ জানান, এই ধরনের কূটনৈতিক বিষয়ে অভিনেতা নয়, দেশনেতাদেরই ভূমিকা থাকে। এ নিয়ে বিভ্রান্তি তৈরি উচিত নয়। তবে ভারতীয় নৌসেনারা মুক্তি পাওয়ায় সন্তোষপ্রকাশ করেন তিনি।



### ২২ ঠিকানায় ইডি

ফ্ল্যাট ক্রেতাদের প্রতারণার অভিযোগে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি) এক গৃহনির্মাতার বাড়ি সহ মুম্বই ও নবি মুম্বইয়ের ২২টি ঠিকানায় তল্লাশি অভিযান চালাল। ৭ ফেব্রুয়ারির ঘটনা। ব্যবসায়ীর নাম ললিত টেক চন্দানী। তাঁর ৩০ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করা হয়েছে। ইডি আধিকারিকরা তহবিল তছরুপ প্রতিরোধ আইন ২০০২-এর আওতায় তল্লাশি অভিযান চালিয়েছেন।

### প্রেম করছেন টম

ফের প্রেমে পড়েছেন হলিউড তারকা টম ক্রুজ। এলসিনা খায়রোভা নামে ৩৬ বছরের রাশিয়ান মহিলার সঙ্গে প্রেম করছেন ৬১ বছরের টম। গত বছরের শেষ দিকে একটি পার্টিতে তাঁদের একসঙ্গে দেখা যায়। তাঁদের এক বন্ধু জানিয়েছেন, লন্ডনের নাইটসব্রিজের একটি অ্যাপার্টমেন্টে তাঁরা একসঙ্গে থাকছেনও।

### ফ্ল্যাটে অভিনেত্রীর দেহ

আত্মঘাতী হলেন গায়িকা, অভিনেত্রী মল্লিকা রাজপুত। 'রিভলভার রানি' সিনেমায় অভিনেত্রী কঙ্গনা রানাওয়াতের সঙ্গে কাজ করেছেন। উত্তরপ্রদেশের সুলতানপুরে অভিনেত্রীর ফ্ল্যাট থেকেই পুলিশ উদ্ধার করেছে তাঁর ঝুলন্ত দেহ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪০। সংসারে অশান্তি থেকেই মল্লিকা আত্মহত্যা করতে পারেন বলে মনে করছে পুলিশ।

# পিছু হটছেন না কৃষকরা

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি :** মঙ্গলবার কৃষক আন্দোলনকে ঘিরে কার্যত দুর্গের চেহারা নিয়েছে রাজধানী দিল্লি এবং সংলগ্ন সীমান্ত এলাকা। যদিও সংযুক্ত কিষান মোর্চার মতে, এই আন্দোলন কিছুই নয়। আসল আন্দোলন শুরু হবে ১৬ ফেব্রুয়ারির পর। কৃষকদের 'দিল্লি চলো' অভিযানের তিনদিন পর এটাই কৃষকদের সবচেয়ে বড় পরিকল্পনা, যেখানে অংশ নেওয়ার কথা সারা দেশের প্রায় ২০ কোটি কৃষকের।

কৃষকদের 'দিল্লি চলো' অভিযানের তিনদিন পরই সংযুক্ত কিষান মোর্চার নেতৃত্বে কৃষকরা দেশের সমস্ত গ্রামে আন্দোলন শুরু করবে। সংযুক্ত কিষান মোর্চার নেতা এবং কেরলের প্রাক্তন বিধায়ক কৃষ্ণপ্রসাদ বলেছেন, সরকার তাদের দাবি না মানলে এই আন্দোলন আরও চলবে। কিষান মোর্চার সঙ্গে যুক্ত নেতাদের মতে, মধ্যপ্রদেশে তাদের সংগঠনের সঙ্গে যুক্ত ব্যক্তিদের আটক করা হয়েছে। অথচ দেশজুড়ে শুরু হয়েছে কৃষকদের আন্দোলন। তাই সংগঠনের কাছে প্রতিবাদের একমাত্র পথ 'গ্রাম বনধ।' সংগঠনের দাবি, এখনও পর্যন্ত সারা দেশে গ্রাম বনধের মতো বড় কোনও আন্দোলন হয়নি।





কৃষকদের দিল্লি চলো অভিযান ঠেকাতে পাতিয়ালায় ও (নীচে) দিল্লি-হরিয়ানা সীমানায় পুলিশের কাঁদানে গ্যাস।

## আসনরফায় দেরি কবুল কংগ্রেসের

# দিল্লিতে মাত্র একটি আসন ছাড়ল আপ

**নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি :** ইন্ডিয়া জোটে জট পাকানোর মূলে আসন ভাগাভাগি নিয়ে সিদ্ধান্ত নিতে অহেতুক বিলম্ব। বারবার কংগ্রেসের বিরুদ্ধে এই অভিযোগ তুলেছে তৃণমূল, সপা, আপের মতো শরিক দলগুলি। যদিও কংগ্রেস তা এতদিন মানতে চায়নি। কিন্তু পশ্চিমবঙ্গ, পঞ্জাবে জোট মুখ থুবড়ে পড়ায় এবং দিল্লিতেও সাকুল্যে একটি মাত্র আসন পাওয়ায় আসনরফায় বিলম্বের বিষয়টি কার্যত মেনে নিলেন কংগ্রেস নেতৃত্ব। মঙ্গলবার অরবিন্দ কেজরিওয়াল দিল্লির সাতটি লোকসভা আসনের মধ্যে মাত্র একটি আসন কংগ্রেসকে ছাড়তে রাজি হয়েছে।

এই ব্যাপারে জানতে চাওয়া হলে কংগ্রেসের প্রচারের দায়িত্বে থাকা সাধারণ সম্পাদক জয়রাম রমেশ বলেন, 'আমি মানছি, আসনরফা নিয়ে একটু বিলম্ব হয়ে গিয়েছে। কিন্তু এই কাজটি অত্যন্ত কঠিন। কারণ আমরা রাজ্যস্তরে বেশ কয়েকটি দলের বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করছি।'

রাজ্য স্তরের বাধ্যবাধকতার বিষয়টি জানিয়ে রমেশ বলেন, 'ইন্ডিয়া জোট ২০২৪ সালের লোকসভা ভোটের কথা মাথায় রেখে করা হয়েছে। দিল্লি ও পঞ্জাবে আমরা আপের বিরুদ্ধে লড়ছি। কিন্তু সর্বভারতীয়স্তরে আমরা একসঙ্গে রয়েছি। আমাদের লক্ষ্য হল বিজেপিকে হারানো।' পশ্চিমবঙ্গে আসনরফায় বিলম্বের অভিযোগ তুলেছেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রমেশ বলেন,

**একতরফা**

- পঞ্জাব, চণ্ডীগড়ের পর দিল্লিতেও জোটে বিভ্রাট
- দিল্লিতে চারটি আসনে লড়তে চেয়েছিল কংগ্রেস
- বাকি মাত্র তিনটি নিয়ে সন্তুষ্ট থাকতে রাজি নয় আপ
- শেষ পর্যন্ত ছ'টিতে লড়ার কথা জানাল আপ
- কংগ্রেস অবশ্য এখনও সমঝোতার অপেক্ষায়

'পশ্চিমবঙ্গ, পঞ্জাবে আমরা বেশি আসন চেয়েছি। তৃণমূল ও আপও তাই চেয়েছে। আমরা আশাবাদী, দ্রুত একটি মধ্যপন্থা বেরিয়ে আসবে। কংগ্রেসকে ৩১ ডিসেম্বরের মধ্যে আসনরফা নিয়ে সিদ্ধান্ত নিতে বলেছিলেন মমতা। কিন্তু তা হয়নি।' এদিকে দিল্লিতে একটি আসন কংগ্রেসকে ছাড়া নিয়ে আপ নেতা সন্দীপ পাঠক বলেন, 'যোগ্যতার নিরিখে দিল্লির একটি আসনেও জেতার ক্ষমতা নেই কংগ্রেসের। কিন্তু জোটধর্মের কথা মাথায় রেখে আমরা তাদের ১টি আসন ছাড়তে চাইছি। বাকি ৬টি আসনে আমরা লড়াই করব।' তিনি এও বলেন, দিল্লিতে কংগ্রেসের একজন সাংসদ কিংবা বিধায়কও নেই। দিল্লি পুরভোটেও ২৫০টি আসনের মধ্যে মাত্র ৯টি আসন জিতেছিল তারা।

এর আগে পঞ্জাব ও চণ্ডীগড়ে একলা লড়াই করার কথা ঘোষণা করেছিলেন কেজরিওয়াল। সেই সময় জল্পনা শুরু হয়েছিল, দিল্লিতেও হয়তো একলা চলতে চাইবে আপ। কিন্তু সাতটির মধ্যে ১টি আসন ছেড়ে আপ নেতৃত্ব বোঝাতে চেয়েছে তারা ইন্ডিয়া জোট নিয়ে এগিয়ে যাওয়ার পক্ষপাতী। একটি সূত্র জানিয়েছে, কংগ্রেস অবশ্য ৪টি আসন দাবি করেছিল। আপের জন্য ৩টি আসন ছাড়তে চেয়েছিল তারা। কিন্তু আপ নেতার কথায় পরিষ্কার, কংগ্রেসের ওই রফাসূত্রে তারা আগ্রহী নয়। ২০১৯ সালে অবশ্য দিল্লির ৭টি লোকসভা আসনেই বিজেপি জয়ী হয়েছিল।

# সাইডলাইনে পিপিপি, রাস্তা সাফ নওয়াজের

**ইসলামাবাদ, ১৩ ফেব্রুয়ারি :** ভোট গণনা শেষ হতে ৪ দিন লেগেছে। তারপর আরও একদিন কেটে গিয়েছে। কিন্তু মঙ্গলবারও পাকিস্তানের প্রধানমন্ত্রী কে হবেন তা নিয়ে ধোঁয়াশা রয়ে গিয়েছে। তবে নির্দলদের সমর্থনে ইমরান খানের পিটিআইয়ের ক্ষমতায় আসার সম্ভাবনা যে নেই তা কার্যত স্পষ্ট হয়ে গিয়েছে। তুলনায় পিএমএল নেতা নওয়াজ শরিফের প্রধানমন্ত্রী হওয়ার সম্ভাবনা উজ্জ্বল বলে মনে হচ্ছে। এদিন পিপিপি নেতা বিলাবল ভুট্টোর কথায় তার আভাস পাওয়া গিয়েছে।

গত সপ্তাহে পার্লামেন্ট নির্বাচনের ভোট গণনা শুরু হওয়ার পরেই জোট বাঁধার কথা ঘোষণা করেছিল পিএমএল (এন) ও পিপিপি। প্রধানমন্ত্রী পদ কারা পাবে তা নিয়ে টানাপোড়েনে জড়িয়ে ছিলেন দুই দলের নেতারা। পিএমএল (এন) নওয়াজকে প্রধানমন্ত্রী করতে



চাইলে পিপিপির তরফে দাবি করা হয় সরকারের নেতৃত্ব দেবেন বিলাবল। জট কাটাতে বিলাবল ও তাঁর বাবা আশিফ আলি জারদারির সঙ্গে একাধিকবার বৈঠক করেন নওয়াজ। এদিন অবশ্য বেনজির পুত্র জানিয়েছেন, পিএমএল (এন)-এর তরফে যাঁকে প্রধানমন্ত্রী করা হবে তাঁকেই মেনে নেবে তাঁর দল। পিপিপি যে আপাতত সরকারে শামিল হবে না সেই ইঙ্গিত করেছেন তিনি। বিলাবল বলেন, 'কোনও মন্ত্রী পদের দাবি করবে না পিপিপি। আমরা সরকারকে ইস্যু ভিত্তিক সমর্থন দেব।' এদিকে নওয়াজই যে পিএমএল (এন)-এর প্রধানমন্ত্রী পদপ্রার্থী তা স্পষ্ট করে দিয়েছেন তাঁর ভাই তথা প্রাক্তন পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। তিনি বলেন, 'আমি আগেই বলেছিলাম নওয়াজ শরিফ চতুর্থবারের জন্য প্রধানমন্ত্রী হবেন। আজ বলছি, তিনি চতুর্থবার প্রধানমন্ত্রী হচ্ছেন।'

## কংগ্রেস ছেড়ে মহারাষ্ট্রে বিজেপির প্রার্থী অশোক

**মুম্বই, ১৩ ফেব্রুয়ারি :** জল্পনাই সত্য হল। কংগ্রেস ছাড়ার পর ২৪ ঘণ্টা কাটতে না কাটতেই বিজেপিতে যোগ দিলেন মহারাষ্ট্রের প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক চ্যবন। মঙ্গলবার মুম্বইয়ের বিজেপি দপ্তরে তাঁকে স্বাগত জানান মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ। যোগদান অনুষ্ঠানে ভুল করে প্রদেশ কংগ্রেস সভাপতিকে ধন্যবাদ জানিয়ে ফেলেন অশোক। ফড়নবিশ সতর্ক করতেই ভুল শুধরে নিয়ে রাজ্যের বিজেপি সভাপতিকে ধন্যবাদ জানান তিনি। হাসির রোল ওঠে বিজেপি দপ্তরের কক্ষে।

বিজেপিতে যোগ দেওয়ার কারণ হিসাবে এদিন অশোক জানান, সাড়ে তিন দশকের রাজনৈতিক জীবনে তিনি বহু গুরুত্বপূর্ণ পদে ছিলেন। তাই তাঁর পদের লোভ নেই। বিজেপিতে যোগ দিয়েছেন নরেন্দ্র মোদির উন্নয়ন যজ্ঞে শামিল হওয়ার মূল উদ্দেশ্য নিয়ে।

মঙ্গলবার সকালেই অশোক জানিয়েছিলেন, তিনি বিজেপিতে যোগ দিচ্ছেন। অশোক বলেন, 'আমি আজ আমার রাজনৈতিক জীবনে নতুন একটি অধ্যায় শুরু করছি। আমি বিজেপিতে যোগদান করতে চলেছি।' বুধবার তিনি রাজ্যসভার নির্বাচনের জন্য মনোনয়ন জমা দেবেন বলে বিজেপি সূত্রে খবর। যদিও সোমবার সন্ধ্যাতেও কংগ্রেসত্যাগী এই নেতা জানিয়েছিলেন, বিজেপিতে যোগ দেওয়ার ব্যাপারে তিনি কোনও সিদ্ধান্ত নেননি। একই সঙ্গে জানান, দল ছাড়ার কারণ 'ব্যক্তিগত'।

সোমবার সকালেই দলের প্রাথমিক সদস্যপদ ছাড়েন অশোক। তারপর তিনি মহারাষ্ট্রের স্পিকার রাহুল নারভেকরের হাতে ইস্তফাপত্র তুলে দেন।



জয়া বচ্চনকে ফের রাজ্যসভায় প্রার্থী করেছে সমাজবাদী পার্টি। মঙ্গলবার উত্তরপ্রদেশের এক মন্দিরে অখিলেশ-পত্নীর সঙ্গে। - পিটিআই

# হিমন্তর মুখে অভিন্ন দেওয়ানি বিধি

**গুয়াহাটি, ১৩ ফেব্রুয়ারি :** উত্তরাখণ্ডের পথ ধরে এবার অভিন্ন দেওয়ানি বিধি কার্যকর করার পথে অসমও। সোমবার একথা জানিয়েছেন রাজ্যের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা। হিমন্তর ইঙ্গিত, চলতি বাজেট অধিবেশনেই অভিন্ন দেওয়ানি বিধি বিল কার্যকর করা হতে পারে।

অসম সরকার আগেই ঘোষণা করেছিল, সেরাজ্যে বহুবিবাহ-বিরোধী বিল আসতে চলেছে। সেইমতো প্রস্তুতিও শুরু হয়েছে। সোমবার হিমন্ত জানিয়েছেন, শুধু বহুবিবাহ-বিরোধী প্রস্তাব নয়, একই সঙ্গে অভিন্ন দেওয়ানি বিধি বিল নিয়েও কাজ চলছে। অসমের মুখ্যমন্ত্রী বলেন,'আমরা বহুবিবাহ-বিরোধ বিল আনার প্রক্রিয়া আগেই শুরু করেছি। ইতিমধ্যে উত্তরাখণ্ডে অভিন্ন দেওয়ানি বিধি পাশ হয়েছে। সেই খসড়া নিয়েও আমরা কাজ করছি। একটা বিশেষজ্ঞ কমিটি তৈরি হয়েছে। একসঙ্গে দুটি আইন নিয়েই কাজ চলছে।'

অসমজুড়ে জল্পনা, বিধানসভার চলতি বাজেট অধিবেশনেই এই অভিন্ন দেওয়ানি বিধি বিল পেশ হতে পারে। গত বুধবারই দেশের প্রথম রাজ্য হিসাবে অভিন্ন দেওয়ানি বিধি বিল পাশ হয়েছে উত্তরাখণ্ড বিধানসভায়। একে একে সমস্ত বিজেপিশাসিত রাজ্যেই তা পেশ করা হবে বলে শোনা যাচ্ছে। সেটা যদি হয়, তাহলে লোকসভার আগে ঘুরপথে নিজেদের ইস্তাহারে থাকা আরও একটি প্রতিশ্রুতি বাস্তবায়িত করে ফেলবে গেরুয়াশিবির।

## নেতানিয়াহুর ভূমিকায় ক্ষুব্ধ বাইডেন

**ওয়াশিংটন, ১৩ ফেব্রুয়ারি :** ইজরায়েলের সেনা অভিযানের জেরে গাজায় রক্ত-স্নানে আমেরিকার বিড়ম্বনা বাড়ছে। ইজরায়েলের বিরুদ্ধে তৈরি হওয়া আন্তর্জাতিক ক্ষোভের রেশ সামাল দিতে গিয়ে হিমশিম খাচ্ছে মার্কিন সরকার। বিশ্বের একমাত্র ইহুদি দেশকে সমর্থনের কারণে রাষ্ট্রসংঘ থেকে শুরু করে বিভিন্ন বহুরাষ্ট্রীয় সংগঠনে কোণঠাসা হয়ে পড়েছে আমেরিকা। প্রকাশ্যে বিরূপ মন্তব্য না করলেও ইজরায়েলের ভূমিকায় যে হোয়াইট হাউসের ক্ষোভ তুঙ্গে উঠেছে তা সম্প্রতি বোঝা গিয়েছে। আন্তর্জাতিক সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে দাবি করা হয়েছে, সেনা অভিযান বন্ধ করতে রাজি না হওয়ায় ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু উদ্দেশে কটু শব্দ ব্যবহার করেছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। নেতানিয়াহুকে নাকি তিনি 'বিশেষ ছিদ্র'-এর সঙ্গে তুলনা করেন।

**ইজরায়েলের গাজা অভিযান**

সম্প্রতি দুই শীর্ষনেতার মধ্যে ফোনে প্রায় ৪৫ মিনিট কথা হয়। সেখানে বাইডেন জানান, তিনি ইজরায়েলকে যুদ্ধ বন্ধের বিষয়ে রাজি করানোর চেষ্টা করছেন। কিন্তু ইজরায়েল তাঁকে 'নরক'-এর দিকে ঠেলে দিচ্ছে। গাজায় সেনা অভিযানের ফলে পরিস্থিতি ক্রমশ হাতের বাইরে চলে যাচ্ছে। মার্কিন প্রেসিডেন্টের মতে, গাজায় ইজরায়েলের হামলা চূড়ান্ত পর্যায়ে পৌঁছে গিয়েছে এবং অবিলম্বে তা বন্ধ হওয়া উচিত। গাজার ১০ লক্ষ বাসিন্দার নিরাপত্তা নিশ্চিত না করে সেনা অভিযান চালিয়ে যাওয়া অনুচিত বলেও মন্তব্য করেন বাইডেন। দুই শীর্ষ নেতার ফোনালাপ নিয়ে মার্কিন ও ইজরায়েলি বিদেশমন্ত্রকের কর্তারা মন্তব্য করতে রাজি হননি। তবে বাইডেনের মুখপাত্র অ্যান্ড্রু বেটস ইজরায়েলি প্রধানমন্ত্রীর উদ্দেশে মার্কিন প্রেসিডেন্টের আপত্তিকর শব্দ ব্যবহারের কথা অস্বীকার করেছেন।

এদিকে, গাজা অভিযানকে কেন্দ্র করে রাষ্ট্রসংঘের সঙ্গেও ইজরায়েলের টানাপোড়েন বাড়ছে। সোমবার রাষ্ট্রসংঘের বিশেষ দূত ফ্রান্সেস্কা আলবানিজ অভিযোগ করেছেন, গাজায় তাঁর প্রবেশে বাধা দিয়েছে ইজরায়েল। ২০০৮-এর পর কোনও অঞ্চল সফরে রাষ্ট্রসংঘের বিশেষ দূতকে বাধা দেওয়ার এটি প্রথম ঘটনা বলে জানিয়েছেন তিনি।

আলবানিজ বলেন, 'দক্ষিণ গাজার রাফায় ভয়াবহ হামলা চালিয়েছে ইজরায়েলি বাহিনী। বহু মানুষ সেখানে আশ্রয় নিয়েছিলেন। ইজরায়েলের গাজা অভিযান নৃশংসতার একটি নতুন স্তরে পৌঁছে গিয়েছে।'

## ভালোবাসার বার্তা ...





শিশুদের সঙ্গে দুই নেতা। আবু ধাবিতে নরেন্দ্র মোদি। (ডানদিকে) ন্যায় যাত্রায় অম্বিকাপুরে রাহুল গান্ধি।

# হিন্দু মন্দিরে সম্পর্ক শক্ত, নমোর বার্তা

**আবু ধাবি, ১৩ ফেব্রুয়ারি :** ধর্ম ও অর্থনীতি। মঙ্গলবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সংযুক্ত আরব আমিরশাহি সফরকে কেন্দ্র করে মধ্যপ্রাচ্যে যুগপথ উপস্থিতি জানান দিল ভারত। বুধবার আবু ধাবিতে বিএপিএস হিন্দু মন্দিরের উদ্বোধন করবেন মোদি। তার আগে এদিন সন্ধ্যায় আবু ধাবির জয়েদ স্পোর্টস সিটি স্টেডিয়ামে 'আহলান মোদি' অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন প্রধানমন্ত্রী। আরবি শব্দ 'আহলান'-এর ইংরেজি অনুবাদ হল 'হ্যালো'। অর্থাৎ, অনুষ্ঠানের পোশাকি নাম 'হ্যালো মোদি'। উদ্যোক্তা মধ্যপ্রাচ্যের ভারতীয় বংশোদ্ভূত সম্প্রদায়। উদ্যোক্তাদের দাবি, প্রায় ৬০ হাজার মানুষ এদিনের অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন। সেই অনুষ্ঠানের মঞ্চে দাঁড়িয়ে প্রবাসী ভারতীয়দের পাশাপাশি আমিরশাহিকে বার্তা দিলেন প্রধানমন্ত্রী।

কানায় কানায় ভর্তি স্টেডিয়ামে দাঁড়িয়ে মোদি বলেন, 'আপনাদের মধ্যে অনেকে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে এসেছেন, অনেকে ভারতের নানা জায়গা থেকে এসেছেন, কিন্তু আপনাদের সবার মন একসূত্রে গাঁথা। ভারত-আমিরশাহি বন্ধুত্ব দীর্ঘজীবী হোক। আজ আমি পরিবারের সঙ্গে দেখা করতে এসেছি। দেশ আপনাদের জন্য গর্বিত।' আমিরশাহির প্রেসিডেন্ট মহম্মদ বিন জাইদ আল নাহিয়ানের প্রশাংসা করে প্রধানমন্ত্রী বলেন, 'ভাই নাহিয়ান ভারতীয়দের গুরুত্বপূর্ণ বন্ধু। তিনি না থাকলে এই আয়োজন অসম্ভব ছিল।' প্রধানমন্ত্রী বলেন, 'আমিরশাহির সঙ্গে আমাদের সম্পর্ক প্রতিদিন মজবুত হচ্ছে। করোনার সময় এখানকার ভারতীয়দের জন্য চিকিৎসা ও টিকাকরণের ব্যবস্থা করেছিলেন নাহিয়ান।... এখানে হিন্দুদের জন্য মন্দির তৈরির প্রস্তাব দেওয়া হলে তিনি সঙ্গে সঙ্গে তা মেনে নেন।... ভারত-আমিরশাহির সম্পর্ক অভূতপূর্ব উচ্চতায় পৌঁছেছে।'

মঙ্গলবার আমিরশাহির প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী। দু'পক্ষের মধ্যে বাণিজ্য, নিরাপত্তা, তথ্যপ্রযুক্তি, শক্তিসম্পদ, পরিকাঠামো উন্নয়ন সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে। দুই শীর্ষ নেতার উপস্থিতিতে আবু ধাবিতে রুপে কার্ড পরিষেবা চালু হয়। আবু ধাবির প্রথম হিন্দু মন্দির তৈরিতে সাহায্যের জন্য নাহিয়ানকে ধন্যবাদ জানান মোদি। প্রধানমন্ত্রী বলেন, 'বিএপিএস মন্দিরের নির্মাণ ভারতের প্রতি আপনার ভালোবাসার প্রতীক। আমিরশাহির সাহায্য ছাড়া এই মন্দির তৈরি করা সম্ভব ছিল না। আপনার দূরদর্শীতা আমিরশাহিকে উজ্জ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যাবে।... এখানে এলে মনে হয় যেন পরিবারের সঙ্গে দেখা করতে এসেছি।'

কূটনৈতিক মহলের মতে, প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অযোধ্যায় রাম মন্দিরে রামলালার মূর্তিতে প্রাণপ্রতিষ্ঠা লোকসভা ভোটে বিজেপির প্রচারের অন্যতম ইস্যু হতে চলেছে। আবু ধাবিতে প্রথম হিন্দু মন্দিরের উদ্বোধনেও মোদির উপস্থিতি সেই প্রচারে নতুন মাত্রা যোগ করবে। পাশাপাশি মন্দির উদ্বোধন এবং আলহান মোদিকে সামনে রেখে মধ্যপ্রাচ্যে প্রবাসী ভারতীয়দের প্রভাব এবং আর্থিক সক্ষমতার বার্তাও আন্তর্জাতিক পরিসরে সুকৌশলে ছড়িয়ে দিতে পেরেছে ভারত। অনুষ্ঠানে উপস্থিত ব্রিটেনের ভারতীয় বংশোদ্ভূত সাংসদ প্রীতি প্যাটেল বলেন, 'আবু ধাবিতে প্রধানমন্ত্রী মোদিকে কেন্দ্র করে যে বিরাট উৎসবের আয়োজন করা হয়েছে তার সাক্ষী হতে এসেছি।'

মঙ্গলবার আবু ধাবি বিমানবন্দরে মোদিকে স্বাগত জানাতে হাজির হয়েছিলেন কয়েকশো প্রবাসী ভারতীয়। বিমানবন্দর থেকে হোটেলে যাওয়ার রাস্তার দু'ধারেও ছিল ভারতীয়দের উপচে পড়া ভিড়। 'মোদি মোদি', 'মোদি হ্যায় তো মুমকিন হ্যায়', 'ভারত মাতা কি জয়' স্লোগান দেন তাঁরা। দু'দিনের আমিরশাহি সফর সেরে কাতার যাবেন প্রধানমন্ত্রী। রবিবার দোহার জেলে বন্দি ভারতের ৮ জন প্রাক্তন নৌসেনাকর্মীকে মুক্তি দিয়েছে কাতার।



প্রেম দিবসের আগে ... বেঙ্গালুরুতে মঙ্গলবার। - এএফপি

# পান্নুনের সঙ্গীর বাড়িতে গোলাগুলি

**অটোয়া, ১৩ ফেব্রুয়ারি :** খালিস্তানপন্থী শিখ বিচ্ছিন্নতাবাদী নেতা গুরুপতবন্ত সিং পান্নুনের সঙ্গী ইন্দরজিৎ সিং গোসালের কানাডার বাড়িতে সোমবার গোলাগুলি চলেছে বলে জানিয়েছে অন্টারিওর পুলিশ।

কানাডা ও আমেরিকায় বসবাসকারী ভারতীয় বংশোদ্ভূত খালিস্তানিদের হত্যার চক্রান্ত চলছে বলে ইতিমধ্যে অভিযোগ উঠেছে ওই দুই দেশের সরকারের পক্ষ থেকে। অভিযোগের তির ভারতের দিকে। তার মধ্যেই পান্নুনের সহকর্মীর বাড়িতে হামলার ঘটনা ভারতের সঙ্গে কানাডা এবং আমেরিকার দ্বিপাক্ষিক দ্বন্দ্ব নতুন করে উসকে দিতে পারে বলে মনে করা হচ্ছে। কানাডার অন্টারিও প্রদেশের পিল রিজিওনাল পুলিশের কনস্টেবল টাইলার বেল-মোরেনা ইন্দরজিৎ সিং গোসালের বাড়িতে গোলাগুলি চলার ঘটনা স্বীকার করে জানান, ইন্দরজিতের বাড়ির জানলায় গুলির চিহ্নের মতো কিছু দেখে পুলিশকে খবর দেন সংশ্লিষ্ট নির্মাণকর্মীরা। পুলিশ ঘটনাটির তদন্ত করছে।

প্রাথমিকভাবে জানা গিয়েছে, অন্টারিওর ব্র্যাম্পটনের ওই ঘটনায় কারও আঘাত লাগেনি। বাড়িটিতে সংস্কারের কাজ চলায় সেখানে এখন কেউ থাকে না। টাইলার বলেন, 'এই বাড়ির বাসিন্দা কে এবং কী তাঁর পরিচয় তা আমরা জানি। কিন্তু অন্যান্য গুপ্তহত্যার চক্রান্তের সঙ্গে সোমবারের ঘটনার যোগ আছে কি না তা এখনই বলা সম্ভব নয়।'

## শ্রীলঙ্কা ও মরিশাসে দেশের ইউপিআই

**নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি :** এবার থেকে শ্রীলঙ্কা বা মরিশাসে বসেই ব্যবহার করা যাবে ভারতের অনলাইন আর্থিক লেনদেন পরিষেবা ইউপিআই। নতুন ব্যবস্থার সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভার্চুয়াল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমসিংঘে এবং মরিশাসের প্রধানমন্ত্রী প্রবীণ জ্যাগথাম। ইউপিআই পরিষেবা চালু হয়ে যাওয়ায় দুই দ্বীপরাষ্ট্র ভারতীয় পর্যটকদের ভ্রমণ তালিকায় ওপরের দিকে উঠে আসবে বলে জানিয়েছেন মোদি।

তিনি বলেন, 'আমার বিশ্বাস, ইউপিআই ব্যবহারের সুযোগ পাওয়া যায় এমন জায়গাগুলি ভারতীয় পর্যটকদের কাছে গুরুত্ব পাবে। গত বছর শ্রীলঙ্কার প্রেসিডেন্টের ভারত সফরের সময় এই ব্যাপারে দুই দেশ আর্থিক লেনদেন বৃদ্ধির লক্ষ্যে একটি ভিশন ডকুমেন্ট গ্রহণ করেছিল। মরিশাসের প্রধানমন্ত্রীর সঙ্গেও এ ব্যাপারে বিস্তারিত মতবিনিময় হয়। আশা করা যায়, ইউপিআই চালু হওয়ায় শ্রীলঙ্কা ও মরিশাস লাভবান হবে।'

আর্থিক লেনদেন সংক্রান্ত প্রযুক্তি ব্যবহারে ভারত গুরুত্বপূর্ণ সাফল্য পেয়েছে বলে দাবি করেন মোদি। ভারতের বাইরে ফ্রান্স প্রথম দেশ যেখানে ইউপিআই পরিষেবা চালু হয়েছে।

## বাবার সাজা

**মস্কো, ১৩ ফেব্রুয়ারি :** দুই ছেলেকে যৌন নির্যাতনের দায়ে মস্কোর আদালতে দোষী প্রমাণিত হন মার্কিন নাগরিক ৬৫ বছরের ডেভিড টমাস বার্নস। মঙ্গলবার মস্কোর সেভেলভস্কি আদালত টমাসকে ২১ বছরের কারাদণ্ড দিল। ছেলেদের হেপাজত নিয়ে প্রাক্তন স্ত্রীর সঙ্গে আইনি বিবাদে জড়িয়েছেন বার্নস।





## আজ শহরে

- সন্ধে ৬টায় দেশবন্ধুপাড়া আর্য সমিতির ৭৫তম বর্ষপূর্তি উৎযাপনকে সামনে রেখে স্থানীয় ও বহিরাগত শিল্পী সমন্বয়ে দু'দিনের সাংস্কৃতিক সন্ধ্যার সমাপ্তি সমারোহ।
- ঠাকুর পঞ্চানন বর্মা স্মারক সমিতির তরফে তাঁর জন্মদিবসকে যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। শহরের নৌকাঘাট মোড় ও পাথরঘাটা অঞ্চলের পাথরঘাটা বাজারে দিনটি পালন করা হবে।

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক
(মঙ্গলবার সকাল পর্যন্ত)

| | | |
|---|---|---|
| **মেডিকেলের ব্লাড ব্যাংক** | | |
| এ পজিটিভ | - | ১৫ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ১০ |
| বি নেগেটিভ | - | ১ |
| এবি পজিটিভ | - | ৫ |
| এবি নেগেটিভ | - | ২ |
| ও পজিটিভ | - | ১৬ |
| ও নেগেটিভ | - | ২ |
| **শিলিগুড়ি হাসপাতাল** | | |
| এ পজিটিভ | - | ৩ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ৮ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ৩ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ০ |
| ও নেগেটিভ | - | ১০ |
| **ইসলামপুর ব্লাড ব্যাংক** | | |
| এ পজিটিভ | - | ৪ |
| এ নেগেটিভ | - | ২ |
| বি পজিটিভ | - | ১ |
| বি নেগেটিভ | - | ১ |
| এবি পজিটিভ | - | ১ |
| এবি নেগেটিভ | - | ১ |
| ও পজিটিভ | - | ৫ |
| ও নেগেটিভ | - | ০ |

## আমন্ত্রণ পাঠিয়েছে যারা

- সারদা শিশুতীর্থ ও সারদা বিদ্যামন্দির
- নেতাজি উচ্চ বালিকা বিদ্যালয়
- নীলনলিনী বিদ্যামন্দির (উচ্চমাধ্যমিক)
- নর্থবেঙ্গল হ্যান্ডিক্যাপড রিহ্যাবিলিটেশন সোসাইটি
- শিলিগুড়ি বাণিজ্য মহাবিদ্যালয়
- বাগডোগরা বয়েজ গ্রুপ
- মার্গারেট (এসএন) ইংলিশ স্কুল
- মডেলা কেয়ারটেকার সেন্টার অ্যান্ড স্কুল
- দার্জিলিং পাবলিক স্কুল
- বাল্মীকি বিদ্যাপীঠ
- সরস্বতীপুজো কমিটি (মধ্য শান্তিনগর)
- প্রীতিলতা রোড নাগরিকবৃন্দ (সূর্যনগর)

## সাফাই অভিযান

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** সরস্বতীপুজোর আগে শিলিগুড়ি আদালত চত্বর পরিষ্কার করা হল। মঙ্গলবার শিলিগুড়ি পুরনিগমের কর্মীরা এই আদালত চত্বর পরিষ্কার করে আবর্জনা তুলে নিয়ে যান। এই চত্বরটি পরিষ্কার করা নিয়ে পুরনিগমের ১৭ নম্বর ওয়ার্ড কর্তৃপক্ষের সঙ্গে শিলিগুড়ি বার অ্যাসোসিয়েশনের দীর্ঘ টানাপোড়েন চলছিল। ১৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার মিলি সিনহা বলেন, 'কেবল সরস্বতীপুজোর কথা মাথায় রেখে জায়গাটি পরিষ্কার করে দেওয়া হল।'









*জ্যোৎস্নাময়ী স্কুলে মণ্ডপসজ্জায় ব্যস্ত মেয়েরা। (নীচে) শিলিগুড়ি কলেজ, হসপিটাল মোড় ও বিধান মার্কেটে ছবিগুলি তুলেছেন শান্তনু ভট্টাচার্য।*

# বাণীবন্দনায় কাটছাঁট, মাথায় উচ্চমাধ্যমিক

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** শিলিগুড়ি শিক্ষা জেলার বিভিন্ন হাইস্কুলে গিয়ে নজিরবিহীনভাবে সরস্বতীপুজো সংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহ করছে পুলিশ। এর মধ্যে রয়েছে স্কুলের সরস্বতীপুজোর দায়িত্বে কোন শিক্ষক রয়েছেন, প্রতিমা কতদিন মণ্ডপে রাখা হবে কিংবা বিসর্জন আদৌ হবে কি না প্রভৃতি। মঙ্গলবার অবধি পুলিশ এইসব তথ্য জোগাড় করেছে। কিন্তু কী কারণে পুলিশ এভাবে সরস্বতীপুজো নিয়ে তথ্য সংগ্রহ করছে তা নিয়ে শিক্ষা মহলে প্রশ্ন উঠতে শুরু করেছে। তবে খবর, উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য পুলিশের এই তৎপরতা।


শিলিগুড়ি পুলিশের এক কর্তার কথায়, রুটিনমাফিক সরস্বতীপুজোর তথ্য সংগ্রহ করা হচ্ছে। অন্যদিকে, শিলিগুড়ি শিক্ষা জেলার বিদ্যালয় পরিদর্শক বলছেন, 'সবটাই উচ্চমাধ্যমিক পরীক্ষাকে কেন্দ্র করে করা হচ্ছে। মাধ্যমিকের মতো উচ্চমাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে করতে আমরা প্রস্তুত।'

এবছর শুক্রবার থেকে যেহেতু উচ্চমাধ্যমিক পরীক্ষা, তাই পুজো ঘিরে একাধিক আয়োজনে খানিক বিপাকে স্কুলগুলি। কারণ, উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরুর আগে কেন্দ্রগুলিতে বিভিন্ন প্রয়োজনীয় কাজ থাকে। বিশেষ করে তালিকা অনুযায়ী বেঞ্চে সিট নম্বর সাঁটাতে হয়। তাছাড়া পরীক্ষার শুরু ৪৮ ঘণ্টা আগে থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষাকেন্দ্রগুলির ১০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা জারি করা হয়। এই অবস্থায় অনেক স্কুল পুজোর আয়োজনে এবার কাটছাঁট করেছে। পাশাপাশি পুজোর পরদিনই প্রতিমা বিসর্জন দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

যেমন, শিলিগুড়ি নেতাজি হাইস্কুলে এবার সরস্বতীপুজো স্কুলের হলঘরে করা হবে। উচ্চমাধ্যমিক পরীক্ষা শেষ হলে সব পড়ুয়াকে খিচুড়ি খাওয়ানো হবে। ওই স্কুলের পরিচালন সমিতির সভাপতি অসীম অধিকারীর কথায়, 'খুব বড় করে পুজোর আয়োজন করা হবে না। হলঘরে পুজোর পর প্রতিমাটি গার্লস কমনরুমে রেখে দেওয়া হবে। পরীক্ষা ঘিরে যাতে কোনও সমস্যা না হয়, সেদিকে আমাদের নজর রয়েছে।'

অন্যদিকে, শিলিগুড়ি বিবেকানন্দ হাইস্কুল কর্তৃপক্ষ পুজোর পরদিনই প্রতিমা বিসর্জন দিয়ে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক মহীতোষ দাস জানালেন, পুজো যেমন বড় করে হত তেমনই হবে। তবে পরীক্ষার কথা মাথায় রেখে পরদিন দুপুর ১২টার মধ্যে বিসর্জন দিয়ে দেওয়া হবে।

এবছর শিলিগুড়ি শিক্ষা জেলা থেকে প্রায় সাড়ে ১০ হাজার ছাত্রছাত্রী উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবে। যে স্কুলগুলিতে পরীক্ষা হবে, সেগুলি বৃহস্পতিবার দুপুরের মধ্যে পুরোপুরিভাবে 'লক' করে দেওয়া হবে।




# সামাজিক বার্তা পড়ুয়াদের

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** সরস্বতীপুজোতে এবার সামাজিক বার্তা দেবে পড়ুয়ারা। কোথাও দেখা যাবে যামিনী রায়ের ঐতিহ্যবাহী মধুবনি শিল্পকলা দিয়ে ছাত্রীদের তৈরি মণ্ডপসজ্জা।

এবার সমাজসচেতনতার বার্তা দেখা যাবে ইউনিক ওয়েলফেয়ার সোসাইটির দেবীবন্দনায়। শহরের বিভিন্ন স্কুলের পড়ুয়ারা এই অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। মঙ্গলবার সকাল থেকেই এজন্য জোরকদমে প্রস্তুতি চলছে হাতিয়াডাঙ্গা প্রাথমিক ও হাইস্কুল, নেতাজি গার্লস হাইস্কুল, ঘোগোমালি গার্লস হাইস্কুল, শিলিগুড়ি বরদাকান্ত বিদ্যাপীঠ সহ আরও কয়েকটি স্কুলের পড়ুয়াদের। এরা সকলেই স্বেচ্ছাসেবী সংগঠন ইউনিক ওয়েলফেয়ারের ২ টাকার পাঠশালার পড়ুয়া। সরস্বতীপুজোতে এবার নাটকের মাধ্যমে সামাজিক বার্তা দেবে তারা। রাকেশ দত্ত বলেন, 'পড়ুয়ারা নাটকের মধ্যে দিয়ে বিভিন্ন বার্তা দেবে। বাল্যবিবাহ, স্যানিটারি ন্যাপকিন ব্যবহার, রক্তদানের প্রয়োজনীয়তা, বৃক্ষরোপণ সহ আরও কয়েকটি বিষয় নাটকের মাধ্যমে তুলে ধরবে।'

মঙ্গলবার বিকেল থেকেই বিভিন্ন স্কুলে প্রতিমা নিয়ে আসে পড়ুয়ারা। কোথাও আবার শিক্ষক-শিক্ষিকাদের সাহায্যে আলপনা দিতে দেখা যায় পড়ুয়াদের। ছাত্রীদের মণ্ডপসজ্জার কাজের প্রশংসা করে জ্যোৎস্নাময়ী গার্লস হাইস্কুলের টিচার-ইনচার্জ বনানী রায় বলেন, 'পরিবেশবান্ধব জিনিস দিয়ে ছাত্রীরা মণ্ডপসজ্জা করেছে। তাদের শিল্পকলা দিয়েই গোটা মণ্ডপ সাজানো হয়েছে। এছাড়াও দেওয়াল পত্রিকাও ছাত্রীরা তৈরি করেছে।'

অন্যদিকে, বাল্মীকি বিদ্যাপীঠে রংতুলির মধ্যে দিয়ে আলপনা দিয়েছে পড়ুয়ারা। স্কুলের শিক্ষক সুব্রত দত্ত জানান, প্রতিমা আনা থেকে পুজোর মণ্ডপের সাজ পুরোটাই শিক্ষক-শিক্ষিকাদের সাহায্যে পড়ুয়ারা করেছে। এদিন বিকেল থেকেই জোরকদমে কাজ চলছে শহরের স্কুলগুলোতে।

## ছাত্র ভর্তি নিয়ে প্রশ্ন

# দালালচক্র রুখতে উদ্যোগী বয়েজ স্কুল

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** পরপর দুই বছর স্কুলে ভর্তি প্রক্রিয়ায় দালালচক্রের নাম জড়িয়ে যাওয়ায় অস্বস্তিতে শিক্ষক মহল। শিলিগুড়ি বয়েজ হাইস্কুলের শিক্ষকরা দালালচক্রের বাড়বাড়ন্ত রুখতে শীঘ্রই বৈঠকে বসতে চলেছেন। স্কুলের পরিচালন সমিতির বৈঠকেও বিষয়টি নিয়ে আলোচনা করা হবে। কিন্তু এই সবকিছুর মধ্যে স্কুলের কিছু পড়ুয়ার ভর্তি প্রক্রিয়া নিয়ে প্রশ্ন উঠছে।

এবছর ষষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত প্রায় ৩০ জন পড়ুয়া বাইরের স্কুল থেকে এসে বয়েজ হাইস্কুলে ভর্তি হয়েছে। কিন্তু কোন নিয়ম মেনে ওই ছাত্ররা ভর্তি হল তা নিয়ে প্রশ্ন উঠছে। সাধারণত বদলি হয়ে আসা কিংবা জেলা বিদ্যালয় পরিদর্শকের অফিস থেকে পাঠানো তালিকা দেখে ষষ্ঠ থেকে নবম শ্রেণিতে ছাত্র ভর্তি করা হয়। স্কুল সূত্রে খবর, এবছর বদলি হয়ে আসা কোনও ছাত্র ভর্তি হয়নি। পাশাপাশি জেলা বিদ্যালয় পরিদর্শকের অফিস থেকে ভর্তির কোনও তালিকা পাঠানো হয়নি। ভর্তির বিষয়ে কোনও বিজ্ঞপ্তি স্কুল কর্তৃপক্ষ জারি করেনি। তাহলে কোন নিয়ম এখানে অবলম্বন করা হল?

এ বিষয়ে ওই স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক রণজয় দাস বলেন, 'ভর্তি প্রক্রিয়ার গোটাটাই প্রধান শিক্ষক দেখছেন। তিনি ছুটিতে রয়েছেন। পরপর দু'বছর দালালচক্রের নাম সামনে আসায় আমরা সত্যিই চিন্তিত। প্রধান শিক্ষক ছুটি থেকে ফিরলে তাঁর সঙ্গে বিষয়টি নিয়ে বৈঠক করব। পরিচালন সমিতির কাছেও ঘটনাগুলি তুলে ধরব।' যদিও স্কুলের প্রধান শিক্ষক উৎপল দত্ত আগেই জানিয়েছিলেন, ষষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির ক্ষেত্রে মেধাই শেষ কথা। তবে, শিক্ষা দপ্তরের জেলা অফিস থেকে কিছু ভর্তির আবেদন আসে।

অভিযোগ, ষষ্ঠ থেকে নবম শ্রেণি পর্যন্ত ভর্তির নিয়ম না থাকায় সুযোগ পেয়ে যাচ্ছে দালালরা। খবর, এবছরই প্রথম অভিযুক্ত সুরেশ দত্তকে স্কুলে ঘোরাঘুরি করতে দেখা গিয়েছিল। সেখানে তিনি টাকা নিয়ে ছাত্র ভর্তি করার সাহস পেয়ে যান।

গত বছর বয়েজ হাইস্কুলে ছাত্র ভর্তি করিয়ে দেওয়ার নাম করে প্রথমবার দালালচক্রের সক্রিয়তা সামনে আসে। এছাড়া ছাত্র ভর্তি করিয়ে দেওয়ার নাম করে মাটিগাড়ার এক দালালের বিরুদ্ধে ৩৪ হাজার টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। ওই ব্যক্তিকে ধরে স্কুল কর্তৃপক্ষ সেবার পুলিশের হাতে তুলে দেয়। পাশাপাশি, দালালচক্রের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে স্কুলের নিরাপত্তার দায়িত্বে থাকা এক কর্মীকে কাজ থেকে বের করে দেওয়া হয়।






### ভর্তিতে কারসাজি

- এবছর প্রায় ৩০ জন পড়ুয়া বাইরের স্কুল থেকে এসে ভর্তি হয়েছে
- স্কুলের দাবি, এবছর বদলি হয়ে আসা কোনও ছাত্র ভর্তি হয়নি
- জেলা বিদ্যালয় পরিদর্শকের অফিস থেকে ভর্তির কোনও তালিকা পাঠানো হয়নি
- ভর্তির বিষয়ে কোনও বিজ্ঞপ্তি স্কুল কর্তৃপক্ষ জারি করেনি

# ভালোবাসায় ঝুঁকি বাড়ছে

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** মাসখানেক আগে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাসের অভিযোগ তুলে শিলিগুড়ি মহিলা থানায় দ্বারস্থ হয়েছিলেন এক তরুণী। অভিযোগের ভিত্তিতে ভিনরাজ্য থেকে অভিযুক্তকে গ্রেপ্তার করেছিল পুলিশ। আদালতে তোলার পর অবশ্য নিজের ভুল বুঝে ওই তরুণীকে বিয়ের জন্য রাজি হয়েছিলেন ওই তরুণ। ওই তরুণ-তরুণী এখন ভালোই আছেন। কোনও অভিযোগ নেই।

প্রেম ভাঙার জন্যই গ্রেপ্তার হয়েছিলেন শহরের আরেকজন। সেক্ষেত্রে অভিযোগ ছিল, মেয়ে বিয়েতে রাজি না হওয়ায় ব্ল্যাকমেলিংয়ের অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে তাকে গ্রেপ্তার করে পুলিশ। পরে ওই তরুণ নিজের ভুল বুঝতে পারে। ওই তরুণীর দায়িত্ব নিতেও রাজি হয়।

শহর শিলিগুড়িতে প্রেমের সম্পর্কে জড়ানোর পর কোনও কারণে সেটা ভেঙে যাওয়ার পরই অপরাধমূলক অভিযোগ দায়েরের সংখ্যা গত কয়েক বছরের তুলনায় বাড়ছে। শুধুমাত্র শিলিগুড়ি মহিলা থানার হিসেব ধরলে, আগে দুই মাসে দুটো বা তিনটে মামলা হত। এখন এক মাসেই দুটো বা তিনটে মামলা হচ্ছে। প্রশ্ন উঠছে, অপরাধ কি বাড়ছে? পুলিশকর্তারা অবশ্য সেকথা মানতে নারাজ। তাঁদের কথায়, আগের থেকে সচেতনতা বেড়েছে। তাই মেয়েরা বেশি করে তাঁদের ওপর হওয়া নির্যাতনের কথা জানাতে পারছেন।

যদিও আরেক তথ্যও তুলে ধরছেন শিলিগুড়ি বার অ্যাসোসিয়েশনের সম্পাদক অলোক ধাড়া। তাঁর কথায়, 'মেয়েরা সচেতন হচ্ছেন, এটা ঠিক। তবে অনেকক্ষেত্রে আইনের মারপ্যাঁচের সুবিধা নিয়ে প্রেমিকদেরও বিপদে ফেলা হচ্ছে। এ ধরনের ঘটনাও আমরা দেখেছি।' এক মহিলা পুলিশকর্তার কথায়, 'এই ধরনের অভিযোগ ধর্ষণের একটি ধারা হিসেবেই গণ্য করা হচ্ছে। কারণ ধর্ষণের বিভিন্ন ধারা রয়েছে। এক্ষেত্রে বিশ্বাসভঙ্গের ধারাটাই লাগু হচ্ছে।'

এ ধরনের অভিযোগ যাঁরা করেছেন, তাঁদের জিজ্ঞাসাবাদে বেশিরভাগ ক্ষেত্রে পুলিশ জানতে পেরেছে, কোনও উপায় না থাকার কারণেই ওঁরা অভিযোগ করে থাকেন। কারণ অনেক ক্ষেত্রে তাঁরা মনে করেন, ভবিষ্যতে সমস্যা হতে পারে। আবার সম্পর্কের ভাঙনের পর ছাড়াছাড়ি হয়ে গেলেও প্রেমিকও অনেক সময় ছাড়তে চায় না। সম্প্রতি এক নাবালিকার সঙ্গেও তার প্রাক্তন প্রেমিক এমন করার চেষ্টা করেছিল। ওই প্রেমিকের সঙ্গে প্রেমের সম্পর্ক ভাঙার পর ওই নাবালিকা আরেক সম্পর্কে জড়িয়ে পড়েছিল। তবে প্রাক্তন প্রেমিক ওই প্রেমিকাকে ভুলতে না পারায় বিভিন্নভাবে সমস্যা তৈরি করছিল। শেষমেশ পকসো মামলায় ওই প্রেমিক এখন শ্রীঘরে।



### তথ্য ও সচেতনতা

- শিলিগুড়িতে প্রেম ভেঙে যাওয়ার পর অপরাধমূলক ঘটনা বেশি সামনে আসছে
- গত কয়েক বছর আগে মহিলা থানায় দুই মাসে দুটো বা তিনটে মামলা হত
- এখন এক মাসেই নারী-পুরুষের সমস্যা নিয়ে দুটো বা তিনটের বেশি মামলা হচ্ছে

# পোশাকের টাকা পায়নি স্বনির্ভর গোষ্ঠী

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** সরকারি ইউনিফর্ম তৈরির টাকা না পাওয়ার জন্যই কি গড় মাপের পোশাক তৈরি করছেন স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা? প্রশ্ন উঠেছে। স্কুলগুলোতে এখন চলছে দ্বিতীয় সেটের সরকারি ইউনিফর্ম বিলি। যেখানে বেশিরভাগ স্কুলেই গড় মাপে ইউনিফর্ম পেয়েছে পড়ুয়ারা। যা নিয়ে প্রশ্ন তুলেছেন অভিভাবকরাও। কেন এই গড় মাপ এই প্রশ্ন করতেই উঠে এল অন্য তথ্য।

জানা গিয়েছে, প্রথম সেটের ইউনিফর্ম তৈরির টাকাই ঠিকমতো পায়নি অনেকে।

সরকারি ইউনিফর্ম বিলি শুরু হতে কোনও স্কুলে ইউনিফর্ম ফেরত দেওয়া হয়েছে। কোথাও আবার অভিযোগ উঠেছে, পড়ুয়াদের মাপ নিয়ে পোশাক তৈরি করা হয়নি।

জানা গিয়েছে, ইউনিফর্মের সেলাই বাবদ প্রতি সেটে প্রায় দুশো টাকার মতো দেওয়া হয়ে থাকে। পুরনিগমের আওতায় থাকা স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে জড়িত মহিলারা এই কাজ করে থাকেন। বিভিন্ন স্কুলগুলো ঘুরে পড়ুয়াদের মাপ নিয়ে ইউনিফর্ম তৈরি থেকে তা স্কুলে বিলি পর্যন্ত পুরোটাই স্বনির্ভর গোষ্ঠীগুলো করে থাকে। জানা গিয়েছে, প্রতি বছর দুটো সেট করে পোশাক তৈরি হয়। মাঝেমধ্যেই এই টাকা দেরিতে পাওয়া যায়।

দ্বিতীয় সেটের ইউনিফর্ম বিলি শুরু হলেও অনেক স্কুলে এখনও সেটা শুরু হয়নি। বরদাকান্ত প্রাথমিক বিদ্যালয়ের টিচার-ইনচার্জ নমিতা রায় বলেন, 'সরস্বতীপুজোর পর ইউনিফর্ম বিলি করা হবে। তারপরই বোঝা যাবে, পড়ুয়াদের ইউনিফর্ম ঠিক আছে কি না।'






# প্রেম দিবসে ভিড় নিয়ে ভাবনা ইসলামপুর পার্কে

**শুভজিৎ চৌধুরী**

**ইসলামপুর, ১৩ ফেব্রুয়ারি :** প্রতি বছর সরস্বতীপুজোর দিন ব্যাপক ভিড় লক্ষ করা যায় ইসলামপুর পার্কে। এবার সরস্বতীপুজোর পাশাপাশি ভ্যালেন্টাইন্স ডেও একই দিনে পড়েছে। ফলে বুধবার ইসলামপুর পার্কে উপচে পড়া ভিড় হবে বলেই ধরে নিচ্ছে পার্ক কর্তৃপক্ষ। কমপক্ষে চার থেকে পাঁচ হাজার লোকের সমাগম হওয়ার সম্ভাবনা রয়েছে পার্কে। এই পার্কে তরুণ-তরুণীদের বেশি ভিড় হয়। ফলে মাঝেমধ্যেই পরস্পরের মধ্যে বাগবিতণ্ডা তো হয়ই, এমনকি মাঝেমধ্যে পরিস্থিতি হাতাহাতি পর্যন্ত পৌঁছে যায়। বিগত দিনের অভিজ্ঞতা থেকেই সকলে এমনটাই দাবি করছেন। কিন্তু এই দিনগুলিতে পার্কে যে ভিড় হয় সেই ভিড় সামলানোর মতো পর্যাপ্ত কর্মী পার্কে নেই। ফলে ভিড় সামলাতে পুলিশের সাহায্য প্রতি বছরই প্রয়োজন হয়।

পার্কের দায়িত্বে থাকা শিলিগুড়ি রেঞ্জের রেঞ্জ অফিসার মানিক রাউত বলেন, 'আমি কিছুদিন আগেই দায়িত্ব পেয়েছি। তবে শুনেছি এদিন পার্কে ব্যাপক ভিড় হয়। পার্কে কর্মীসংখ্যা কম থাকার কারণে এই ভিড় সামলাতে আমরা পুলিশি সাহায্যের আর্জি জানাব।'

পার্কে মোট কর্মীসংখ্যা ১০ জন। এর মধ্যে স্থায়ী কর্মী রয়েছেন ৪ জন এবং বাকি সবাই অস্থায়ী কর্মী। স্থায়ী কর্মীদের মধ্যে একজন অসুস্থ থাকার কারণে তিনি ডিউটি করতে পারেন না। ফলে চার থেকে পাঁচ হাজার জনের ভিড় সামলানো এই ৯ জন কর্মীর পক্ষে সম্ভব হয় না।

স্থায়ী কর্মী দিলীপ হেমব্রম বলেন, 'প্রতিদিন দুপুর ২.৩০ মিনিটে পার্কের গেট খোলা হয়। তবে এদিন আমরা সকাল ১০টায় গেট খুলে দিই। কিন্তু উঠতি বয়সের তরুণরা ঝামেলার সৃষ্টি করে। সকাল থেকে এত ভিড়ের মাঝে দাঁড়িয়ে থেকে সেইসব ঝামেলা সামলাতে আমাদের অনেক অসুবিধা হয়। পুলিশকর্মীরা আমাদের অনেকটাই সাহায্য করেন।' ইসলামপুর থানার আইসি হীরক বিশ্বাস বলেন, 'বিশৃঙ্খলা এড়াতে কমপক্ষে ১৫ জন পুলিশকর্মী পার্কে মজুত রাখা হবে।'



*ইসলামপুর পার্কে বসন্তের ছোঁয়া। -সংবাদচিত্র*

### পূর্ব অভিজ্ঞতা

- বুধবার পার্কে কমপক্ষে পাঁচ হাজার লোকের সমাগম হওয়ার সম্ভাবনা
- এত সংখ্যক মানুষকে সামলানোর মতো পর্যাপ্ত কর্মীবাহিনী পার্কে নেই
- কর্মীদের অভিজ্ঞতা হল, মাঝেমধ্যেই উঠতিদের মধ্যে বাগবিতণ্ডা বাধে
- মাঝেমধ্যে পরিস্থিতি হাতাহাতি পর্যন্ত পৌঁছে যাওয়ারও নজির রয়েছে




# সঙ্গীর খোঁজে অস্থির সীতা

রাহুল মজুমদার

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** ভালোবাসার দিনেই কাছে নেই সঙ্গিনী। দুজনকে পাশাপাশি দুটি শেলটারে বন্দি করে রাখা হলেও একে অপরকে দেখার জো নেই। তাই বেজায় মন খারাপ বেঙ্গল সাফারির নয়া সদস্য আকবরের। সঙ্গীকে দেখতে না পেয়ে রাগে ফুঁসছে সীতা। দুজনেই এদিন অন্যান্য দিনের তুলনায় কিছুটা কম খাবার খেয়েছে। আকবরকে দিনভর নাইট শেলটারের একটি কোনায় বসে থাকতে দেখা গিয়েছে। অন্যদিকে, সীতাও তার সঙ্গীর জন্য দিনভর গর্জন করেছে। রাজ্য জু অথিরিটির সদস্য সচিব সৌরভ চৌধুরীর বক্তব্য, 'দুজনেই সুস্থ রয়েছে। খাবারও খেয়েছে। বেঙ্গল সাফারির বাকি সদস্যরাও ভালো আছে।'

> দুজনেই সুস্থ রয়েছে। খাবারও খেয়েছে। বেঙ্গল সাফারির বাকি সদস্যরাও ভালো আছে।
>
> **সৌরভ চৌধুরী**
> রাজ্য জু অথিরিটির সদস্য সচিব

বছর সাতেক আগে ত্রিপুরার চিড়িয়াখানায় জন্ম হয়েছিল আকবরের। একসঙ্গে তিন শাবকের জন্ম দিয়েছিল আকবরের বাবা-মা। তাই অমর-আকবর-অ্যান্টনি সিনেমার নামে তিনজনের নাম রাখে কর্তৃপক্ষ। আকবরের জন্মের বছর দুয়েক বাদে ত্রিপুরার চিড়িয়াখানাতেই জন্ম হয় সীতার। ছোট থেকেই দুজনের মধ্যে সখ্য ছিল। তাই সেখানে দুজনকে একসঙ্গেই রাখা হত। দুই রাজ্যের চিড়িয়াখানা কর্তৃপক্ষের মধ্যে অ্যানিমাল এক্সচেঞ্জ প্রক্রিয়ার শুরু হওয়ার সময় বেঙ্গল সাফারির কর্তারা অমর, আকবর, অ্যান্টনি তিনজনকেই দেখেন। সেইসঙ্গে সীতাকেও পর্যবেক্ষণ করা হয়। সাফারি কর্তারা দেখতে পান আকবরের সঙ্গেই সীতার বেশি সখ্য রয়েছে। দুজনে একসঙ্গে ছোটাছুটি করে খেলাধুলো করছে। সেইমতো এই দুজনকে নিয়ে আসার সিদ্ধান্ত নেওয়া হয়।

সোমবার দুপুরে শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে এসে পৌঁছায় সিংহ জুটি। কিন্তু পার্কে আনার পরেই দুজনকে পৃথক পৃথক নাইট শেলটারে রাখা হয়েছে। সোমবার বিষয়টি দুজনের ওপর তেমন প্রভাব না ফেললেও মঙ্গলবার থেকে পরিস্থিতি কিছুটা বদল হয়েছে। সাফারি পার্ক সূত্রেই জানা গিয়েছে, প্রথম দিন নির্বিঘ্নে কাটলেও মঙ্গলবার সকাল থেকেই মনমরা আকবর। শেলটারের এককোণে বসে থাকছে। খাবার দেওয়া হলে অনেকক্ষণ বাদে কাছে এসে খাচ্ছে। বসে বসে সাফারির কর্মীদের পর্যবেক্ষণ করছে। অন্যদিকে, সীতা সকাল থেকেই শেলটারে অস্থির হয়ে ঘুরে বেড়াচ্ছে।

পার্কের কর্মীদের ধারণা, সঙ্গীর থেকে আলাদা হয়েই দুজনের স্বভাবে এই পরিবর্তন। অন্যদিকে, দুজনের স্বাস্থ্যের ওপর নিয়মিত নজর রাখছেন সাফারি পার্কের চিকিৎসকরা। খাবারের সঙ্গে বিভিন্ন প্রোটিন জাতীয় বস্তু দেওয়া হচ্ছে। আটটি সিসিটিভি ক্যামেরার মাধ্যমে দুজনের ওপর নজর রাখা হচ্ছে।



বেঙ্গল সাফারিতে বন্দি পশুরাজ।

# দিল্লিতে দুর্ঘটনায় বোসের কনভয়

নবনীতা মণ্ডল

**নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি :** রাজধানী দিল্লিতে এসে দুর্ঘটনায় পড়লেন বাংলার রাজ্যপাল সিভি আনন্দ বোস। সন্দেশখালির ঘটনা নিয়ে কেন্দ্রের কাছে রিপোর্ট দিতে মঙ্গলবারই দিল্লিতে এসেছিলেন তিনি। বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সঙ্গে দেখা করে আইসিএআরের অতিথিশালায় যাওয়ার পথে তাঁর কনভয়ে একটি গাড়ি হঠাৎ বিপরীত দিক থেকে ঢুকে পড়ে।

পরে কলকাতায় রাজভবনের পক্ষ থেকে এক বিবৃতিতে এই দুর্ঘটনার পিছনে নাশকতার যোগ আছে বলে সন্দেহ প্রকাশ করা হয়। সন্দেশখালিতে শেখ শাহজাহানের 'গুন্ডা গ্যাং'য়ের বিরুদ্ধে তাঁর পদক্ষেপের সঙ্গে এর যোগের চর্চা চলছে বলে ওই বিবৃতিতে জানানো হয়। দুর্ঘটনায় বড় কোনও ক্ষতি না হলেও রাজ্যপালের নিরাপত্তা বাড়ানো হয়েছে। আইসিএআরের অতিথিশালায় না নিয়ে রাজ্যপালকে অন্য কোথাও নিয়ে যাওয়া হয়েছে। তবে দিল্লি পুলিশ রাজভবনের ওই সন্দেহের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু করেছে। সিভি আনন্দ বোসকে ঠিক কোথায় নিয়ে যাওয়া হয়েছে তা জানানো হয়নি। রাজভবনের বিবৃতি থেকে শুধু জানা গিয়েছে, কড়া নিরাপত্তার ব্যবস্থাযুক্ত এলাকায় রাজ্যপালকে নিয়ে যাওয়া হয়েছে। বুধবারও তিনি দিল্লিতে সন্দেশখালির ঘটনা নিয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন বলে জানা গিয়েছে।

# হলংপাড়ে লড়াই শেষ সেই দাঁতালের

**মাদারিহাট, ১৩ ফেব্রুয়ারি :** মঙ্গলবার সকালে বেঁচে থাকার লড়াই শেষ হল সেই দাঁতালের। গত দিন পাঁচেক ধরে, প্রায় ১২০ ঘণ্টা লড়াই করার পর মৃত্যুর কোলে ঢলে পড়ল হলং নদীর পাড়ে পড়ে থাকা সেই জখম হাতিটি।

সোমবার মাঝরাতে হঠাৎই বনকর্মীরা দেখেন, কয়েকটি হাতি জখম দাঁতালের পাশে দাঁড়িয়ে চিৎকার করছে। কিন্তু দাঁতালের কোনও আওয়াজ নেই। ভোরবেলায় যখন দলটি চলে যায়, তখন তাঁরা দাঁতালের কাছে গিয়ে দেখেন, তার কোনও নড়াচড়াই নেই। অভিজ্ঞ বনকর্মীদের বুঝতে অসুবিধা হয়নি যে, দাঁতালটি মারা গিয়েছে। এরপর প্রাণী চিকিৎসক সহ অন্য বনকর্তাদের খবর দেন তাঁরা।

জলদাপাড়ার প্রাণী চিকিৎসক উৎপল শর্মা জানিয়েছেন, মঙ্গলবার সকালে ময়নাতদন্ত করা হয়েছে। শিড়দাঁড়ার একটি হাড় দু'টুকরো হয়ে গিয়েছিল। আর কোমরের একটি হাড়ে বড় ফাটল ধরেছিল। ময়নাতদন্তের পর তিতি ফোর কম্পার্টমেন্টের হলং নদীর ধারেই দেহ পুড়িয়ে ফেলা হয়েছে।

প্রেমের মাসেই সঙ্গিনীর প্রেমে হাবুডুবু খেয়েছিল উঠতি বয়সের সেই দাঁতাল। কিন্তু তার এই প্রেমে বাধা হয়ে দাঁড়ায় এক বিশাল মাকনা। প্রেমিক-প্রেমিকার ঘনিষ্ঠতা মেনে নিতে পারেনি সে। রাগে ক্ষোভে দাঁতালকে মাকনা এমন ঢুঁ মারে যে কোমর ও শিড়দাঁড়ার হাড় ভেঙে যায় সেই দাঁতালের। আর পালাতে গিয়ে হলং নদীতে পড়ে যায়। বনকর্মীরা গত শুক্রবার সকালে নদী থেকে তাকে তুলে হলং নদীর ধারে রাখেন। তবে সে আর উঠে দাঁড়াতে পারেনি।

এর আগে বারবার সেই জখম দাঁতালকে দেখতে এসেছিল দলের বাকিরা। সোমবার রাতেও হলং নদীর পাড়ে এসেছিল জখম বুনোর সঙ্গীরা। বনকর্মীদের অনুমান, সেই সঙ্গীদের সামনেই হয়তো শেষনিঃশ্বাস পড়েছে তার। একটু দূরে কান খাড়া করে দাঁড়িয়ে থাকলেও সোমবার আর খুব একটা কাছে ঘেঁষেনি সেই মাকনা।

বনকর্মীদের সঙ্গে কথা বলে জানা গেল, মঙ্গলবার ভোরেও মাকনাটি দাঁতালের কাছাকাছি ঘুরঘুর করেছে। আর কান খাড়া করে রেখেছিল। তাঁদের মনে হয়েছে, মাকনাটি হয় ঘটনার জন্য অনুতপ্ত। অথবা দাঁতালকে যারা দেখাশোনা করছে তাদের ভয় দেখাতে এসেছে। তার হাবভাব থেকে স্পষ্ট করে কিছু বোঝা যায়নি।



দাঁতালের মৃতদেহে নজর বনকর্মীদের। হলং নদীর ধারে।

## নির্দেশ পর্যবেক্ষক আশা লাকড়ার

# রাজ্যে ৩৫ পেতে উত্তরে আটে আট

সানি সরকার

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** রাজ্যে লক্ষ্যমাত্রা ৩৫ ছুঁতে উত্তরবঙ্গে আটে আট চাই। দলের নির্বাচনি সাংগঠনিক বৈঠকে স্পষ্ট করে দিলেন বিজেপির কেন্দ্রীয় কমিটির সদস্য এবং দলের তরফে বাংলার পর্যবেক্ষক আশা লাকড়া। তার জন্য কী কী করতে হবে সেটাও মঙ্গলবার শিলিগুড়িতে পাঁচ সাংগঠনিক জেলা কমিটির বৈঠকে স্থির করে দিয়েছেন ঝাড়খণ্ডের ডাকসাইটে নেত্রী। দলের রাজ্য কমিটির সাংগঠনিক সাধারণ সম্পাদক অমিতাভ চক্রবর্তীর উপস্থিতিতে মূলত চারটি ক্ষেত্রে জোর দেওয়ার পরামর্শ দিয়েছেন তিনি। দলীয় সূত্রে খবর, মার্চ মাসের শুরু থেকেই সাংগঠনিক শক্তি বৃদ্ধিতে নতুন করে জোর দিচ্ছে বিজেপি। নির্বাচনি প্রচারে শিলিগুড়িতে জনসভা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

বৈঠক নিয়ে আশা লাকড়া অবশ্য কোনও মন্তব্য করতে চাননি। তবে লক্ষ্যের থেকে বেশি আসন বিজেপি দখল করবে বলে দাবি করেছেন তিনি। এই সূত্র ধরেই অমিতাভ চক্রবর্তী বলেন, 'আমরা যেভাবে প্রস্তুতি নিচ্ছি, তাতে এমন ফল হবে যে, বিশেষজ্ঞদের সমস্ত অঙ্ক মিথ্যা প্রমাণিত হয়ে যাবে।'

লোকসভা নির্বাচনে মূলত চারটি ক্ষেত্রে জোর দিচ্ছে বিজেপি। দলীয় সূত্রে খবর, প্রথমত, মার্চের শুরুতেই শিলিগুড়িতে কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, দার্জিলিং এবং শিলিগুড়ি সাংগঠনিক জেলার বুথ সভাপতিদের সঙ্গে বৈঠকে বসবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। দ্বিতীয়ত, পাঁচ সাংগঠনিক জেলার শক্তিকেন্দ্র, মণ্ডল ও জেলা কমিটির সঙ্গে বৈঠক করবে কেন্দ্রীয় ও রাজ্য নেতৃত্ব। তৃতীয়ত, কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা পাওয়া উপভোক্তাদের সম্মেলন করবে বিজেপি। শিলিগুড়িতে আয়োজিত এই বৈঠকে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। এবং চতুর্থত, নাড্ডা, শা-দের পাশাপাশি জেলায় জেলায় পৌঁছে বিশিষ্ট প্রবীণদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

গত বিধানসভা নির্বাচনের আগে রাজ্য প্রশাসন অনুমতি না দেওয়ায় বা রাজ্যের সহযোগিতা না মেলায় অনেক জায়গাতেই হেলিপ্যাড তৈরি করতে পারেনি বিজেপি। যার জন্য অনেক কেন্দ্রীয় নেতার সফর বা প্রচার কর্মসূচি বাদ দিতে হয়। এই সমস্যা যাতে এবার না হয়, তার জন্য আগাম জায়গা চিহ্নিত করা এবং প্রশাসনকে চিঠি দেওয়ার নির্দেশ অমিতাভ দিয়েছেন। এদিন উত্তরবঙ্গের পাঁচটি সাংগঠনিক জেলার পদাধিকারীরা ছাড়াও কয়েকজন বিধায়ক উপস্থিত ছিলেন। দুটি বৈঠকের মধ্যে প্রথমটিতে উপস্থিত ছিলেন দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট। তবে জলপাইগুড়ির জেলা সভাপতি বাপি গোস্বামী, শিলিগুড়ির জেলা সভাপতি অরুণ মণ্ডলের মতো প্রত্যেকেই সাংগঠনিক বৈঠকের বাইরে কোনও মন্তব্য করেননি।




বিজেপির কার্যালয়ে আশা লাকড়ার উপস্থিতিতে নির্বাচনের প্রস্তুতি বৈঠক।

# চায়ের দোকানে হামলায় দুষ্কৃতীরা অধরা

**শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** অভিযোগ দায়েরের পর প্রায় ২৪ ঘণ্টা কেটে গিয়েছে। এখনও বহালতবিয়তে ঘুরে বেড়াচ্ছে দুষ্কৃতীরা। রবিবার মহকুমা পরিষদের উলটোদিকে ভুটিয়া মার্কেটের পাশেই একটি চায়ের দোকানে ভরসন্ধ্যায় চড়াও হয়েছিল দুষ্কৃতীরা। স্থানীয় একটি ক্লাবের সেই সদস্যরা তখন মদ্যপ অবস্থায় ছিল বলে অভিযোগ। সেই হামলার ঘটনায় বিভিন্ন মহলে প্রতিক্রিয়া তৈরি হয়েছে। কেউ ধরা না পড়ায় পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠেছে।


দোকান মালিকদের তরফে ঘটনার সিসিটিভি ফুটেজ পানিট্যাঙ্কি ফাঁড়িতে জমা দিয়ে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশের এক পদস্থ কর্তা অবশ্য দাবি করছেন, 'কোন ব্যক্তির মধ্যে কী ধরনের মানসিকতা চলছে, সেটা আগে থেকে বোঝা সম্ভব নয়। তবে কোনও ঘটনা হলে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছি।' তবে বাস্তবে ওই পদস্থ পুলিশকর্তার কথার ছিটেফোঁটা এখনও নজরে পড়েনি এলাকায়। গত কয়েকদিনে একাধিক ঘটনা পুলিশ প্রশাসনের নজরদারি নিয়েই প্রশ্ন তুলে দিয়েছে। সুভাষপল্লিতে শ্লীলতাহানির ঘটনা, পথ দুর্ঘটনায় মুকেশ মিত্তালের মৃত্যুর ঘটনায় অভিযুক্তদের এখনও ধরতে পারেনি পুলিশ। এরমধ্যেই মহকুমা পরিষদের উলটোদিকেই ভরসন্ধ্যায় এই ধরনের ঘটনায় শহরের নিরাপত্তা প্রশ্নের মুখে পড়েছে।

সন্ধ্যার পর মহকুমা পরিষদের ভেতরে যে নিয়মিত নেশার আসর বসে, তা অবশ্য এলাকার সকলেরই জানা। যদিও সভাধিপতি অরুণ ঘোষ ইতিমধ্যেই দাবি করেছেন, 'মহকুমা পরিষদের ভেতর এধরনের কোনও আসর বসে না।' তবে মহকুমা পরিষদের অন্দরে কান পাতলেই শোনা যায়, মদের আসর যেখানে বসে, সেই জায়গায় লাগানো সিসিটিভি ক্যামেরা একাধিকবার ভাঙাও হয়েছে।

রবিবারের রাতের ঘটনার সাক্ষী ছিলেন শিলিগুড়ি মহকুমা ক্রীড়া পরিষদের ক্রিকেটসচিব মনোজ ভার্মা। সিসিটিভি ফুটেজে তাঁকে ঝামেলা আটকাতেও অনেকবার দেখা গিয়েছে। ঘটনার ব্যাপারে তাঁকে প্রশ্ন করা হলে তিনি বলেন, 'আমি ওই রাস্তার সামনে দিয়ে যাচ্ছিলাম। হঠাৎ দেখলাম ঝামেলা হচ্ছে। যখন দেখলাম, ওই ছেলেটির গায়ে গরম তেল পড়ে গিয়েছে, তখন বুঝলাম বড় বিপদ হয়ে গিয়েছে।' কিছুটা অবাক হয়ে তিনি বলেন, 'ওই চায়ের দোকানে তখন অনেক লোক ছিল। সবাই মিলে আমরা যদি ওই ঝামেলা আটকানোর চেষ্টা করতাম, তাহলে ওই ছেলেটির এই পরিস্থিতি হত না।'

এর আগেও সুভাষপল্লিতে প্রকাশ্যে দিনের আলোয় শ্লীলতাহানির ঘটনায় নীরব থেকেছিলেন অন্য পথচলতি মানুষজনস বলছিলেন শিলিগুড়ি কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডঃ মলয় করঞ্জাই। তাঁর কথায়, 'ওই অভিযুক্তরা নিশ্চয়ই প্রভাবশালী নইলে তাদের মাথায় প্রভাবশালীর হাত রয়েছে। তাই তো অভিযোগ দায়েরের পরেও প্রকাশ্যেই ঘুরে বেড়াচ্ছে।' ওই চায়ের দোকানের কর্মীর চিকিৎসার দায়িত্বভার কর্তৃপক্ষের নেওয়া উচিত বলে দাবি ওই ওয়ার্ডের কাউন্সিলার সুজয় ঘটক। ডেপুটি মেয়র রঞ্জন সরকারের অবশ্য বক্তব্য, 'পুলিশ ব্যবস্থা নেবে।'

## জানেন কি



খাওয়ার পর একটি ব্যাং হজম করতে সাপের প্রায় ৫০ ঘণ্টা লাগে।

# রাজ্যসভায় মনোনয়ন

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** রাজ্যসভা ভোটে এরাজ্যে পাঁচটি আসনের মধ্যে তৃণমূলের চারটি ও বিজেপির একটি আসনে প্রার্থী দেওয়ার কথা। তৃণমূলের চার প্রার্থীর মধ্যে তিন প্রার্থীর মঙ্গলবার মনোনয়ন জমা দেওয়ার কথা ছিল। এঁরা হলেন নাদিমুল হক, সুস্মিতা দেব এবং মমতাবালা ঠাকুর।

এদের প্রথম দু'জন মনোনয়ন জমা দিলেও মমতাবালা ঠাকুর সম্ভবত ১৫ ফেব্রুয়ারি তাঁর মনোনয়ন দাখিল করবেন। ওইদিন তৃণমূলের অপর প্রার্থী সাগরিকা ঘোষেরও মনোনয়ন জমা দেওয়ার কথা। একদা এই সাগরিকাই বলেছিলেন, লোকসভা বা রাজ্যসভায় তিনি কোনও দিন প্রার্থী হবেন না। এদিকে, মঙ্গলবার বিধানসভায় তৃণমূল প্রার্থীদের মনোনয়ন জমা দেওয়ার সময় তাঁদের সঙ্গে ছিলেন মন্ত্রী অরূপ বিশ্বাস, বিধায়ক তাপস রায়, তৃণমূল সরকারের মুখ্য সচেতক নির্মল ঘোষ।

মনোনয়ন জমা দেওয়ার পর সুস্মিতা দেব বলেন, 'নাগরিকত্ব সংশোধনী আইন বা সিএএ একটা চমক ছাড়া কিছুই নয়। ভোট এলেই বিজেপির দিক থেকে সিএএ নিয়ে বিভ্রান্তিকর প্রচার চালানো হয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা যাই দাবি করুন না কেন, সুপ্রিম কোর্টে সিএএ সংক্রান্ত বিচারাধীন মামলাগুলির নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তা কার্যকর করা সম্ভব নয়।'

# ধৃত সাত ডাকাত

**কিশনগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি :** কোচাধামন থানা এলাকার বুড়িমারি গ্রামের স্বর্ণকার শীতলকুমার কর্মকারের বাড়িতে ডাকাতি হয়েছিল ১ ফেব্রুয়ারি।

মঙ্গলবার কিশনগঞ্জ পুলিশ অভিযুক্ত সাত দুষ্কৃতীকে বমাল গ্রেপ্তার করল। ডাকাতির সময় ব্যবহৃত একটি বাইক ও অটো-রিকশা বাজেয়াপ্ত করা হয়েছে। এছাড়াও লুঠের ৩০০ গ্রাম রুপোর গয়না এবং ছয় হাজার টাকা ধৃতদের থেকে উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছেন পুলিশ সুপার এমানুল হক মেগনু।

## জেলার খেলা

# সুপার ডিভিশনে চ্যাম্পিয়ন জিটিএসসি

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** মহকুমা ক্রীড়া পরিষদের বিসি পাল, জ্যোতি চৌধুরী ও সরোজিনী পাল ট্রফি সুপার ডিভিশন ক্রিকেটে অপরাজিত চ্যাম্পিয়ন হল জিটিএসসি। মঙ্গলবার খেতাব নির্ধারণী ম্যাচে তারা ৫৮ রানে অগ্রগামী সংঘকে হারিয়েছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মাঠে টসে হেরে জিটিএসসি ৪২ ওভারে ৯ উইকেটে ২৩৮ রান তোলে। ম্যাচের সেরা বিবেক কুমার ৬০ রান করেন। রূপম দাসের অবদান ২৮। বিজয় শর্মা ২৩ ও করণ সিং ৪২ রানে পেয়েছেন ৩ উইকেট। জবাবে অগ্রগামী ৪১.৫ ওভারে ১৮০ রানে অল আউট হয়। প্রতাপ ঘটক ৪২ রান করেন। আকাশ পোদ্দার ২৩ ও গৌরব জাঠের ৪২ রানে পেয়েছেন ৩ উইকেট। বৃহস্পতিবার খেলবে নবীন সংঘ ও স্বস্তিকা যুবক সংঘ।



চ্যাম্পিয়ন হওয়ার পর জিটিএসসি।

# প্রেমের টানে সাঁতরে নদী পার

**হেমতাবাদ, ১৩ ফেব্রুয়ারি :** প্রেমের টানে নদী সাঁতরে বাংলাদেশ থেকে ভারতে ঢুকেও শেষরক্ষা হল না। ধরা পড়তে হল সীমান্ত রক্ষীবাহিনীর হাতে। জিজ্ঞাসাবাদে অসঙ্গতি ধরা পড়ায় শেষ পর্যন্ত প্রতিবেশী দেশের ওই যুবককে গ্রেপ্তার করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

ধৃত যুবকের নাম জাহাঙ্গির আলম(২১)। বাংলাদেশের ঠাকুরগাঁও জেলার হরিপুর থানার কাঠালডাঙ্গি গ্রামে তার বাড়ি। উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ ব্লকের এক তরুণীর সঙ্গে তাঁর সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। প্রেমিকার সঙ্গে দেখা করার উদ্দেশ্য নিয়ে সে ভারতে আসার চেষ্টা করে। কিন্তু সীমান্তে কাঁটাতারের বেড়া টপকে আসা সহজ ছিল না। উপায় না পেয়ে সোমবার সন্ধ্যায় বাংলাদেশের কুলিক নদী সাঁতরে ভারতীয় ভূখণ্ডে ঢুকে পড়ে। তারপর কাঁটাতারের পাশেই সেতুর নদীর নীচ দিয়ে সাঁতরে রায়গঞ্জে আসার চেষ্টা করে। কিন্তু তার আগেই ভাতুন গ্রাম পঞ্চায়েতের মালদাখণ্ড বিওপি এলাকার কর্তব্যরত ৭২ নম্বর ব্যাটালিয়নের সেনা জওয়ানরা ধরে ফেলেন। এরপর ওই যুবককে গ্রেপ্তার করে জিজ্ঞাসাবাদ শুরু করেন। জিজ্ঞাসাবাদ করার পরই সমস্ত তথ্য প্রকাশ্যে আছে। মঙ্গলবার সকালে রায়গঞ্জ থানার পুলিশের হাতে ওই যুবককে তুলে দেন বিএসএফের কর্তারা।

অভিযুক্তের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ফরেন অ্যাক্টে মামলা রুজু করেছে পুলিশ। এদিন বিকেলে ধৃতকে রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। ধৃতের কাছ থেকে একটি মোবাইল ফোন, বাংলাদেশি সিম ছাড়াও কিছু বাংলাদেশি টাকা পাওয়া গিয়েছে। এছাড়াও মিলেছে কিছু ভারতীয় টাকা। এই ঘটনায় ভারতীয় এক দালাল ও বাংলাদেশি এক দালালের নাম পেয়েছে বিএসএফ কর্তারা।

**শ্রীঘরে ঠাঁই বাংলাদেশি যুবকের**

# চোরাশিকারি রুখতে যৌথ টহল

অর্ঘ্য বিশ্বাস

**ময়নাগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** চোরাশিকারিদের হাতে অসমে গন্ডার মৃত্যুর ঘটনার পরে উত্তরের বনাঞ্চলেও জারি হয়েছে হাই অ্যালার্ট। গন্ডার শিকারির সঙ্গে উত্তর-পূর্ব ভারতের এক গোষ্ঠীর সংযোগ আছে বলে খবর। ওই ঘটনা সামনে আসতেই গরুমারা সহ পার্শ্ববর্তী এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে। জঙ্গল সংলগ্ন গ্রামবাসীদের সতর্ক করতে ১৫ কিমি হাঁটলেন রেঞ্জ অফিসার ও পুলিশকর্মীরা। জঙ্গলের ভেতরে নজরদারির পাশাপাশি জঙ্গল সংলগ্ন বিভিন্ন জায়গাজুড়ে চলছে নজরদারি। মঙ্গলবার ময়নাগুড়ি ব্লকের গরুমারা জঙ্গল রামশাই সহ বিস্তৃত জায়গাজুড়ে বন দপ্তর ও পুলিশের তরফে যৌথভাবে নজরদারি চলে।

মঙ্গলবার সকালে ময়নাগুড়ি ব্লকের পানবাড়ি বাজার থেকে বন দপ্তর এবং পুলিশকর্মীরা অভিযান শুরু করে। হেঁটে এলাকার বিভিন্ন গ্রাম ঘুরে এলাকাবাসীর সঙ্গে কথা বলেন বন দপ্তরের আধিকারিকরা। গরুমারা সাউথ রেঞ্জের রেঞ্জ অফিসার সুদীপ দে এই অভিযানে নেতৃত্ব দেন। প্রায় ১৫ কিলোমিটার হেঁটে এলাকার বিভিন্ন গ্রাম ঘুরে দেখে এই দল। গ্রামবাসীদের সঙ্গে কথাও বলেন বন দপ্তরের কর্মীরা। জঙ্গল সংলগ্ন বিভিন্ন এলাকার মানুষজনকে কাজে লাগিয়ে নানা অপরাধমূলক কাজে শামিল হয় চোরাশিকারিরা। এ বিষয়ে সজাগ থাকার জন্য বাসিন্দাদের সচেতন করেন তাঁরা। গরুমারা জঙ্গল ঘেঁষা সাতভেন্ডি, কালামাটি, কাজলদিঘি, ক্ষেমনেরহাট, চ্যাংমারি, ঝাড় বড়গিলা সহ বিভিন্ন গ্রামে এই এরিয়া ডমিনেশন চলে। গ্রামবাসীদের সচেতন করার পাশাপাশি সন্দেহজনক কাউকে দেখলেই তাদের কাছে জানাবার আবেদন জানানো হয় বন দপ্তরের তরফে। আগামী এক সপ্তাহ এরিয়া ডমিনেশন চালাবে বন দপ্তর ও পুলিশ। জলপাইগুড়ি বন বিভাগের ডিএফও বিকাশ ভি বলেন, 'জঙ্গলে হাই অ্যালার্ট জারি রয়েছে। তাই জঙ্গল সংলগ্ন বিভিন্ন এলাকায় নজরদারি শুরু হয়েছে।'

পরিবেশপ্রেমী মানবেন্দ্র দে সরকার বলেন, 'বন দপ্তরের তরফে যে নজরদারি শুরু হয়েছে তা অত্যন্ত প্রয়োজনীয়।' বনবস্তি সহ পার্শ্ববর্তী স্থানীয় বাসিন্দাদেরও বন্যপ্রাণীর সুরক্ষার বিষয়ে সচেতন হওয়া প্রয়োজন বলে জানিয়েছেন স্থানীয় বন পরিচালন কমিটির সদস্য অজয় রায়। ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষ বলেন, 'ময়নাগুড়ি ব্লকের জঙ্গল সংলগ্ন বিভিন্ন এলাকায় বন দপ্তরের সঙ্গে পুলিশকর্মীরাও নজরদারি চালাচ্ছেন।' জেলা পুলিশ সুপার খান্ডবাহালে উমেশ গণপত জানান, চোরাশিকার রুখতে বন দপ্তর এবং পুলিশের টহল চলছে।



গরুমারা সংলগ্ন এলাকায় বন দপ্তর ও পুলিশের কর্তারা।

# শিশু বিক্রির চেষ্টায় ধৃত মা সহ তিন

সৌম্যজ্যোতি মণ্ডল

**চাঁচল, ১৩ ফেব্রুয়ারি :** চাঁচলে সদ্যোজাত শিশু বিক্রির চেষ্টার অভিযোগের ঘটনায় নয়া মোড়। সদ্যোজাতর মা টগরী খাতুনের পাশাপাশি গ্রেপ্তার করা হল আরও দুই মহিলাকে। ধৃতদের নাম জ্যোৎস্না খাতুন ও জাবেদা খাতুন। জ্যোৎস্না খাতুন ডালখোলা থানার বাগেলা গ্রামের বাসিন্দা। সম্পর্কে সদ্যোজাতর পিসি। আর জাবেদা রতুয়ার পুখুরিয়া থানা এলাকার বাসিন্দা। টগরীর সঙ্গে ভিনরাজ্যে কাজ করতেন। মঙ্গলবার ধৃতদের পাঁচদিনের পুলিশি হেপাজতের নির্দেশ দিয়েছে চাঁচল মহকুমা আদালত।

পুলিশসূত্রে জানা গিয়েছে, সদ্যোজাতর পিসি জ্যোৎস্না খাতুন এই কাহিনীর মূল মাস্টারমাইন্ড। তিনিই শিশু বিক্রির পরামর্শ দিয়েছিলেন টগরীকে। যদিও পুলিশি জেরায় আর্থিক লেনদেনের কথা ধৃতরা এখনও স্বীকার করেননি। তবে আর্থিক প্রলোভন ছিল বলেই মনে করা হচ্ছে। কারণ, আরেক ধৃত জাবেদা খাতুন আর্থিক লেনদেনের কথা শুনেই সোমবার পুখুরিয়া থেকে খানপুরে এসেছিলেন। তিনি জানতে পেরেছিলেন, মাত্র ২৫ হাজার টাকার বিনিময়ে শিশুটিকে এক নিঃসন্তান দম্পতির হাতে তুলে দেওয়া হচ্ছে। সেই সময়ে জাবেদা, টগরীকে প্রলোভন দেখান, তিনি অন্য জায়গায় দু'লক্ষ টাকায় শিশু বিক্রির ব্যবস্থা করে দেবেন। যদিও শিশু হস্তান্তর আর হয়নি। তার আগেই গ্রামবাসীদের থেকে খোঁজ পেয়ে পৌঁছে যায় পুলিশ। ধৃতদের কেউ শিশু পাচার চক্রের সঙ্গে জড়িত কিনা পুলিশের তরফে সেটাও খতিয়ে দেখা হচ্ছে।

যদিও পুলিশের অনুমান, সদ্যোজাতর মা পেটের টানেই তাঁর বাচ্চাকে নিঃসন্তান দম্পতির হাতে তুলে দিতে এসেছিলেন। কারণ, স্বামী প্রত্যাখ্যান করায় তাঁর পক্ষে তিন সন্তানকে লালনপালন করা সম্ভব ছিল না। তবে বাকি দুই ধৃতের ভূমিকা যথেষ্ট সন্দেহজনক।

এদিকে এই ঘটনা সামনে আসতেই শাসকদলকে তোপ দেগেছে বিজেপি। বিজেপি নেতা সুমিত সরকারের অভিযোগ, 'লক্ষ্মীর ভাণ্ডার ৫০০ থেকে ১০০০ টাকা করলেও তাতে সংসার চলবে না। মানুষের হাতে কাজ নেই। এই ঘটনা প্রমাণ করে দিচ্ছে, এই রাজ্যে মানুষ কতটা অসহায়।' অধ্যাপিকা নাফিসা খান লোদীর বক্তব্য, 'অত্যন্ত দুর্ভাগ্যজনক ঘটনা। মূলত সত্যজাতর বাবার জন্য এই সমস্যার সৃষ্টি। মহিলার পরিবারের লোকেরা তার সমাধান না করে অন্যের হাতে বাচ্চা তুলে দেওয়ার পরামর্শ দিচ্ছেন। সদ্যোজাতর মায়ের অসহায়তার সুযোগ নিচ্ছেন।'

# ষোড়শী মুনমুনের কলমে সরস্বতী

রাজু সাহা

**কামাখ্যাগুড়ি, ১৩ ফেব্রুয়ারি :** আলিপুরদুয়ার জেলার প্রত্যন্ত গ্রাম ভাটিবাড়ির বাসিন্দা মুনমুন দে। কামাখ্যাগুড়ি হাইস্কুলের একাদশ শ্রেণির ছাত্রী মুনমুনের ইংরেজি উচ্চারণ শুনলে, শব্দচয়ন দেখলে অবাক হতে হয়। মাত্র ১৬ বছর বয়সে দরিদ্র পরিবারের ওই কন্যা নিজের যোগ্যতায় জায়গা করে নিয়েছে লেখক মহলে। তার লেখা ইংরেজি বই ছেপেছে ব্লু রোজ নামের একটি নামী প্রকাশনা সংস্থা। 'দ্য ডিভাইন ডিপারচার' নামের সেই বইটি মিলছে অ্যামাজন, ফ্লিপকার্টের মতো বড়সড়ো অনলাইন সাইটেও।

মুনমুনের নেশাই হল ইংরেজিতে বক্তব্য রাখা, প্রবন্ধ লেখা। বিভিন্ন মঞ্চে বক্তব্য রেখে এবং প্রবন্ধ প্রতিযোগিতায় জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে পুরস্কার জিতে নিয়েছে ইতিমধ্যেই। ইংরেজি নিয়ে এর আগেও কিন্তু কৃতিত্বের স্বাক্ষর রেখেছে মুনমুন। ইংরেজি কী করে বলতে হয়, সে বিষয়ে ইউটিউবে তার চ্যানেল রয়েছে। মুনমুনের ভিডিও দেখে স্পোকেন ইংলিশ শেখেন অনেকেই। সেই ইউটিউব চ্যানেলের সুবাদেই তার পরিচয় প্রকাশনী জগতের সঙ্গে। তার জেরেই এই বই প্রকাশ।

লেখক হওয়ার পাশাপাশি মুনমুনের স্বপ্ন একজন আইএএস অফিসার হয়ে দেশের সেবা করা। লেখক হওয়ার স্বপ্ন ইতিমধ্যেই কিন্তু পূরণ করে ফেলেছে। ইতিমধ্যেই হিন্দি এবং বাংলাতে বেশ কিছু কবিতাও লিখে ফেলেছে। আর প্রকাশিত বইতে মুনমুন বলেছে তার মতো কিশোরীদের কথাই। কীভাবে এই অল্পবয়সে মনকে স্থির রেখে আধ্যাত্মিকতার পথে এগিয়ে যাওয়া যায়, সেকথাই বলেছে মুনমুন। এধরনের বই হঠাৎ লিখতে গেল কেন? এপ্রশ্নের জবাবে একাদশ শ্রেণির ওই ছাত্রী জানাল, 'গীতা পড়ে আমি অনেকটাই উদ্বুদ্ধ হয়েছি। আমার মনে হয়েছে এই বয়সটায় বেশি চঞ্চল না হয়ে মনসংযোগ করা দরকার।'

এই প্রতিভাবান কিশোরীর বাবা উত্তম দে সাইকেল মেরামতির কাজ করেন। তাঁদের সামান্য চাষের জমিও রয়েছে। তবে সেসব থেকে যা আয় হয়, সংসার চালানোর কঠিন, বলছিলেন উত্তম। তিনিই জানালেন, 'এত কম বয়সে মুনমুনের এমন মেধার পেছনে রয়েছেন সন্তোষ চৌধুরী নামে একজন শিক্ষক। সেই শিক্ষকই তাকে ছোটবেলা থেকে নানা বই পড়িয়েছেন।'

সেই সন্তোষ চৌধুরীর কথায়, 'আমার দীর্ঘ ৪০ বছরের শিক্ষক জীবনে এমন অসাধারণ মেধাবী ছাত্রী আমি পাইনি। ওকে যত দেখি তত আশ্চর্য হই।' মুনমুন ওর জীবনের লক্ষ্যে পৌঁছোবেই, আশাবাদী সন্তোষ।

মুনমুনের প্রশংসা করেছেন তার স্কুলের শিক্ষিকারাও। প্রধান শিক্ষিকা মৌসুমি সরকার বলেন, 'মুনমুনকে ছাত্রী হিসেবে পেয়ে আমরা রীতিমতো গর্বিত। ও প্রতিনিয়ত আমাদের আশ্চর্য করছে।'



নিজের বই হাতে মুনমুন।

## খেলায় আজ

**১৮৯৬ :** দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে হ্যাটট্রিক করেন ইংল্যান্ডের পেসার জর্জ লোম্যান। দ্বিতীয় ইনিংসে তিনি ৭ রানে ৮ উইকেট নেন। দক্ষিণ আফ্রিকা ৩০ রানে অলআউট হয়।

## সেরা অফবিট খবর

### বজ্রাঘাতে মৃত্যু

ইন্দোনেশিয়ার দুই ক্লাবের ম্যাচ চলছিল। সেখানে হঠাৎই বজ্রাঘাতে মৃত্যু হল ইন্দোনেশিয়ার ৩৫ বছরের ফুটবলার সেপ্টিয়ান রাহারজার। ভিডিওতে দেখা গিয়েছে, এফসি বানডাং বনাম এফবিআই সুবাংয়ের প্রীতি ম্যাচ চলাকালীন বাজ পড়ে। সেই সময় সেপটিয়ান বাকিদের থেকে একটু দূরে ছিলেন। বাজ সরাসরি তাঁর উপর পড়ে। সঙ্গে সঙ্গে মাটিতে লুটিয়ে পড়েন সেপ্টিয়ান। তখনও প্রাণ ছিল তাঁর। কিন্তু হাসপাতালে নিয়ে যাওয়া হলে তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়।

## ভাইরাল



### শতাব্দীর সেরা বল!

১৯৯৩ সালের অ্যাসেজে মাইক গ্যাটিংকে করা শেন ওয়ার্নের ডেলিভারিকে শতাব্দীর সেরা বল বলা হয়। এবার নতুন শতাব্দীর সেরা বলও হয়তো দর্শকরা পেয়ে গেলেন। একটি ক্রিকেট ম্যাচের ভিডিয়ো ভাইরাল হয়েছে সমাজমাধ্যমে। তাতে দেখা যাচ্ছে, অফ স্টাম্পের প্রায় দুই হাত বাইরে বল করেন বোলার। ওয়াইড ভেবে ব্যাটার শেষ মুহূর্তে বলটি ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নেন। কিন্তু বল মাটিতে পড়ার পর অফস্পিন করে লেগ স্টাম্পে গিয়ে লাগে। বলটি মাটিতে পড়ার পর প্রায় ৯০ ডিগ্রি ঘুরেছে। ব্যাটারের মতো নেটিজেনরাও যা দেখে বিস্ময় প্রকাশ করেছেন। ভিডিও দেখে ভারতের প্রাক্তন ক্রিকেটার আকাশ চোপড়া ধারাভাষ্যের মতো করে বলেছেন, 'এই বলটা শতাব্দীর সেরা। মুথাইয়া মুরলীধরনও এতটা বল ঘোরাতে পারত না!'

## উত্তরের মুখ



### ৩/৬

জলপাইগুড়ি জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ক্রিকেটে অখিলেশ যাদব ৩ রানে ৬ উইকেট পেয়েছেন। তাঁর দল রায়কতপাড়া স্পোর্টিং অ্যাসোসিয়েশন ১০ উইকেটে চেতনা ক্লাবকে হারিয়েছে।

## সেরা উক্তি

তোমার তো স্কুলের বিজ্ঞান বইয়ের পড়াগুলোই মনে থাকে না। এখন তুমি মহিলাদের শরীর নিয়ে মন্তব্য করছ! এখান থেকে এখনই পালাও বলছি।

-সঞ্জনা গণেশন
(নেটিজেনের বিদ্রুপ প্রসঙ্গে)

## স্পোর্টস কুইজ



১. বলুন তো ইনি কে?

২. শচীন তেন্ডুলকারের প্রথম আন্তর্জাতিক শতরান কোন দলের বিরুদ্ধে এসেছিল?

■ উত্তর পাঠান এই হোয়াটসঅ্যাপ নম্বরে ৯৩৩৯৬৮৬৭৫৯। আজ বিকাল ৫টার মধ্যে। সঠিক উত্তরদাতার নাম প্রকাশিত হবে উত্তরবঙ্গ সংবাদে।

## সঠিক উত্তর

১. ঋষভ পন্থ ২. প্রবীর সেন।

## সঠিক উত্তরদাতারা

বিশ্বরূপ পাল, সৌরায়ণ রায়, সবুজ উপাধ্যায়, শ্রেয়াঙ্ক সুর, সুরজিৎ সরকার, সঞ্জয় সরকার, স্নেহাশিস শ্রীবাস্তব, প্রদ্যুৎ মোদক, শ্রেয়সী দাস, দেবাদৃতা মহিন্ত, আকাশ ভট্টাচার্য, দেবাশিস রাহা, প্রদ্যোৎকুমার ভৌমিক, কল্পনা মজুমদার ভৌমিক, অনন্যা ঘোষাল, দ্বৈপায়ন ভট্টাচার্য।

### কম্বিনেশনের দোলাচল অব্যাহত

# জাড্ডুর খেলার ইঙ্গিত কুলদীপের



ব্যাটিংয়ে শান রোহিত শর্মার

দলে আমার জায়গা নিয়ে নিশ্চিত নই। সেসব নিয়ে ভাবছিও না। আমি খেলব কিনা, তা নিয়ে বেশি না ভেবে সবসময় পরিশ্রম করে নিজেকে তৈরি রাখছি। বাকিটা সময়ের উপরই ছেড়ে দেওয়া ভালো।

-কুলদীপ যাদব

**রাজকোট, ১৩ ফেব্রুয়ারি :** প্রবল গরম। তার মধ্যেই দম বন্ধ করা পরিবেশ টিম ইন্ডিয়ার অন্দরে!

পিচে সামান্য ঘাস রয়েছে। দূর থেকে দেখে মনে হচ্ছে, শুকনো বাইশ গজ। যেখানে খেলা গড়ানোর সঙ্গে বল টার্ন করার প্রবল সম্ভাবনা। যদিও র‍্যাংক টার্নার হয়তো নয়। এমন পিচ রাজকোটে নতুন নয়।

কিন্তু নতুন হল, ইংল্যান্ডের বিরুদ্ধে বৃহস্পতিবার থেকে শুরু হতে চলা তিন নম্বর টেস্টের আগে টিম ইন্ডিয়ার অন্দরে দলের কম্বিনেশন নিয়ে দোলাচল। দুই পেসার, দুই স্পিনার? নাকি দুই পেসার তিন স্পিনার? নাকি অন্য কোনও কম্বিনেশন? দলের মিডল অর্ডারের সম্ভাব্য লাইনই বা কী হবে? প্রশ্নের শেষ নেই। রাতের দিকের খবর, সরফরাজ খান ও ধ্রুব জুরেলের রাজকোটে টেস্ট অভিষেক প্রায় নিশ্চিত।

রাজকোটে রাজকীয় টেস্ট ম্যাচ শুরুর দুইদিন আগেও ভারতীয় দলের কম্বিনেশনের দিশা মেলেনি। বরং আজ সামনে এসেছে নয়া তথ্য। দুপুরের দিকে রাজকোটের এসসিএ স্টেডিয়ামে দলের অলরাউন্ডার রবীন্দ্র জাদেজাকে দীর্ঘসময় অনুশীলন করতে দেখা গিয়েছে। নেটে ব্যাটিং, বোলিং সবই করেছেন তিনি। জাদেজাকে দেখে ফিট বলেই মনে হয়েছে। দুপুরের অনুশীলনের পর সাংবাদিক সম্মেলনে হাজির হয়ে জাড্ডুকে নিয়ে টিম ইন্ডিয়ার রিস্ট স্পিনার কুলদীপ যাদব আশার কথাও শুনিয়েছেন। তাঁর কথায়, 'গতকালও ঘরের মাঠে একবেলা অনুশীলন করেছিল জাড্ডু। আজও রুটিন অনুশীলনই করেছে। দেখে মনে হল ও ফিট। হয়তো খেলতে পারবে।' আর এখানেই প্রশ্ন, হ্যামস্ট্রিংয়ের



*অনুশীলনের মাঝে খুনশুটিতে কুলদীপ যাদব ও রজত পাতিদার। দর্শক ধ্রুব জুরেল, যশস্বী জয়সওয়াল।*

চোটের কারণে ভাইজাগ টেস্টে খেলেননি জাড্ডু। শেষপর্যন্ত তিনি রাজকোট টেস্টে নামতে পারলে রবিচন্দ্রন অশ্বীনের সঙ্গে তাঁর খেলা নিশ্চিত। কিন্তু তিন নম্বর স্পিনার কে হবেন? কুলদীপ নাকি অক্ষর প্যাটেল? রিস্ট স্পিনার কুলদীপের চেয়ে ব্যাটের হাত ভালো অক্ষরের। ফলে কার উপর ভরসা করবেন রোহিত শর্মা, রাহুল দ্রাবিড়রা, জল্পনা ক্রমশ বাড়ছে।

কুলদীপ কি রাজকোট টেস্টে খেলবেন? সাংবাদিক সম্মেলনে এমন প্রশ্নের সামনে কিছুটা ডিফেন্সিভ দেখিয়েছে ভারতীয় রিস্ট স্পিনারকে। তিনি বলেছেন, 'দলে আমার জায়গা নিয়ে নিশ্চিত নই। সেসব নিয়ে ভাবছিও না। আমি খেলব কি না, তা নিয়ে বেশি না ভেবে সবসময় পরিশ্রম করে নিজেকে তৈরি রাখছি। বাকিটা সময়ের উপরই ছেড়ে দেওয়া ভালো।' বেন স্টোকসদের বাজবল আগ্রাসনও উপভোগ করছেন কুলদীপ। তাঁর কথায়, 'টেস্টে সাধারণত বোলার, বিশেষ করে স্পিনারদের শুরু থেকেই আক্রমণ করা হয় না। কিন্তু ইংল্যান্ড সেটা করছে। তাই একজন বোলার হিসেবে নতুন এই চ্যালেঞ্জ সামলানোর জন্য আরও বেশি ফোকাস হওয়ার পাশে মানসিক প্রস্তুতিও প্রয়োজন।' আজ ভারতের অনুশীলনে জসপ্রীত বুমরাহ, শুভমান গিলদের দেখা যায়নি। কাল তাঁদের অনুশীলনে হাজির থাকার কথা।

# ভারতের 'জামাইয়ের' ঘূর্ণিতে অবাক ভরতরা

**রাজকোট, ১৩ ফেব্রুয়ারি :** বয়স ২৫। নাম টমাস জোন্স। দেশ স্কটল্যান্ড। প্রথম পছন্দ ক্রিকেট। সেই ক্রিকেটের টানেই ভারতে হাজির হওয়া। এদেশে এসেই আহমেদাবাদের এক যুবতীর সঙ্গে প্রেম, বিয়ে। আপাতত আহমেদাবাদে থাকা টমাসকে নিয়েই বিস্তর আলোচনা ভারতীয় ক্রিকেট সমাজে।

কেন? আহমেদাবাদ থেকে গাড়ি নিয়ে প্রায় সাড়ে তিন ঘণ্টা দূরত্বের রাজকোটে আজ হাজির হয়েছিলেন টমাস। উদ্দেশ্য ছিল, বৃহস্পতিবার থেকে শুরু হতে চলা টেস্টের আগে দুই দলের নেটে তাঁর লেগস্পিনার স্কিল দেখানো। ইংল্যান্ডের নেটে বোলিংয়ের সুযোগ হয়নি। কিন্তু রাহুল দ্রাবিড়ের সামনে পরীক্ষায় পাশ করে টিম ইন্ডিয়ার নেটে বেশ খানিকটা সময় চমক হিসেবে হাত ঘুরিয়েছেন তিনি। ভারতের জামাইয়ের ঘূর্ণিতে কোনা শ্রীকর ভরত, ধ্রুব জুরেল, মহম্মদ সিরাজদের অস্বস্তিতে পড়তেও দেখা গিয়েছে। জীবনে প্রথমবার ভারতীয় দলের নেটে হাত ঘুরিয়ে স্বপ্নপূরণের আবেগে ভেসে গিয়ে টমাস বলেছেন, 'গুজরাট টাইটান্সের নেটে অতীতে একবার বল করার অভিজ্ঞতা রয়েছে। ভারতীয় দলের অনুশীলনে এই প্রথমবার। স্বপ্নপূরণের আবেগে ভাসছি আমি। ভাবতেই পারিনি ভারতীয় দলের নেটে বল করার সুযোগ পাব। তারকাখচিত ভারতীয় দল যেভাবে আমায় সম্মান দিয়েছে, তা বাকি জীবনের সম্পদ।' রোহিত শর্মা, রবিচন্দ্রন অশ্বীনদের সঙ্গেও তাঁকে আলাদাভাবে কথা বলতে দেখা গিয়েছে আজ।

# স্টোকসের একশোয় ফুটছে ইংল্যান্ড

**রাজকোট, ১৩ ফেব্রুয়ারি :** ভিসা সমস্যা পিছু ছাড়ছে না ইংল্যান্ডের।

শোয়েব বশিরকে নিয়ে ভিসা-বিতর্কের ঢেউ পৌঁছে যায় ১০ নম্বর ডাউনিং স্ট্রিট পর্যন্ত। কড়া প্রতিক্রিয়া দেওয়া হয় ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনকের তরফে। এবার ভিসা-জট ইংল্যান্ড দলের আরেক ক্রিকেটার রেহান আহমেদকে ঘিরে।

দুটি টেস্ট খেলার পর ইংল্যান্ড দল আবু ধাবি উড়ে যায়। সেখানে দিন সাতেকের বিশ্রাম, প্রস্তুতি সেরে সোমবার রাজকোটে পা রাখে। কিন্তু বৈধ কাগজ না থাকায় বিমানবন্দরেই আটকে যান রেহান। দাবি, 'সিঙ্গল এন্ট্রি' ভিসার জন্যই সমস্যা তৈরি হয়। স্থানীয় প্রশাসনের হস্তক্ষেপে সাময়িক ভিসা মঞ্জুর করে দ্রুত সমস্যার সমাধান হয়। দুইদিনের মধ্যে পুনরায় ভিসা প্রসেস করতে বলা হয়েছে। তার আগে রাজকোট টেস্টে খেলা বা প্রাক-ম্যাচ অনুশীলনে অংশ নিতে সমস্যা হবে না রেহানের। পডকাস্টে ইংরেজ পেসার ওলি রবিনসন দাবি করেন, তাঁর ভিসার ক্ষেত্রেও জটিলতা তৈরি হলেও দ্রুত সমাধান করা হয়।

ইসিবি-ও নিজেদের ভুল মেনে নিয়েছে। বলেছে, 'রেহানের কাগজপত্র নিয়ে সমস্যা দেখা দেয়। তবে স্থানীয় আধিকারিকদের সহযোগিতায় দ্রুত জট কাটে। দুইদিনের মধ্যে নতুন করে ভিসা-প্রক্রিয়া মেটাতে বলা হয়েছে।'

সিরিজ আপাতত ১-১। বৃহস্পতিবার শুরু রাজকোট টেস্ট। এদিন সদলবলে পুরোদস্তুর অনুশীলন সারে ইংল্যান্ড। বেন স্টোকসের ১০০তম ম্যাচ। অধিনায়কের স্মরণীয় মুহূর্তকে রঙিন করে রাখতে বদ্ধপরিকর সতীর্থরা। সাংবাদিক সম্মেলনে ওলি পোপের মুখেও স্টোকস-বন্দনা। বলেছেন, '১০০ টেস্ট খেলা প্রতিটি ক্রিকেটারের জন্যই দুর্দান্ত অভিজ্ঞতা। বেন কেরিয়ারে অনেক ওঠাপড়া দেখেছে। অধিনায়ক হওয়ার পর অবিশ্বাস্য কাজ করেছে। টেস্টের ভাবনাকেই বদলে দিয়েছে, সবার সম্মান আদায় করে নিয়েছে।'

পোপ আরও জানিয়েছেন, মানসিক ও শারীরিকভাবে তরতাজা করে নিতে গত সাতদিনে দারুণ কেটেছে। লম্বা টেস্ট সিরিজের মাঝে পাওয়া এই ধরনের সময় নিজেদের মতো করে কাটান। পরিবারকে পাশে পেয়েছেন। অনেকের বাচ্চারাও এসেছিল। সবমিলিয়ে পারিবারিক পুনর্মিলনও। এবার বাকি সিরিজের জন্য ঝাঁপাতে চান। রাজকোটের সবুজে আভার পিচ নিয়েও খুশি। পোপের কথায়, একঝলক দেখে ভালো মনে হচ্ছে। গত দুই টেস্টের তুলনায় বাড়তি ঘাস। তবে ভারত পিচ দেখার পর কী হয় সেটাই প্রশ্ন। এখন দেখার পিচে আরও জল দেওয়া হবে নাকি ঘাসে কাঁচি চলবে।

## ভিসা-জটে আটকে পড়েন রেহান



*রাজকোট টেস্টের জন্য পরিকল্পনা তৈরিতে ব্যস্ত ইংল্যান্ড অধিনায়ক বেন স্টোকস ও কোচ ব্রেন্ডন ম্যাককুলাম। সঙ্গী প্রধান নির্বাচক লিউক রাইট।*



*চোট সারিয়ে আল হিলালে ফিরলেন নেইমার। মঙ্গলবার।*

# সাপ্লাই লাইনে ফুটো, ধুঁকছে বাংলা ক্রিকেট

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ ফেব্রুয়ারি :** আকাশ থেকে মাটিতে!

শেষ মরশুমে ঘরের মাঠে রনজি ট্রফির ফাইনাল খেলেছিল বাংলা। হয়েছিল রানার্স। পরিসংখ্যান বলছে, শেষ তিন বছরে দু'বার রনজি ফাইনাল ও একবার সেমিফাইনাল খেলেছেন মনোজ তিওয়ারিরা।

এহেন দলের কাছে স্বাভাবিকভাবেই প্রত্যাশা থাকে ট্রফি জয়ের। বদলে বঙ্গ ক্রিকেটে ঘটেছে উলটো ঘটনা। অধিনায়ক মনোজের শেষ মরশুম ও শুক্রবার থেকে ইডেন গার্ডেন্সে বিহারের বিরুদ্ধে শুরু হতে চলা ফেয়ারওয়েল ম্যাচের আগেই রনজি থেকে বিদায় বাংলার।

## আজ শুরু বিহার ম্যাচের অনুশীলন

শেষ ম্যাচ এখন নিয়মরক্ষার। বঙ্গ ক্রিকেটের আইকন মনোজকে বিদায় সংবর্ধনা দেওয়ার ম্যাচ। জিতে সর্বোচ্চ সাত পয়েন্ট পেলেও মনোজদের অদ্ভুত বাড়ির ছবি ও ভাগ্য, কিছুই বদলাবে না। ৬ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে তাই আপাতত চূড়ান্ত আঁধারে বঙ্গ ক্রিকেট। সঙ্গে আগামীর অশনিসংকেতও।

'দোকানে মাল নেই, শাটার খুলে রেখে লাভও নেই তাই।' বছর ১২ আগে বাংলার সর্বকালের অন্যতম সেরা বোলার অশোক দিন্দা ক্রিকেটের নন্দনকাননে এক সন্ধ্যায় এমন বিস্ফোরক মন্তব্য করেছিলেন। তাঁর মন্তব্য ঝড় তুলেছিল বাংলা ক্রিকেটে। সেদিন হয়তো বোঝা যায়নি বাস্তবের মাটি কতটা রুক্ষ। দিন্দা এখন প্রাক্তন ক্রিকেটার। তাঁর একসময়ের সতীর্থ অধিনায়ক মনোজ এখনও খেলছেন। আর বর্তমান কোচ লক্ষ্মীরতন শুক্লা, সহকারী সৌরাশিস লাহিড়ি, বোলিং কোচ শিবশংকর পালরা এখন ভিন্ন ভূমিকায়, কোচের দায়িত্বে। দিন্দার সেদিনের মন্তব্য কতটা বাস্তব ছিল, ভালোই বুঝতে পারছেন বঙ্গ ক্রিকেটের সঙ্গে জড়িতরা। কিন্তু কিছু করার নেই। উপরি হিসেবে অনূর্ধ্ব-২৩ ও ১৯ দলের ধারাবাহিক ব্যর্থতা বঙ্গ ক্রিকেটের সাপ্লাই লাইন ফুটো করে দিয়েছে। কোচ লক্ষ্মীরতনের কথায়, 'বয়সভিত্তিক দল থেকে সিনিয়ারে ক্রিকেটার আসছে না। জানি না কেন এমন বেহাল দশা। এমন চলতে থাকলে আগামীদিনেও সিনিয়ার দলের ব্যর্থতার ছবিটা বদলাবে না।'

বিস্তর 'ভুল' বর্তমান বঙ্গ টিম ম্যানেজমেন্টেরও রয়েছে। রনজি শুরুর আগে কেন মাত্র এক-দুইদিনের অনুশীলন হবে, কারও কাছে জবাব নেই। প্রশ্ন করলে সিএবি-র ক্লাব ক্রিকেটের যুক্তি দেওয়া হচ্ছে। সেখানে আবার রকমারি রাজনীতি ও পাইয়ে দেওয়ার নোংরা খেলা চলছে। বর্তমান কোচ লক্ষ্মীরতনকে সিনিয়ার দলের পাশে সব বয়সভিত্তিক দলের মেন্টর করার ভাবনা শুরু হয়েছে সিএবি-তে। কিন্তু তারপরও কি ছবিটা বদলাবে?

লক্ষ্মীর ভাণ্ডারেও যে আগামীর রাজনীতির নানা সমীকরণ রয়েছে! হায়রে বঙ্গ ক্রিকেট।

### 'অবাধ্য' ঈশানের জন্য বদলের ভাবনা

# রনজিতে খেললেই আইপিএলে ছাড়পত্র

**মুম্বই, ১৩ ফেব্রুয়ারি :** রনজি ট্রফি না খেলে আইপিএলের প্রস্তুতি।

ঈশান কিষানের যে মানসিকতার জেরে কড়া পদক্ষেপ করতে চলেছে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড। মেগা লিগে খেলার ছাড়পত্রের ক্ষেত্রে আসছে নয়া নিয়ম। অন্তত ৩-৪টি রনজি ম্যাচ না খেললে আইপিএল খেলার ছাড়পত্র দেওয়া হবে না!

জাতীয় দলে না থাকা অনেকেই রনজি খেলার পথে হাঁটেন না। আইপিএলের লক্ষ্যে প্রস্তুতির পাশাপাশি মানসিক ও শারীরিকভাবে নিজেকে তরতাজা রাখাকেই অগ্রাধিকার দেন। ক্রুণাল পান্ডিয়া, দীপক চাহারদের মধ্যেও যে প্রবণতা রয়েছে। তবে ঈশানের ঘটনায় বেজায় বিরক্ত বিসিসিআই।

দক্ষিণ আফ্রিকা সফরের মাঝপথে 'মানসিক অবসাদ'-এর অজুহাত দেখিয়ে দেশে ফেরেন। তারপর প্রতিযোগিতামূলক ক্রিকেটে নামেননি। ফিট থাকলেও নিজের রাজ্য দল ঝাড়খণ্ডের হয়ে খেলেননি গত ছয়টি রনজি ম্যাচে। যা নিয়ে বিতর্কের পর নড়েচড়ে বসেছে বোর্ড।

১৬ ফেব্রুয়ারি শুরু গ্রুপ লিগের শেষ ম্যাচে ঝাড়খণ্ডের হয়ে রনজি খেলতে নির্দেশ দেওয়া হয়েছে ঈশানকে। এখানেই শেষ নয়। আগামীদিনে ঈশানের মতো 'আইপিএল' সর্বস্ব মানসিকতা ঠেকাতে কড়া পদক্ষেপ করা হচ্ছে।

> অন্তত ৩-৪টি রনজি ম্যাচ খেলতেই হবে। নাহলে আইপিএলে খেলার অনুমতি মিলবে না। এমনকী ফ্র্যাঞ্চাইজি যদি ছেড়ে দেয়, তাহলে নিলামের তালিকাতেও স্থান দেওয়া হবে না।
>
> **বিসিসিআই আধিকারিক**

রাজ্য সংস্থাগুলির তরফে অভিযোগ করা হয়েছে, বিসিসিআই পদক্ষেপ না করলে 'অবাধ্য' ক্রিকেটারদের বাগে আনা মুশকিল। শীর্ষস্থানীয় এক আধিকারিক বলেছেন, 'অন্তত ৩-৪টি রনজি ম্যাচ খেলতেই হবে। নাহলে আইপিএলে খেলার অনুমতি মিলবে না। এমনকি ফ্র্যাঞ্চাইজি যদি ছেড়ে দেয়, তাহলে নিলামের তালিকাতেও স্থান দেওয়া হবে না। রনজি না খেলা নিয়ে বিরক্ত রাজ্য সংস্থাগুলিও। তারাও চাইছে বোর্ড কড়া সিদ্ধান্ত গ্রহণ করুক।' হার্দিকও দীর্ঘদিন লাল বলের ক্রিকেটের বাইরে। তবে সংশ্লিষ্ট আধিকারিকের যুক্তি, লাল বলের ফর্ম্যাটের ধকল নিতে পারবে না হার্দিকের শরীর। আইসিসি টুর্নামেন্টে ফিট হার্দিককে দরকার জাতীয় দলের। কিন্তু তরুণ ক্রিকেটারদের মধ্যে অনেকে আছেন, ফিট হয়েও রনজি খেলতে অপারগ। তাদের জন্যই কড়া ব্যবস্থার ভাবনা।

বোর্ড নির্দেশ দেয়, জাতীয় দল বা এনসিএ-তে রিহ্যাবে না থাকা ক্রিকেটারদের সবাইকে রনজি খেলতে হবে। ১৬ ফেব্রুয়ারি ঝাড়খণ্ডের শেষ ম্যাচে অংশ নিতে হবে ঈশানকেও। যারপরই কিছুটা হুঁশ ফিরেছে তরুণ উইকেটকিপার-ব্যাটারের। খবর, মুম্বইয়ের ডিওয়াই পাতিল স্টেডিয়ামে অনুষ্ঠিত একটি টি২০ টুর্নামেন্টে অংশ নিচ্ছেন। এখন দেখার ১৬ তারিখ শুরু রনজি ম্যাচে খেলেন কি না।

### তিন ফরম্যাটে নতুন অধিনায়ক শান্ত


# জাতীয় চুক্তি থেকে বাদ পড়লেন তামিম

**ঢাকা, ১৩ ফেব্রুয়ারি :** তামিম ইকবালের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করল বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। চলতি বছর ২১ জন ক্রিকেটারের কেন্দ্রীয় চুক্তির তালিকা থেকে বাদ পড়লেন ৩৪ বছরের এই অভিজ্ঞ ব্যাটার। মঙ্গলবার বিসিবির এই ঘোষণাই বুঝিয়ে দিচ্ছে, চলতি বছরে তাদের পরিকল্পনার অংশ নন তামিম। গতবছর জুলাই মাসে অবসর ঘোষণার ২৪ ঘণ্টার মধ্যে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপে তামিম সিদ্ধান্ত বদলান। তারপর অধিনায়কত্ব ছাড়লেও খেলা চালিয়ে যান। তবে বাংলাদেশের বিশ্বকাপ দলে তাঁকে না রাখায় বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে বাংলাদেশের ক্রিকেট মহলের একাংশ। সেই সিদ্ধান্তে অনড় বিসিবি। অন্যদিকে তিনটি ফরম্যাটেই অধিনায়ক হিসাবে বাছা হল নাজমুল হোসেন শান্তকে। সাকিব আল হাসানের অনুপস্থিতিতে নিউজিল্যান্ডের বিরুদ্ধে শেষ দুই সিরিজে নেতৃত্বে ছিলেন ২৫ বছরের এই ব্যাটার। আগামীদিনে সাকিবের খেলা নিয়ে ধোঁয়াশা থাকায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান বিসিবি সভাপতি নাজমুল হাসান। তবে তিনটি ফরম্যাটে খেলোয়াড়দের তালিকায় আছেন সাকিব। আরেক অভিজ্ঞ মুশফিকুর রহিম ওডিআই ও টেস্টে জায়গা ধরে রেখেছেন।

# র‍্যাংকিংয়ে এগোলেন মান্ধানা

**দুবাই, ১৩ ফেব্রুয়ারি :** ভারতের তারকা মহিলা ব্যাটার স্মৃতি মান্ধানার জন্য সুখবর। মঙ্গলবার আইসিসি প্রকাশিত মহিলাদের ওডিআই ক্রমতালিকায় দুই ধাপ এগিয়ে চারে উঠে এলেন ২৭ বছর বয়সি এই মুম্বইবাসী। পিছনে ফেললেন অস্ট্রেলিয়ার এলিসা পেরি ও দক্ষিণ আফ্রিকার লরা উলভার্ডট। শীর্ষে ইংল্যান্ডের ন্যাট সিভার-ব্রান্ট।

ভারতের আরেক তারকা ব্যাটার ও অধিনায়ক হরমনপ্রীত কাউর রয়েছেন দশম স্থানে। বোলারদের তালিকায় একধাপ নেমে চতুর্থ স্থানে দীপ্তি শর্মা। যদিও অলরাউন্ডারদের তালিকায় একধাপ এগিয়ে পাঁচে আছেন ২৬ বছর বয়সি এই বাংলার ক্রিকেটার।



# গুরুতর অসুস্থ মাইক প্রোক্টর

**ডারবান, ১৩ ফেব্রুয়ারি :** গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে দক্ষিণ আফ্রিকার কিংবদন্তি ক্রিকেটার মাইক প্রোক্টর। রুটিন চেকআপ করানোর সময় অসুস্থ হয়ে পড়েন বছর সাতাত্তরের প্রোক্টর। হৃদযন্ত্রের সমস্যার জন্য আইসিইউ-তে ভর্তি করতে হয়েছে। পরিবারের তরফে জানানো হয়েছে, পরিস্থিতি আশঙ্কাজনক।

# রাসেল-রাদারফোর্ডের তাণ্ডব

**পারথ, ১৩ ফেব্রুয়ারি :** প্রথম দুই ম্যাচ হেরে সিরিজ আগেই হাতছাড়া করেছিল তারা। মঙ্গলবার অস্ট্রেলিয়ার বিরুদ্ধে তৃতীয় টি২০-তেও ৭৯ রানে ৫ উইকেট চলে গিয়েছিল ওয়েস্ট ইন্ডিজের। এখান থেকেই তাণ্ডব শুরু করলেন আন্দ্রে রাসেল ও শেরফানে রাদারফোর্ড। তাঁদের রেকর্ড পার্টনারশিপে ভর করেই এদিন অস্ট্রেলিয়াকে ৩৭ রানে হারাল ক্যারিবিয়ানরা।

## জোসেফের কীর্তি

টসে জিতে ব্যাটিংয়ে নেমে জনসন চার্লস (৪), নিকোলাস পুরানরা (১) একরাশ লজ্জা উপহার দেন। ৭৯/৫ হয়ে যাওয়ার পর মনে হয়েছিল, ওয়েস্ট ইন্ডিজ হয়তো খুব বেশিদূর এগোতে পারবে না। কিন্তু রাদারফোর্ড (৪০ বলে অপরাজিত ৬৭) ও রাসেল (২৯ বলে ৭১) অন্যরকম ভেবেছিলেন। তাঁদের ১৩৯ রানের পার্টনারশিপ ম্যাচের টার্নিং পয়েন্ট হয়ে দাঁড়ায়। টি২০ আন্তর্জাতিকে ষষ্ঠ উইকেটে সর্বোচ্চ পার্টনারশিপ গড়লেন রাসেল-রাদারফোর্ড। ওয়েস্ট ইন্ডিজ ৬ উইকেটে ২২০ রান তোলে।




*ঝোড়ো অর্ধশতরানের পর আন্দ্রে রাসেল।*

রানতাড়ায় নেমে অজিদের শুরুটা ভালো হয়েছিল। ডেভিড ওয়ার্নার (৮১) ও মিচেল মার্শ (১৭) ৬৮ রানের ওপেনিং পার্টনারশিপ গড়েন। কিন্তু এরপর নিয়মিত ব্যবধানে উইকেট হারানোয় অস্ট্রেলিয়ার ইনিংস ১৮৩/৫ স্কোরে আটকে যায়।

এদিকে, জানুয়ারি মাসের সেরা ক্রিকেটার হিসাবে শামার জোসেফের নাম ঘোষণা করল আইসিসি। প্রথম ক্যারিবিয়ান ক্রিকেটার হিসাবে এই পুরস্কার জয়ের কীর্তি গড়লেন ২৪ বছরের পেসার শামার।

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে তাদের ঘরের মাঠে দুই টেস্টে ১৩টি উইকেট পেয়েছিলেন জোসেফ। এর মধ্যে দ্বিতীয় টেস্টে ক্যারিবিয়ানদের ঐতিহাসিক গাবা জয়ে এক ইনিংসে সাত উইকেট পেয়েছিলেন তিনি। অভিষেকেই সেরা ক্রিকেটারের সম্মান পেয়ে জোসেফ বলেছেন, 'এই পুরস্কার জিতে আমি অত্যন্ত খুশি। অস্ট্রেলিয়ায় কাটানো প্রতিটি মুহূর্ত উপভোগ করেছি, বিশেষ করে গাবার শেষদিন।'

অন্যদিকে মহিলাদের ক্রিকেটে এই সম্মান পেলেন ১৮ বছরের আইরিশ তরুণী এমি হান্টার।

**শুভেচ্ছা**

জন্মদিন



☺ **শ্রীদাত্রী** ঃ তোমার প্রথম জন্মদিনে জানাই প্রাণভরা ভালোবাসা, স্নেহ ও আশীর্বাদ। ভালো থেকো-**দাদান, দিদুন**। মুজনাই চা বাগান।

# জয়ই একমাত্র লক্ষ্য হাবাসের

## দলে ফিরছেন লিস্টন, সাদিকুরা

**সুস্মিতা গঙ্গোপাধ্যায়**

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি** : শেষপর্যন্ত জয়ে ফিরতে পারলেও পরবর্তী ম্যাচ যেহেতু এফসি গোয়ার বিরুদ্ধে, তাই সতর্ক সবুজ-মেরুন শিবির।

এদিনই গোয়ায় পৌঁছাল দল। আন্তোনিও লোপেজ হাবাসের দল যখন বেশ কিছু ফুটবলারকে ফিরে পেয়ে স্বস্তিতে তখন চাপে মানোলো মার্কুয়েজ। কারণ এই ম্যাচে গোয়ার হয়ে মাঠে নামতে পারছেন না সন্দেশ ঝিংগান ও বোরহা হেরেরা। এশিয়ান কাপের শেষ ম্যাচে চোট পাওয়ায় লম্বা সময়ের জন্য ছিটকে গিয়েছেন সন্দেশ। ইস্টবেঙ্গল থেকে যাওয়া বোরহার কার্ড সমস্যা। উলটোদিকে এই ম্যাচে কার্ড সমস্যা কাটিয়ে মোহনবাগান সুপার জায়েন্টে ফিরছেন অনেকেই। হাবাসই বলেছেন, 'লিস্টন (কোলাসো) এবং আগের ম্যাচে না খেলা আর্মান্দো (সাদিকু) ও দীপকের (টাংরি) ফেরায় সুবিধা হবে।' আনোয়ার আলিকে নিয়ে যাওয়ার অনেক চেষ্টা করলেও শেষপর্যন্ত তাঁকে বাদ দিয়েই যেতে হয়েছে।

বিরতিতে যাওয়ার আগেই ডিসেম্বরের শেষে মোহনবাগান ঘরের মাঠে বিশ্রীভাবে হারে গোয়ার বিরুদ্ধে। হাবাস অবশ্য সেই ম্যাচ নিয়ে আর ভাবতে চান না। তিনি বলেছেন, 'শেষ ম্যাচের সঙ্গে এবারের অনেক পার্থক্য। নতুন ম্যাচ এবং আমাদের দলেরও নতুন পরিস্থিতি। এই ম্যাচে সৌভাগ্যক্রমে আমরা অনেক ফুটবলারকে ফিরে পাচ্ছি। আমরা নিজেদের জয়ের যে ভাবনা তার জন্য ঝাঁপাব। আমার ফুটবলারদের উপর আস্থা আছে।' মানোলো বলেছেন, 'আমার দলে একাধিক চোট-আঘাত ও কার্ডের জন্য পরিকল্পনায় কিছু রদবদল করতে হয়েছে।' সন্দেশ-বোরহারা না থাকলেও গোয়ায় একাধিক ম্যাচ ঘুরিয়ে দেওয়ার মতো ফুটবলার আছেন। হাবাসের কোচিংয়ে খেলা কার্ল ম্যাকহিউ বা নোয়া সাদাউরা যে কোনও সময়ে ম্যাচে প্রভাব বিস্তার করতে পারেন। হাবাস বলেছেন, 'কার্লকে আমরা বহু আগে দলে এনেছিলাম। দারুণ ফুটবলার। কিন্তু ফুটবলে একা নয় এগারোর বিরুদ্ধে এগারোজন খেলে। আমরা নোয়া বা কার্ল নয়, ওদের গোটা দলটাকে নিয়ে ভাবছি। আমাদের দলে অনেক সমস্যা আছে। কিন্তু অজুহাত না দিয়ে, সঠিকভাবে নিজেদের প্রস্তুতি সারতে চাই।'

শুধু জয়ই নয়, মোহনবাগানের একমাত্র লক্ষ্য যে আইএসএলের লিগ তালিকার এক নম্বর জায়গাটা, সেই কথাও জানিয়ে দিয়ে গোয়া পাড়ি দেন হাবাস। তাঁর পরিষ্কার বক্তব্য, 'প্রতিটি ম্যাচ জেতাই আমাদের লক্ষ্য। যদি সব ম্যাচ জিততে পারি তাহলে এক নম্বরে পৌঁছানোর একটা সুযোগ থাকবে। তবে ফুটবলে ড্র বা হার আসতেই পারে। কিন্তু গোল না খাওয়া ও গোল করা। নিঁখুত হতে হবে মাঠে নেমে।' মোহনবাগান (২৩) এই ম্যাচের আগে পর্যন্ত গোয়ার (২৮) মতোই ১২ ম্যাচ খেলে পাঁচ পয়েন্টে পিছিয়ে। তাই এই ম্যাচ জিতলেও ধরতে পারছে না তাদের। তবে ব্যবধান কমিয়ে শীর্ষস্থানের দিকে এগোনোর চেষ্টা যে হাবাসের মতো আগ্রাসী কোচ করবেন, তাতে কোনও সন্দেহ নেই।

**আইএসএলে আজ**

**এফসি গোয়া** বনাম **মোহনবাগান সুপার জায়েন্ট**

**স্থান** : ফতোরদা স্টেডিয়াম

**সময়** : সন্ধ্যা ৭.৩০ মিনিট

**সম্প্রচার** : স্পোর্টস ১৮ চ্যানেলে



এফসি গোয়া ম্যাচের প্রস্তুতিতে মোহনবাগানের লিস্টন কোলাসো।

# নির্বাসনমুক্ত কুস্তি ফেডারেশন

**নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি** : সঠিক সময়ে নির্বাচন না করায় গতবছরের ২৩ অগাস্ট সর্বভারতীয় কুস্তি ফেডারেশনকে (ডব্লিউএফআই) নির্বাসিত করেছিল বিশ্ব কুস্তি সংস্থা। সেই শাস্তি প্রত্যাহার করে নেওয়া হল। কোনও খেলোয়াড়ের সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হবে না, এই মর্মে লিখিত প্রতিশ্রুতি পাওয়ার পরই শাস্তি প্রত্যাহার করা হয়েছে। মঙ্গলবার শাস্তি প্রত্যাহার করার পর বিশ্ব কুস্তি সংস্থার তরফে বলা হয়েছে, অস্থায়ীভাবে ডব্লিউএফআই-কে নির্বাসিত করা হয়েছিল। সংস্থা মনে করেছে সুনির্দিষ্ট কারণে ছয় মাসের শাস্তি যথেষ্ট। পরিস্থিতির পরিবর্তন হওয়ায় নির্বাসন তুলে নেওয়া হল।

# বিদ্রুপের জবাব বুমরাহর স্ত্রীর

**নয়াদিল্লি, ১৩ ফেব্রুয়ারি** : প্রেমের সপ্তাহে অনেকের মতোই স্বামী তথা টিম ইন্ডিয়ার তারকা পেসার জসপ্রীত বুমরাহর সঙ্গে ভিডিও সামাজিক মাধ্যমে পোস্ট করেছেন সঞ্জনা গণেশন। ভিডিওতে



সঞ্জনার উদ্দেশে একজন বডি শেমিং করেছেন। ভিডিওর কমেন্টে জনৈক নেটিজেন লেখেন, 'বৌদি...তোমায় মোটা লাগছে।' বিদ্রুপের উপযুক্ত জবাব দিয়েছেন বুমরাহ-ঘরনি। সঞ্জনা লিখেছেন, 'তোমার তো স্কুলের বিজ্ঞান বইয়ের পড়াগুলোই মনে থাকে না। এখন তুমি মহিলাদের শরীর নিয়ে মন্তব্য করছ! এখান থেকে এখনই পালাও বলছি।' সঞ্জনার শত শত ভক্ত এই বিষয়ে তাদের প্রতিক্রিয়া জানিয়েছেন। তবে বেশিরভাগ ভক্তই সঞ্জনা ও বুমরাহের প্রশংসা করেছেন। পোস্টে লাইক দিয়েছেন দেড় লক্ষেরও বেশি ভক্ত।

# মেসিকে আমন্ত্রণ মাসচেরানোর

**বুয়েনস আয়ার্স, ১৩ ফেব্রুয়ারি** : ২০০৮ সালে অলিম্পিকে সোনা জয় সিনিয়ার পর্যায়ে আন্তর্জাতিক স্তরে লিওনেল মেসির প্রথম সাফল্য। এবার তাঁর সামনে অলিম্পিকে দ্বিতীয়বার সোনা জয়ের সুযোগ। যোগ্যতা অর্জন পর্বের নির্ণায়ক ম্যাচে ব্রাজিলকে ১-০ গোলে হারিয়ে প্যারিসের ছাড়পত্র পায় আর্জেন্টিনা। জয়ের পরই অনূর্ধ্ব-২৩ দলের কোচ জাভিয়ের মাসচেরানো অলিম্পিকে খেলার জন্য লিওকে অনুরোধ করেছেন। মাসচেরানোর কথায়, 'আমার সঙ্গে লিওর বন্ধুত্ব কতটা গভীর, সেটা সবাই জানে। ওর সামনে অলিম্পিক খেলার সুযোগ আছে। আমাদের সঙ্গ দেওয়ার জন্য ওকে আমন্ত্রণ জানাই। সিদ্ধান্ত ওর ব্যক্তিগত। তবে ওর জন্য দলের দরজা সবসময় খোলা।'



এভাবেই বারবার মুম্বই সিটি এফসির সামনে আটকে গেলেন ইস্টবেঙ্গলের নাওরেম মহেশ সিংরা। ছবি : ডি মণ্ডল

# ঘরের মাঠেও হার ইস্টবেঙ্গলের

**ইস্টবেঙ্গল-০**
**মুম্বই সিটি-১ (গুয়েরোটাক্সিনা)**

**সুস্মিতা গঙ্গোপাধ্যায়**

**কলকাতা, ১৩ ফেব্রুয়ারি** : বসন্তপঞ্চমীর রঙে এখন রঙিন সারা কলকাতা। শুধু রংহীন লাল-হলুদ সমর্থকদের মন!

সুপার কাপ ট্রফি জয়ের রেশ কাটার আগেই আইএসএলে পরপর দুই ম্যাচে হার ইস্টবেঙ্গলের। নর্থইস্ট ইউনাইটেড এফসি-র বিরুদ্ধে হারের পর ঘরের মাঠে এদিন ফের মুম্বই সিটি এফসি-র বিরুদ্ধে ০-১ পরাজয়। ডার্বি পর্যন্ত টানা ছয় ম্যাচ অপরাজিত থাকার পর এই হারে আর রেফারিং নিয়েও প্রশ্ন তোলার সুযোগ নেই। ১৩ ম্যাচ খেলে ১২ পয়েন্ট নিয়ে সেই ১০ নম্বরেই থাকল কার্লোস কোয়াদ্রাতের দল। সমসংখ্যক ম্যাচে ২৫ পয়েন্ট নিয়ে চারে উঠে এল মুম্বই।

নর্থইস্ট ইউনাইটেড ম্যাচের হারের ধাক্কা কাটিয়ে ওঠার আগেই এদিন গোল খায় ইস্টবেঙ্গল। ২৪ মিনিটে অ্যালবার্ট নগুয়েরার ক্রস থেকে ইকের গুয়েরোটাক্সিনার প্লেসিংয়ে ১-০ এগিয়ে যায় মুম্বই সিটি এফসি। এই গোলের সময়ে হিজাজি মাহের ও নীশু কুমার অফসাইড ট্র্যাপ করতে দাঁড়িয়ে পড়াতেই গোলটা খায় ইস্টবেঙ্গল। অথচ তাঁরা খেয়াল করেননি ভিপি সুহের তখন গোললাইনের ধারে দাঁড়িয়ে। প্রথমার্ধের পুরো সময়টাই লাল-হলুদ অর্ধে বল বিচরণ করেছে। এই সময়টা হাফলাইন পারই করতে পারেননি অজয় ছেত্রী, সুহের, ফেলিসিও ব্রাউন ফোর্বসরা। মাত্র ৫ মিনিটেই গুয়েরোটাক্সিনার ফ্লিকে গোল হয়ে যেতে পারত যদি না প্রভসুখান সিং গিল কোনওক্রমে বলটা বার করে দিতেন। এরপরেও বেশ কয়েকবার গোলের কাছাকাছি পৌঁছালেও সেভাবে আর সুযোগ ছিল না মুম্বইয়ের। বিরতির পর খানিকটা খেলায় ফেরে ইস্টবেঙ্গল। কিন্তু তারপরেও আরও একটা গোল তারা পেয়ে যাচ্ছিল ৬৮ মিনিটে। ফের গুয়েরোটাক্সিনার শটে গোলে ঢুকলেও বাতিল হয়ে যায় বল জয়েশ রানের হাতে লাগায়।

এদিন প্রথম একাদশে মোট ছয়জনকে পরিবর্তন করেন কার্লোস কোয়াদ্রাত। এতেই সম্ভবত প্রতিপক্ষ সাহস দেখায় আক্রমণাত্মক খেলার। কার্ড সমস্যায় ক্লেইটন সিলভার না থাকা প্রতিটি মুহূর্ত অনুভব করেছেন তাঁর সতীর্থরা। মাত্র দুজন বিদেশি নিয়ে শুরু করতে হয় কোয়াদ্রাতকে। কারণ লুকাস পার্দোও এদিন চোটের জন্য খেলতে পারেননি। ভিক্টর ভাস্কুয়েজ নামলেন ৬০ মিনিটে। একবার দুর্দান্ত পাস বাড়ানো ছাড়া নজরেই এলেন না। নন্দকুমার শেখরকে শুরুতে কেন কোয়াদ্রাত নামাননি সেটা বোঝা গেল। ৭৪ মিনিটে পিভি বিষ্ণুর একটা ক্রস ধরার সময়ে তিনি দুইবার ফসকালেন। চাপের মুখে কোয়াদ্রাত এদিন দিশেহারা হয়ে পড়েন বলেই ম্যাচের মাঝে বারবার ডিফেন্সে বদল এনেছেন। বোঝা যাচ্ছিল না যে তিনি গোল চান নাকি বাঁচাতে।

সুপার কাপে ছয় বিদেশি খেলানোয় কোয়াদ্রাত ট্রফি জিততে পেরেছিলেন। আইএসএলে ভারতীয় ফুটবলারদের সংখ্যা বাড়তেই কোয়াদ্রাত কিন্তু সমস্যায় পড়েছেন। ম্যাচের পর তিনি সেকথা প্রায় স্বীকারও করে নেন। কোয়াদ্রাত বলেছেন, 'সুপার কাপে আমরা ছয়জন বিদেশিকে খেলানোর সুযোগ পেয়েছি। এখানে নিয়ম আলাদা। এখন আমাদের এই নিয়ে আরও কাজ করতে হবে। সেই লক্ষ্যে আমরা দুই বছরের পরিকল্পনা হাতে নিয়েছি।'

এদিন নাওরেম মহেশ সিং ও পরে নামা চুঙ্গনুঙ্গা হলুদ কার্ড দেখায়, দুজনেই নেই হায়দরাবাদ এফসি-র বিরুদ্ধে। সমর্থকরা অবশ্য মনে করছেন, দুর্বল হায়দরাবাদের বিরুদ্ধে কার্ডের গেরো কাটিয়ে ওঠাটা শাপে বর। ওই ম্যাচে ফিরছেন ক্লেইটন। আর লাল-হলুদের সিলভার লাইন এখন এই সিলভাই।

**ইস্টবেঙ্গল ঃ গিল, নীশু (রাকিপ), হিজাজি, গুরসিমরত (ভাস্কুয়েজ), এডউইন (নুঙ্গা), সুহের (বিষ্ণু), সৌভিক, অজয় (নন্দকুমার), মন্দার, মহেশ ও ফেলিসিও।**

# প্রয়াত ভারতের প্রবীণতম ক্রিকেটার

**বরোদা, ১৩ ফেব্রুয়ারি** : প্রয়াত ভারতের প্রবীণতম টেস্ট ক্রিকেটার দত্তাজিরাও গায়কোয়াড়। মৃত্যুকালে বয়স হয়েছিল ৯৫ বছর। বয়সজনিত অসুখে ভুগছিলেন বেশ কিছুদিন ধরেই। মঙ্গলবার সকালে শেষনিঃশ্বাস ত্যাগ করেন।

বরোদার হয়ে দীর্ঘদিন প্রথম শ্রেণির ক্রিকেট খেলেছেন। ১১টি টেস্টেও (১৯৫২-১৯৬১) প্রতিনিধিত্ব করেন ভারতের হয়ে। এরমধ্যে চারটি টেস্টে জাতীয় দলকে নেতৃত্বও দেন দত্তাজিরাও। অবসরের পর নতুন নতুন প্রতিভা তুলে আনার কাজে নিজেকে নিয়োজিত



দত্তাজিরাও গায়কোয়াড়

করেন। দত্তাজিরাও গায়কোয়াড়ের কৃতী সন্তান অংশুমান গায়কোয়াড় ৪০টি টেস্ট খেলছেন। শোকবার্তায় ইরফান পাঠান বলেছেন, 'স্যারের জন্য অনেক তারকা উঠে এসেছে। মোতিবাগ ক্রিকেট মাঠে বট গাছের নীচে নীল মারুতি গাড়ি নিয়ে দাঁড়িয়ে থাকতেন প্রতিভার সন্ধানে। ওঁর মৃত্যুতে বড় ক্ষতি ক্রিকেট জগতের।' দত্তাজিরাওয়ের মৃত্যুতে প্রবীণতম জীবিত ভারতীয় ক্রিকেটার এখন চেন্নাইয়ের চিনগ্লেপুট গোপীনাথ (৯৩ বছর ৩৪৯ দিন)।




# বিদেশিদের নিয়ে সমস্যায় পাক লিগ

**লাহোর, ১৩ ফেব্রুয়ারি** : চুক্তিবদ্ধ হলেও একে একে তাবড় বিদেশি ক্রিকেটাররা পাকিস্তান সুপার লিগ (পিএসএল) থেকে নাম তুলে নিচ্ছেন। তালিকায় ইতিমধ্যেই শাই হোপ, তাবরেইজ শামসি, লুঙ্গি এনগিডিরা আছেন। প্রতিযোগিতার আকর্ষণের কেন্দ্র যাঁরা, তাঁরা শেষমুহূর্তে একে একে নাম তুলে নেওয়ায় সমস্যায় পড়েছেন আয়োজকরা।

এই পরিস্থিতির জন্য লিগের সূচিকে দায়ী করছেন একাংশ। ১৭ ফেব্রুয়ারি লাহোরে লিগের উদ্বোধন হওয়ার কথা। সেদিনই দুবাইতে চলা আন্তর্জাতিক টি২০ লিগের ফাইনাল। আবার বাংলাদেশে চলা টি২০ লিগের ফাইনাল ১ মার্চ। অনেকেই অন্য দেশের লিগকে গুরুত্ব দিয়ে পাক লিগ থেকে সরে দাঁড়াচ্ছেন। পিএসএলের এক ফ্র্যাঞ্চাইজির কর্ণধার বলেছেন, 'দক্ষিণ আফ্রিকার লিগ সদ্য শেষ হয়েছে। যেদিন আমাদের লিগ শুরু হবে সেদিন আবার দুবাইয়ে চলা লিগের ফাইনাল। তাই বিদেশি খেলোয়াড়দের সই করাতে সমস্যা হচ্ছে। এই সময়ে আন্তর্জাতিক ক্রিকেটে একাধিক সিরিজ চলছে বা শুরু হতে চলেছে। ফলে লিগ আয়োজনের সঠিক সময় নিয়ে আয়োজকদের ভাবতে হবে। নাহলে পিএসএল তার জৌলুস হারাবে।'

> দক্ষিণ আফ্রিকার লিগ সদ্য শেষ হয়েছে। যেদিন আমাদের লিগ শুরু হবে সেদিন আবার দুবাইয়ে চলা লিগের ফাইনাল। তাই বিদেশি খেলোয়াড়দের সই করাতে সমস্যা হচ্ছে। পাশাপাশি এই সময়ে আন্তর্জাতিক ক্রিকেটে একাধিক সিরিজ চলছে বা শুরু হতে চলেছে। ফলে লিগ আয়োজনের সঠিক সময় নিয়ে আয়োজকদের ভাবতে হবে।
>
> **পিএসএলের এক ফ্র্যাঞ্চাইজির কর্ণধার**

# ইতালীয় প্রতিপক্ষ থাকায় আজ আত্মবিশ্বাসী বায়ার্ন

**রোম, ১৩ ফেব্রুয়ারি** : চলতি বুন্দেশলিগায় টেবিল টপার বেয়ার লেভারকুসেনের থেকে পাঁচ পয়েন্টে পিছিয়ে রয়েছে তারা। সেই হতাশা ঝেড়ে আগামীকাল চ্যাম্পিয়ন্স লিগের প্রি-কোয়ার্টার ফাইনালে প্রথম লেগে নামছে বায়ার্ন মিউনিখ। তাদের প্রতিপক্ষ লাজিও। ইতালীয় প্রতিপক্ষের বিরুদ্ধে অতীত সাফল্য আত্মবিশ্বাস জোগাচ্ছে বায়ার্ন শিবিরকে।

চ্যাম্পিয়ন্স লিগে ইতালির ক্লাবের বিরুদ্ধে একডজন ম্যাচে অপরাজিত রয়েছে বায়ার্ন। সঙ্গে ইউরোপের সেরা ক্লাব টুর্নামেন্টে বায়ার্ন গত ১২ বারের মধ্যে মাত্র একবার শেষ ষোলো থেকে কোয়ার্টার ফাইনালে উঠতে ব্যর্থ হয়েছে। বুধবার অ্যাওয়ে ম্যাচে নামার আগে এহেন পরিসংখ্যান চাপে থাকা বায়ার্ন কোচ টমাস টুচেলকে কিছুটা হলেও স্বস্তি দেবে। কিন্তু সমস্যাও রয়েছে বায়ার্ন শিবিরে। দলের প্রধান স্ট্রাইকার হ্যারি কেন হঠাৎ করেই গোলস্কোরিং বুটটা হারিয়ে ফেলেছেন। যার প্রভাব পড়েছে দলের পারফরমেন্সে। সঙ্গে রয়েছে একগাদা চোট-আঘাত। এসব সামলে কেন, টমাস মুলাররা লাজিও চ্যালেঞ্জ অতিক্রম করতে পারেন কি না সেটাই দেখার।

অন্যদিকে, স্প্যানিশ ক্লাব রিয়াল সোসিয়েদাদের মুখোমুখি হচ্ছে প্যারিস সাঁ জাঁ। চলতি চ্যাম্পিয়ন্স লিগে মারণ গ্রুপ থেকে কিলিয়ান এমবাপেরা প্রি-কোয়ার্টার ফাইনালে উঠেছেন। কিন্তু গ্রুপে শেষ তিনটি ম্যাচে জয় অধরা রয়েছে পিএসজি-র। শুধু তাই নয়, গত দুইবার প্রি-কোয়ার্টার ফাইনাল থেকেই ছিটকে গিয়েছিলেন এমবাপেরা। আগামীকাল ঘরের মাঠে প্রথম লেগে নামার আগে যা নিশ্চিতভাবে মাথায় থাকবে পিএসজি-র।

**চ্যাম্পিয়ন্স লিগে**

**প্যারিস সাঁ জাঁ** বনাম **রিয়াল সোসিয়েদাদ**

**লাজিও** বনাম **বায়ার্ন মিউনিখ**

**সময়** : রাত ১.৩০ মিনিট

**সম্প্রচার** : সোনি টেন নেটওয়ার্ক



অনুশীলনে বায়ার্ন মিউনিখের হ্যারি কেন। মঙ্গলবার।




বিজ্ঞাপন

**ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন মালদা-এর এক বাসিন্দা**



পশ্চিমবঙ্গ, মালদা - এর একজন বাসিন্দা বাবলু চৌধুরী - কে 08.12.2023 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 81J 97004 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতা-এ অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তাঁর বিজয়ী টিকিট জমা দিয়েছেন। বিজয়ী বললেন "ডিয়ার লটারি থেকে এক কোটি টাকার প্রথম পুরস্কার জিতে আমি খুবই আনন্দিত বোধ করছি। আমি অল্প কিছু টাকা খরচ করে ডিয়ার লটারির টিকিট কিনেছিলাম। আমার কেনা ডিয়ার লটারির টিকিটটি থেকে আমি এক কোটি টাকা জিতেছি। এই অনন্য সুযোগটি আমার মতো মধ্যবিত্ত শ্রেণীর মানুষদের জন্য খুবই আনন্দের। এই বিশাল পরিমাণ পুরস্কারের অর্থ আমাকে আমার সমস্ত স্বপ্ন পূরণ করতে সাহায্য করবে।"

# রাজস্থানকে পঞ্চবাণ এডিদের

**মহমেডান স্পোর্টিং ক্লাব-৫**
**(এডি হ্যাটট্রিক, রেমসাঙ্গা, কাশিমভ)**
**রাজস্থান ইউনাইটেড এফসি-১**
**(উইলিয়াম)**

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ ফেব্রুয়ারি** : অবশেষে জয়ের দেখা পেল মহমেডান স্পোর্টিং ক্লাব। উইন্টার ব্রেকের পর প্রত্যাশিত ছন্দে পাওয়া যায়নি সাদা-কালো ব্রিগেডকে। তার ওপর গত ম্যাচে দর্শক হাঙ্গামার জন্য এদিন দর্শকশূন্য মাঠে খেলতে হয়েছে ডেভিড লালহালানসাঙ্গাদের। কিন্তু এদিন নৈহাটি স্টেডিয়ামে রাজস্থান ইউনাইটেড এফসি-কে ৫-১ গোলে হারিয়ে আই লিগ খেতাবের দিকে আরও একধাপ এগিয়ে গেল শতাব্দী প্রাচীন ক্লাবটি। এদিন গোলের মালা পরাতে পারত মহমেডান। কিন্তু স্ট্রাইকারদের ব্যর্থতায় তা হয়নি। গত দুই ম্যাচে এডি হার্নান্ডেজের পারফরমেন্স নিয়ে প্রশ্ন উঠেছিল। এদিন হ্যাটট্রিক করে সব সমালোচনার জবাব দিলেন তিনি।

২০ মিনিটে গোলের খাতা খোলে মহমেডান। রেমসাঙ্গার শট রাজস্থান দুর্গপ্রহরী ভাবিন্দার প্রতিহত করলে ফিরতি বলে গোল করে যান তিনি। ২৭ মিনিটে বিকাশের থ্রু পাস থেকে ফিনিশ করেন এডি। পরের মিনিটেই চুঙ্গার পাস থেকে জুইডিকাকে গতিতে পরাস্ত করে গোল করে যান রাজস্থানের স্ট্রাইকার উইলিয়াম। ৪২ মিনিটে বিকাশের ক্রস থেকে ফিনিশ করেন এডি। ৬৩ মিনিটে ডেভিডকে বক্সে ফাউল করলে পেনাল্টি পায় মহমেডান। পেনাল্টি থেকে গোল করতে কোনও ভুল করেননি মিরজালোল কাশিমভ। তবে এই গোলটির পরেও নিষ্প্রভ ডেভিডকে তুলে আঙ্গুসানাকে মাঠে নামায় মহমেডান। ৮৮ মিনিটে রাজস্থানের কফিনে শেষ পেরেকটি পোঁতেন এডি হার্নান্ডেজ। ম্যাচ জিতলেও সাদা-কালো রক্ষণকে নিয়ে প্রশ্ন থেকেই গেল। এদিন অবশ্য দ্বিতীয়ার্ধে শুরুতে মিনিট পাঁচেকের জন্য একটি বাতিস্তম্ভের আলো নিভে গিয়েছিল। কিন্তু রেফারি তাতেও খেলা চালিয়ে গিয়েছেন। এদিন জয়ের ফলে মহমেডান ১৪ ম্যাচে ৩১ পয়েন্ট নিয়ে লিগশীর্ষে রইল।



হ্যাটট্রিকের পর মহমেডান স্পোর্টিং ক্লাবের এডি হার্নান্ডেজ। মঙ্গলবার।

# ললিত, শ্রীনি আগ্রহী 'হান্ড্রেডে'

**লন্ডন, ১৩ ফেব্রুয়ারি** : ইংল্যান্ডের 'দ্য হান্ড্রেড' ক্রিকেটের সঙ্গে যুক্ত হতে আগ্রহী ললিত মোদি, এন শ্রীনিবাসন। ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি) লিগে বেসরকারি বিনিয়োগের কথা ভাবছে। ফলে বিভিন্ন সংস্থা, ব্যক্তির সামনে দরজা খুলে যাবে দ্য হান্ড্রেডে যুক্ত হওয়ার। আইপিএলের মাস্টারমাইন্ড ললিত মোদি, চেন্নাই সুপার কিংসের মালিক এন শ্রীনিবাসন আগ্রহী ইসিবি'র যে লিগে যুক্ত হতে। ২০২৫ থেকে নতুন রূপে আসতে চলেছে একশো বলের টুর্নামেন্ট। কাউন্টি দলগুলির সঙ্গে ইসিবির কথাবার্তা চলছে। ১৮টি কাউন্টির মধ্যে দরকার ১২টি দলের সমর্থন। খবর, ১০টি কাউন্টি তাদের সম্মতি জানিয়েছে। আরও দুটি সমর্থন পেলে বদলে যাবে 'দ্য হান্ড্রেড'।




**সম্পাদক : সব্যসাচী তালুকদার।** স্বত্বাধিকারী : **মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী** কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি– ৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী– ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা–৭০০০০১, ফোন : ০৩৩–২২১০১২০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানামোড়, জলপাইগুড়ি– ৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড, কোচবিহার– ৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার–৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযুপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা– ৭৩২১০১, ফোন : ০৩৫১২–২২১৬৯৩ (সংবাদ), ৯৮০০৫৮৫৯৫০ (বিজ্ঞাপন ও অফিস)। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭। Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com Website : http://www.uttarbangasambad.in